আট-আমা-সংস্করণ-গ্রন্থমালার পঞ্চর্তারিংশ গ্রন্থ

দ্বিতীয় পক্ষ

ডাঃ শ্রীনরেশচন্দ্র সেন গুপ্ত, এম-এ, ভি-এল,

পৌৰ-->৩২৬







ভূসিকা

সমাজের বা সাহিত্যের কোনও গুরুতর অভাব দূর করিবার জন্ত আমার এ প্রয়াদ নয়। যশের জগতে একটা মৌংদী স্বত্ব প্রতিষ্ঠা করার ছবাশাও আমি রাথি না।

্ অবসর স্মরে এই গরগুলি লিখিয়া আমি আনোন উপভোগ করিয়াছি। অপর পাঠকও ইহাতে ক্ষণিক আনন্দ লাভ করিতে পারেন এই অশার ইহা প্রকাশ করিলাম। এ আশা অমূলক বলিয়া ছরাশা হইতে পারে, কিন্তু আশা করি ছট আশা বালয়।

গ্রন্থ কার i

দ্বিতীয় পক

2

রামবাবু সদরালা; তাঁর পূরা নাম রামসর্বস্থ চক্রবর্ত্তী। আদাগতের কাগজ-পত্ত সহী করিতে-করিতে যথন তাঁর হাত অবশ
হইয়া আস্থিত, তথন অনেক সময় তিনি, নাম ও উপাধি
নির্বাচন বিরয়ে পিতামাতার অপরিণামদশিতার কথা শ্মরণ
করিয়া, আফ্রেশায় করিতেন।

তাঁহার স্ত্রী নয়নতারা দ্বিতীয় পক্ষ, তবে বেশ পাকা—পুরাতন দ্বিতীয় পক্ষ। তাঁহার গর্ভের সন্তান এখন বি-এল্ পাশ করিয়া মুসেফীর উমেদারী করিতেছে। প্রথম পক্ষের একমাত্র ওয়ারিশ কন্তা ঘরণী-গৃহিণী রায় বাহাছর ডেপ্টীর পত্নী। স্থতরাং নিক্কের দ্বে নয়নতারাকে দ্বিতীয় পক্ষ সাব্যস্ত করিবার কোনও আইন-সন্ধৃত প্রমাণই বর্ত্তমান ছিল না।

রামবাবু সদরালা; কর্মাদোষে এবং সহচরগুণে নিজাস্তই চিনাবী হইবার ঠাহার ইচ্ছা। কিন্তু নয়নতারা বেথুন স্থলে পড়া মেয়ে; তায় বিভীর শক্ষ। কাজেই সে ইচ্ছা কার্য্যে পরিণত করার াৰতীয় **পক্ষ**

স্থাগে রামবাবুর বড় ঘটিয়া উঠে নাই। তাঁহার বাড়ীঘর বেশ গোছান, আসবাবও হ'চার খান বেশ আছে। তিনি স্ত্রী-প্রসাধিত হইয়া যখন আদালতে যাইতেন, তখন তাঁহার পালিশ-করা সামিজ, কলার এবং চোত্ত পোষাক দেখিয়া লোকে হালী ডেপুটা বলিয়া অম করিত, সদরালা তো ভাবিতই না।

রামবাবুর মেয়ে রমা;—রামবাবু নামকরণ বিষয়ে প্রীর পদিবেচনার সম্পূর্ণ অন্থমোদন করিতেন—স্থ্রমা, 'স্কারী' 'অস্কারী'
কিছুই নহে। রমাদেবী ঢাকার ইডেন হাইস্কলে পড়ে, এবার
মাট্রিক্লেশন দিবে। নয়নভারা মেম সাহেব এবং উরভ আক্
মহিলাদের অভ্যন্ত প্রদার চক্ষে দেখিতেন এবং জির হাদয়ের
যত অপূর্ণ সাধ ভাহা মেয়েকে দিয়া পূর্ণ করিতে চেষ্টা করিতেন।
রমা স্থানর ইংরাজী বলে, পিয়ানো বাজায়, চমৎকার ছবি আঁকে;
এ ছাড়া সে পড়া-শুনায়ও পুর ভাল। ভাহার ক্রভিন্থে নয়নভারা
নিজেকে পুর ক্রতী মনে করিতেন।

মেরের বিবাহের অন্ত পিতামাতা অপেকা আত্মীয়-বন্ধুবান্ধবের আগ্রহ অত্যন্ত কেনী হইরা উঠিয়াছে। নানা স্থান হইতে কুটুখিনীরা নানারকম ভালমন্দ পাত্রের সন্ধান দিতেছেন। পিতামাতা গু'লনেই কোঁনও পাত্রকেই ঠিক পছন্দ করিরা উঠিতে পারেন নাই। একটি ছেলে অক্তান্ত বিৰয়ে অনেকটা পছন্দ হইরাছিল; কিন্তু ভার নাম ভববিভৃতি, উপাধি মন্ত্র্মার। রামসর্ক্ত্ম নিজের নামের বোঝা

্ম্বরণ করিয়া এ পাত্রটিকে একেবারে মন হইতে বর্থাস্ত করিয়াছিলেন।

ভববিভূতির আর একটা গুরুতর দোব ছিল, যেটার জ্ঞানরনতারার আপত্তি ছিল; সে আপত্তির কথা কিন্তু বলিবার উপায়° ছিল না,—সে বিপত্নীক। বিবাহের ছই বৎসর পরে তাহার পূত্রী-বিরোগ ঘটিয়াছে, কিন্তু তাহার মধ্যেই গুণবতী স্ত্রী একটি ক্ঞারত্ন রাথিয়া গিয়াছেন;—মেয়েট মাতুলালয়ে প্রতিপালিত হইতেছে।

ভববিভূতি সরকারী ডাজার—বয়স বছর ত্রিশেক। দিবা অপুরুষ, পৈঞ্জিক হ'পয়সাও বেশ আছে। রামবাবু সকাল-বেলায় বাজার করিয়া ফিরিতেছেন,—অপবাদ সবেও তিনি এ কাজ নিজেই করিতেন—পথে দেখিলেন, তাঁহার পাশের বাড়ী, যেটা থালি পড়িয়াছিল, ধোয়া হইতেছে। তিনি থামিয়া জিজ্ঞাসা করিলেন, "এ বাড়ীতে কে এল ?" বাড়ীর একটি লোক উত্তর করিল, "হাঁদপাতালের নৃতন ডাক্ডারবাবু।" "কি নাম তাঁর ?" "ভববিভৃতি বাবু।" "ভববিভৃতি। মজুমদার ?" "আজে হাঁ।"

রামবার থমকিয়া দাঁড়াইলেন। মনে মনে বৃদিলেন, "প্রজা-পতির নির্ব্বর !" তাড়াভাড়ি ঘরে ফিরিলেন; মোটের উপর তাঁর রক্তের গতি একটু বাড়িয়াই গিয়াছিল—কেন না নামটা মন্দ হইলেও ভববিভৃতি পাত্র ভাল।

গিন্নীকে বলিলেন, "দেখ প্রজাপতির নির্বন্ধ। ভববিভূতি ছোঁড়া বদলি হ'রে এই ঢাকায়ই এয়েছে; আর নিবি তো নে,—পাশের বাড়ীটাই ভাড়া নিয়েছে।"

গিল্লী বলিলেন, "ভাই না কি ? তা' বেশ, মন্দ কি ?" কিছ মনের ভিতর তাঁর মোটেই ভাল লাগিতেছিল না। তাঁর সমস্ত জীবনটা তিনি নিজেকে একটা অম্লা সম্পদে বঞ্চিত মনে ক্রিতেন। তাঁহার প্রতি স্বামীর ক্ষেত্র ক্রটি ছিল না। তবু, কি জানি কেন, তাঁর মনে একটা দারুণ অঁভাব থাকিরা গিয়াছিল। তাঁহার বিবাহ হইরাছিল অর বয়সে—রামন্ব্য বাবুর তথন ৩৬ বছর বয়স। যৌবন আসিতে-আসিতে তাঁহার চল্লিশ পার হইরা গিয়াছিল—আর মুন্সেফী জীবনে চল্লিশ বছরকে 'ঠিক যৌবনের অবস্থা বলা চলে না। রামস্ব্যব্যব্ অবশু নূজন বৌ লইয়া মাতামাতি কম করেন নাই; কিন্তু কি জানি কেন, তাঁহার মাতামাতিতে নয়নতারার মনটা তাতাইয়া উঠে নাই। তিনি মোটের উপর স্থাবই ছিলেন—বিশেষ কোনও অভাবও অমুভব করেছিনাই, কিন্তু আমিপ্রেমে পাগল হইতে পারেন নাই।

যথন যৌদীর অতীত হইয়া গেল, তথন একদিন নয়নতারা প্রাণের ভিতর একটু তাপ অমুভব করিলেন—দে আনেক কথা। কিন্তু তথন তিনি গতবৌবনা, হৃদয়ের উত্তাপ কেবল একটি দীর্ঘাদে উপিয়া গেল। সেই অবধি তিনি তাঁহার বঞ্চিত যৌবনের অমুশোচনায় প্রাণের কোণে একটা ধিকার জাগাইয়া রাধিয়াছিলেন। তাঁহার হাত্ময় প্রস্কুল জীবনের ভিতর এই হডাশা অন্তঃগলিলা ফ্রুর মত প্রবাহিত হইতেছিল।

একমাত্র আদরিণী মেরেকে জীবনের বার্থতার হাতে বিস্ক্রিন দিতে তাঁ'র মন সরিতেছিল না। তবে নয়নতারার বয়স হইয়াছে, বিষয়বুদ্ধি প্রেপিটিন রীতিমত পাকিয়া উঠিয়াছেন। তিনি বুঝিয়াছেন যে, নিছুক প্রেমের হাওয়া থাইয়া প্রাণও বাঁচে না, বেশ স্থায়ী

ঘিতীয় পক

রকমের স্থ-স্ফ্লিতাও হয় না। তাই কেবল প্রেমের থাতিরে এমন স্বামিলাভের স্বাসীন সৌভাগ্য হইতে ক্সাকে বঞ্চিত রাখিতেও তাঁহার বাখ-বাধ ঠেকিতে। তাই তিনি যথন বৈলিলেন, "বেশ, মল কি ?" তথন তাঁ'র মনের তলায় সঙ্গে-সঙ্গে ধ্বনিত হইল. "মল নয় কি ?"

ভববিভৃতি পাড়া জমাইয়া বদিল। এমন এক-একজন লোক আছে, যারা আদে-যায়, তাতে কারো কিছু আদে-যায় না ৷ ভববিভৃতি সে দরের লোক নয়। সে যেথানে যায়, সেথানে স্বাই প্রসন্নভাবে তা'র আগমন 🖜 ভব করে। যেমন সূর্য্য যথন দেখা দেন, তথন অত্যস্ত মরা যে গাছপালা, তারও অঙ্গে যেন একটা পুলকের ঢেও বহিয়া যায়, সে পুলক যেন শুধ চোখে দেখা যায়। ভববিভৃতির জাঁকজমক না ছিল, তা নয়; তার গাড়ী-ঘোড়া, আসবাব, চার্কল্ববাকর সবই একটু সাধারণের চেয়ে বড় রকমের ; কিন্ত সে জাঁকজমক কারো চোখে লাগিত না, স্বাই সেটাকে নিতান্ত সহজভাবে গ্রহণ করিত। চোখে লাগিত কেবল মারুষটি। কোন-কোনও মাহুষের ভিতর এমন একটা বৈহাতিক শক্তি আছে, যাতে তা'বা সকলকে কাছে টানিয়া আনে, মরা প্রাণে সাড়া বাহির করে, আর পঁবাইকে ডিঙ্গাইয়া নিজের মাথা খাড়া করিয়া থাকে। ভববিভৃতি সেই বকষের লোক।

আরদিনের মধোই তা'র বেশ পদার জমিয়া উঠিল। কিন্তু তার চেরে বেশী জমিল তা'র বাড়ীতে আড্ডা। সন্ধার পর হইতে তা'র সুবেদরের সময়,—তথন বাড়ী বন্ধ্বান্ধবের হাস্তে সুধরিত থাকিকু। চামের পেরালার ঠুন্ ঠুন্, পাশার হড়হড়ানি, আর

দ্বিতীয় পক

ভাদের চট্পট্ শক্ষ শাক্ত মৃত পাড়াটার ভিতর একটা জীবনের চেউ থেলাইয়া দিত। কিন্তু সব চেয়ে উচ্ দরের ছিল আলাপ। সাহিত্য, দর্শন, বিজ্ঞান, রাজনীতি প্রভৃতি বিষয়ের খুব উচ্চ অক্ষের আকাচনা হইত ভববিভৃতির মজলিদে; আর তা'র প্রধান বজ্ঞাছিল ভববিভৃতি। যেই যাহা বকুক বা বলুক, প্রত্যেক বিষয়েই ভববিভৃতির কথা না শুনিয়া কাহারও উল্লেয় ছিল না। আর তার কথার সর্বলাই এমন একটা দৃঢ়তা ও স্পইতা থাকিত, এমন তার কমতা ছিল সব বিষয়ে নৃত্ন কিছু জোর করিয়া বলিবার যে, যে শুনিত, তাহাকেই মনে-মনে নিজের থর্বতা অমুভব কণিতে হইত, তা সে তার মত খীকার করুক বা নাই করুক।

পাশের ঘরে তাস চলিতেছে। এ ঘরে বসিয়া ভববিভৃতি অন্তমনক হইয়া পিয়ানোর উপর হালাভাবে অঙ্গুলি চালাইতেছে। ইংরেজীর প্রফেসার যোগেনবাবু ও দর্শনের প্রফেসার অমৃতবাবু রবিবাবুর "বরে-বাইরে" কইয়া ঘোর তর্ক লাগাইয়াছেন। যোগেশ বাবুর মত যে, "ঘরে-বাইরে" উপন্তাস হিসাবে কিছু নয়, কিছ "fine literature"—বেশ সরল সাহিত্য। অমৃতবাবু বলেন, যেটা যা'হতে চায় সেটা যদি তা'না হয়, তবে সেটাকে একটা ভাল জিনিস বলে গ্রাহ্থ করা চলে না। খানিকক্ষণ তর্ক চলিবার পর ভববিভৃতি পিয়ানো হইতে ঘুরিয়া বদিয়া বলিল, "দেং অমৃত, ভোমাদের কথা ভনে হাসি পায়। একজন বড় পণ্ডিত বলেছেন

, '. যে**. প্রত্যেক ব্যবসায়ী সম্প্রদায়ের একটা-একটা লোক আছে**, যারা নিজ-নিজ ব্যবসার চারধারে একটা থুব বড় আর খুব গভীর থাদ গড়ে ফেলায়। তাই গড়া হ'লে তাদের আর সেই গঙাী পেরবার জো থাকে না। তোমাদের হয়েছে তাই। সাহিত্য বাবসায়ীদের Rhetoric, অনুকার প্রভৃতির নিয়ম হচ্ছে সেই প্রকাণ্ড খাদ। তোমরা যদি কাউকে দে থাদ ডিঙ্গাতে দেখ, তবে অন্থির হ'রে ওঠ, অচলায়তনের মহাপঞ্জের মত তোমরা তোমাদের তন্ত্র-মন্ত্র প্রায়শ্চিত্ত নিয়ে তার বিচার করতে বদো। কিন্তু যে প্রকৃত প্রতিভার অধি হারী, সে ভোমাদের শাসন মানবে কেন ? গড়বার জন্ম যাকে ভগায়ান পাঠিয়েছেন, সে কেবল পুতুল সাজিয়ে সম্ভষ্ট থাকবে কেন ? হোমার যথন ইলিয়ড় লিখেছিলেন, তথন কি তিনি নুতন জিনিস সৃষ্টি করেছিলেন, না তাঁর পূর্ববর্তী কোনও আরিষ্টট্লের অফুশাসনের সীমা স্বীকার করেছিলেন। স্ববি বাবুর সেই প্রতিভা আছে, যা'তে নৃতন গড়তে পারে। উপক্রাস বললে যদি ভোমার 'বাধি গতের জিনিসটিকেই বোঝ, জবে উপস্থাস তিনি গড়েন নি ঠিক,—গড়েছেন এমন একটা নৃত্তন জিনিস, যেটা তা'র চেইর ঢের উচু দরের। সেটা ভাল কি মুল, ৃতার বিচার করতে গেলে, তোমাদের চিরদিনের মাপকাটী ফে**লে** দিয়ে critic sm এর একটা থ্ব উচু ধাপে উঠতে হবে। আর্ট হিসাবে ব্রুনিস ভাল হয়েছে কি মন হয়েছে, সেটা বিচার করতে

দ্বিভীয় পক

হবে,—সমস্ত বাঁধা formula, সব নিয়মন্তম্ব পিছনে রেখে, কেবল-মাত্র আর্টের মূলস্ত্র দিয়ে দেণ্তে হবে। সাধারণ মাপকাঠী এ সব জিনিসের লাগাল পায় না।"

তর্ক চলিল। ক্রমে দেখা গেল, অমৃতবাবুর প্রধান আপত্তি "ঘরে-বাইরে"র মত বাইরের সামাজিক অপকারিতা লইরা। বিমলার মত কোন স্ত্রীলোকের মনের উপর ইহা ঠিক কি রকম প্রভাব বিস্তার করিবে, তা'র একটা বেশ সম্পূর্ণ হিসাব করিয়া অমৃতবাবু সাবাস্ত করিবেন বে, রবিবাবুর ঘাড়ে অনেক পাপ চিরদিন চাপিয়া রহিবে।

বোগেশ বলিলেন, "সমাজের মনের নামে জ্'নেক ঝুটা মাল চলিয়া যায়; কিন্ত ভূমি সমাজের ক'টা লোকের মনের ধবর রাঝ ? ভূমি যা ব'লছ, তা' হ'লে এই ধরতে হয় য়ে, সমাজের বোল আনা লোক গঞ্জমূর্থ, তা'রা ববিবাবুর গল্পের প্রতিপাত্মটা বুঝবে না, কেন না সেটা ক্লা; বুঝবে বেশ স্পষ্টভাবে সন্দীপের বক্ততা আর বিমলার চাঞ্চলা; আর অমানবদনে সব মেয়েছেলে পরকীয়া চর্চচা ক'রবে।"

্অমৃত বলিলেন, "সমাজের পনেরো আনো লোক যে মোটা বুদ্ধির, এ সম্বন্ধে সন্দেহ ৰাই।"

ভববিভূতি বলিলেন, "কিন্তু দেই মোটা বুদ্ধির দিকে-মঞ্চর রেখে যদি সবাই বই লিখতে বসে, তবে বিভালরের দিতীর ভাগ বর্ণপরিচয়ের চেয়ে উচ্ দরের সাহিত্য কারো কঁখনও লেখা উচিত হবে না। মিথাকথা কহা বড় দোষ, এই সহজ সতাটা যদি আর একটু ঘুরিয়ে বলেই পাপ হয়, তবে বালীকির আমল থেকে এ পর্যান্ত যত সাহিত্য রচনা হইয়ছে, সব অতল জলে বিসর্জ্জন ক'রতে হয়। তাই যদি হ'ত, আর সেই সনাতন কাল থেকে যদি ভোমার মত censorরা ব'সে এই রকম সাহিত্যের নাম কাটতে বসতেন, তবে আজ আমাদের ধর্ম ও নীতি Fen Commandmentsএর গঙী ছাড়িয়ে যেত কি না সন্দেহ।"

আবার তুলে তর্ক আরম্ভ হইল। "ঘরে-বাইরে"র নানা আঙ্গ, নানা দিক্ লইরা নানা সমালোচনার পর তর্কটা আসিরা পৌছিল বিমলা-চরিত্রের আভাবিকতার আলোচনার। অমৃত বলিলেন, "একজন সাধবী পতিব্রতা হিন্দু-রমণী যে হঠাৎ একটা লোকের মোহে পড়িরা একেবারে কাণ্ডজ্ঞানশৃন্ত হইরা পড়িল, ইহা একান্ত আয়ভাবিক। রবিবাবু, হিন্দু-সমাজের জিতর ধর্মের যে স্থা subconscious অমৃত্তি আছে, সেটা একেবারেই অগ্রাহ্য করেছেন।"

বোগেশবাৰু বলিলেন, "ধর্ম্মের এই অন্তঃসলিলা ধারার কথা শান্তি-নিচ্নেতনে রবিবাবুর লেখা পড়েই কি শেখ নি দাদা ?"

अमृ । कथाना ना, अ कथा वहामन थिएक है हान आगरह।

স্বামী বিবেকানন্দ এটা বেমন প্রকাশ করেছেন, তেমন কেউ করে নি।

যোগেশ। অস্ততঃ রবিবাবু যে দে কথা জানেন, তা'তে আর সন্দেহ নাই।

ষমৃত। তিনি জানেন, কি না জানেন, সে কথা সম্পূর্ণ

" অপ্রাসন্ধিক; আমি বলি তিনি এ জিনিসটার শক্তি যদি তাল
ক'রে ব্রতেন, তবে এমন অসম্ভব কথা কথনো লিখতে
বেতেন না।

ভববিভূতি বলিল, "কোন্টা সন্তব, কোন্টা 'নসন্তব, সেটা তো শাল্লের বা ধর্মের দোহাই দিয়ে হিসাব করা চংল না; তার একমাত্র প্রমাণ মানব-চরিত্রের জ্ঞান। আমরা হিন্দু ব'লে আমাদের কতকগুলা বিশেষত্ব আছে বটে, কিন্তু আমরা মায়ুষণ্ড বটে। আমাদের ভিতর হিন্দুত্বের চাইতে পুব বেশী প্রবল শক্তি আছে, তা' না স্বীকার ক'রে উপায় নাই। তা' ছাড়া এই যে চুষক-শক্তি, যাকে আমরা ভালবাদা বলি, সেটা তো আমাদের শিশু পিতৃগণের স্বভাবের উপর একটু improvement বই তোঃ নয়। রক্তের জোর ধর্মের জোরের চেয়ে পুব'বেশী।"

অমৃত। কিন্তু, ভূমি কি এই বলতে চাও যে, কোনও ।
মানুষেরই এটা সম্ভব ? রবিবাবু দাঁড় করাতে চানখয়, বিমলা ।
সত্যসত্যই নিধিলকে ভালবাসতো। ভার পক্ষে দলীপকে

দেখবামাত্রই একটা ভাবান্তর হওয়া, আর একদম ভালবাদার উন্টা-পান্টা হইয়া যাওয়া যদি সম্ভব হয়, তবে ভালবাদাটা কিছু নয় ব'লতে হয়।

ভব। তৃমি কাবোর চোথে মাহ্বকে দেখছো, মাহ্বের.
ভিভরকার অন্ত্ভির চোথে নয়। কাবোর পক্ষ অতি সোজা।
ভাতে সাবাস্ত করা হ'রেছে যে, একজন কেবল একজনকেই সভিঃ
ক'রে ভালবাসতে পারে;—অতএব যেখানে একজন ছেড়ে
হ'জন দেখবে, সেখানেই বলবে, এই দিতীরের প্রতি অনুরক্তি
ভালবাসা ক্র্যু, একটা শারীর ব্যাপার; অথচ জগতের আদি
থেকে মাহ্র্যু একাধিক লোককে ভালবাসছে। অগ্নিমিত্র ছই
স্ত্রীর পর আবার মালবিকাকে ভালবাসলেন, আর কবি অমানবদনে সেটাকে ভালবাসার জয় ব'লে কীর্ত্তন ক'রে গেলেন।
আর রোজই পুরুষেরা দিতীর পক্ষ বিবাহ ক'রছে। Shaw যে
বলেছেন Man is a polygamous animal দে কথা যে সভা,
ভা' অস্বীকার করবার উপায় নাই।

ষোগেশ এ কথার বাঁকিয়া দাঁড়াইল, সে বলিল, "এ কথা জীলোক সম্বন্ধে খাটে না।"

কথায় কথায় কথা "বরে-বাইরে" ছাড়াইরা দ্বিতীয় দার-পীরপ্রত্থ সম্বন্ধে তর্কে পর্যাবসিত হইল। ক্রমে কথা উঠিল রামসর্ব্যস্থবার্ তাঁহার দ্বিতীয় পক্ষকে ভালবাসেন কি না, এবং যদি বাসেন,

দ্বিভীয় প্ৰক

তবে প্রথম পক্ষকে ভালবাসিতেন কি না; এবং নয়নতারা রামবাবুকে ভালবাসিতে পারেন কি না। অমৃত ও যোগেশ এ সম্বন্ধে তুমূল তর্ক লাগাইয়া দিল।

ভববিভৃতি বলিল, "ভালবাসাটা মনের জিনিস। বাইরের লক্ষণ দেখে সেটার সম্বন্ধে যথন নি:সংশন্তে কিছুই বলা যার না, তথন এ নিয়ে তর্ক বৃথা। বাস্তবিক তাঁরা পরস্পরকে ভালবাসেন কি না, তা কেবল তাঁরাই বলতে পারেন। কিন্তু তাঁরাও জানেন কি না সন্দেহ, কারণ ভালবাসা ব্যাপারটা স্বামী স্ত্রীর পরস্পর নির্ভর ও সেবার ভিতর এমুর ক'রে মিশে যার যে, তা'র সমগ্র সম্পর্ক থেকে বিচ্ছিন্ন করে ভালবাসার বিচার করবার ক্ষমতা পুব উচ্চ অক্ষের স্ক্রম্পর্শিতা ছাড়া হয় না।"

এমন সমন্ন বাহিরে রামবাব্র আওরাজ তনা গেল। যোগেশ হাসিন্না বলিল, "Talk of the"— অমৃত বলিল, "সদরালা গিলীর এয়োস্ত্রীর জ্বোর আছে হে, বুড়ো এখনো কিছুদিন বাঁচবে।"

রানবাবু খুব ব্যস্তভাবে ঘরে চুকিয়া বলিলেন, "ডাক্তারবাবু, আনার স্ত্রী যেন কেমনধারা হ'য়ে গেছেন, একবার আস্তন।"

ভববিভৃতি তৎক্ষণাৎ সদরালার সঙ্গে চলিদা গেলেন। মজ্লিস চলিতে লাগিল।

নয়নতারার খুব বেশী জর হইরা হঠাৎ তিনি সজ্ঞান হইরা পড়িয়াছেন। তিন দিন হইল সমান জয়; আজ সংনাবেলায় •হঠাৎ বিকার হইয়া ক্রমে একেবারে অসাড় হইয়া৽পড়িয়াছেন।
ভববিভূতি আজ সকালে দেখিয়া টাইফয়েড সাবাত করিয়া ঔষধ
দিয়াছিল। এখন দেখিল, খুব খারাপ রকমের টাইফয়েড হইয়া
রোগিণীর coma হইয়াছে।

বরে চুকিয়াই রোগিণীর অবস্থা দেখিয়া দে শঞ্চিত হইয়া পড়িল। নয়নতারা স্থির-বজদৃষ্টি হইয়া বিছানার পড়িয়া আছেন, আর তাঁর শিয়রের কাছে সমস্ত পরিবার ব্যস্ত হইয়া বিরয়া দাঁড়াইয়াছে। তাঁহার মাথা কোলে করিয়া বিসয়া আছে সেবাপরায়ণা, অলফ্রম্বী রমা। তাঁহাকে দেখিয়া ভববিভৃতির প্রাণের ভিতর ছাঁবে করিয়া একটা আঘাত লাগিল। পর-মূহুর্ত্তেই তাঁহার বৈলিষ্ঠ মন সেটা ঝাড়িয়া ফেলিয়া রোগিণীর ভক্রামার নিযুক্ত হইল।

সমস্ত রাত্রি সে বিনিজ অবস্থায় রোগিণীর শ্ব্যাপার্ছে বিদিরা তাঁহার শুশ্রুষা করিল। রামবাবুও অন্ত সকলে তাহাকে বিশ্রাম করিতে অন্তরোধ করিলেন; সকল অন্তরোধ অবহেলা করিয়া ূসে রোগিণীর পরিচর্য্যা করিল।

পরদিন প্রত্যুবে সে রমাকে বিশেষ উপদেশ দিয়া বাড়ী গেল। বিপ্রহুবে হাঁদপাতাল হইতে ফিরিয়াই আবার আদিয়া বাদল। দেনিও সমস্করাতি শুশ্রবা চলিল।

রামবাবু বলিলেন, শভাক্তারবাবু, আপনি যা ক'রছেন, ভা

আমার ছেলেও ক'রতে পারতো না; কিন্তু আমি তো আমাদের জন্ম আপনার শরীর নষ্ট ক'রতে দিতে পারি না।" ভববিভূতি হাসিয়া বলিল, "আমাদের মেডিক্যাল কলেজে থেকে-থেকে দিনরাত্রি সমান হইয়া গেছে; আপনি চিস্তা ক'রবেন না। আপনার স্ত্রীর যে অবস্থা, এতে সর্বাদা খুব অভিজ্ঞ লোকের দৃষ্টি রাখা দরকার। এখানে শিক্ষিত নার্স ভাল নেই, কাজেই আমার এ কাজ ক'রডেই হবে। আমি তো আর রুগী মেরে ফেলে অপ্যশ কিনতে পারি না।" বলিয়া সে হাসিল।

রামবাবু শুনিরাছিলেন, এ অন্তুত ডাক্তারটার এমনি স্বভাব।
আরও হ'এক জারগার দে এমনি করিরাছে। তৃতীর দিনে
রামবাবুর বড় ছেলে আসিরা পৌছিল। দেদিন ভববিভৃতি
কিছুক্ষণ বিশ্রাম করিল। পরদিন জরের বেগ কমিরা আসিল,
বিকারটাও কাটিরা গেল। ভববিভৃতি বলিল, "এখন থুব সাবধান
থাকা দরকার: এই ভাব যদি চলে, তবে আর চিন্তা নাই।"

পঞ্চম দিনে জর ত্যাগ হইল, কিন্তু আরপর আবার অর জর হইয়া আরও সাতদিন ভোগের পর নয়নতারা নিরাময় হইলেন :

তাঁর অস্থের সময় এই স্কার ছেল্পেটির শুশ্রবায় একাগ্র-নিষ্ঠা দেখিয়া নয়নতারা মনের ভিতর কত কথার তোলাপাড়া; করিলেন। ভাবিলেন, এমন স্বামীর হাতে পড়া রমার সৌভাগ্য। স্বাবার তথনি মনে হইল "বিতীয় পক্ষ"; মনে হইল ্বার নিজের বঞ্জিত বৌবনের কথা। শেবে মনে স্থির করিলেন, ইহারই হাতে রমাকে ভূলিয়া দিবেন। ভাবিতে মন আবার কালিতে ভরিয়া উঠিল।

হিসাবী রামবাবু তথন ভাবিতে লাগিলেন, ভববিভূতির প্রণামীর কথা; শক্ষা হইল যে, বুঝি বা ডাক্তার-বিদার করিতে তাঁহার পাঁজরের হাড় বিক্রী হয়। ৫০০ টাকার নোট পকেটে করিয়া তিনি ভববিভূতির বাড়ী গেলেন; স্থির করিলেন, সামনা-সামনি দেওরাই ভাল, বেণী কিছু চাহিতে চকুলজ্জার ঠেকিবে।

২০০ ট্রাকার নোট হাতে করিয়া তিনি বলিলেন, "আপনি যা ক'রেছেন, তার দাম দি, এমন শক্তি আমার নেই। যদি অনুগ্রহ ক'রে এই ক'টা টাকা নেন, তো ক্নতার্থ—"

ভববিভ্তি হাসিয়া বুড়ার হাত চাপিয়া বলিলেন, "আরে রাম! বলেন কি রামবাবু!" নোটের তাড়া তৎক্ষণাৎ পকেটে শুঁজিয়া সে প্রাক্ত তুলিল না, রোগিণীর বিষয়ে নানা কথাবাস্তা কহিতে লাগিল। রামবাবু নিজেকে অতান্ত সম্ভূচিত বোধ করিলেন; একবার মনে হইল বাকী ৩০০ টাকার নোট ডাক্তারের পার ফেলিয়া দিয়া তাহাকৈ প্রণাম করেন। লজ্জার বাধিল; তাহা আর পারিলেন না। বরে ফিরিয়া কেবলি ভাবিতে লাগিলেন, "বেকুব, গৃগুমুর্থ আমি, মামুষ চিনিতে পারি নাই।"

কিছুদিন পরে ভববিভৃতির মাও বড়ভাই ভবরঞ্জন আসিয়া

দ্বিভীয় পক্ষ

পৌছিলেন। স্বামী-স্ত্রীতে পরামর্শ করিয়া অবশেষে রামবাব্ ভব-রঞ্জনের কাছে বিবাহের কথা পুনক্ষণাপন করাইলেন। বলিয়া পাঠাইলেন, "আমার মেয়ে বড়, সাজিয়ে গুজিয়ে দেখাতে আমি ইচ্ছা করি না, তবে তাঁরা যথন খুদী এসে তাকে দেখে যাবেন— শুধু মেয়ে যেন টের না পায়।"

একদিন ভবরঞ্জনের মা মেয়ে দেখিয়া গেলেন, ভবরঞ্জন আর একদিন আসিয়া রমার সঙ্গে আলাপ করিয়া গেলেন। আট-দশদিন পর ভবরঞ্জন কলিকাভায় চলিয়া গেলেন, বিবাহের কথা কিছু বলিয়া গেলেন না। পরেকদিন চলিয়া গেলে রামবাবু ছট্ফট্ করিতে লাগিলেন। ভববিভৃতির হাতে কস্থাদান করাটা তিনি স্থির করিয়া বিদরাছিলেন,—আর এটা মেয়ের পক্ষে পরম সোভাগ্য বিবেচনা করিতেছিলেন। তাঁর মেয়েকে যে ভববিভৃতি বিবাহ করিতে পাইলে আনন্দিত হইবে, সে বিষয়ে তাঁর বিল্মাত্র সন্দেহ ছিল না। যখন ভবরঞ্জনু মেয়ে দেখিয়া বেশ খুনী হইয়া তার সঙ্গে গল্লমল্ল করিয়া গেলেন, তখন তিনি কেবল মনে মনে বিবাহের খরচের হিসাব করিতে লাগিলেন; কাকে কাকে নিমন্ত্রণ করিবেন; কোন্ কোন্ ক্ট্ম আনাইবেন; কি রকম ঘটা করিবেন; এই সব ভাবিতে লাগিলেন। ঘটা করিবার বেশ একটু ইচ্ছা হইল, কিন্তু তখন মনে হইল যে ভববিভৃতির ঘিতীয় পক্ষ, সেহ তো বেশী ঘটা করিলে লক্ষ্মা পাইবে; কথাটায় তাঁয়ও মনে একটু ক্লেশ হইল।

কিন্তু যথন দশ বারো দিন চলিয়া গেল, আর যথন ভবরঞ্চন , কিছু না বলিয়াই চলিয়া গেলেন, তথন 'রামবাবু মহাগোলে পড়িলেন, বেশু ব্যস্ত হইয়া উঠিলেন। তবে কি এ বিবাহ হইবে না ?

নম্নতারা মনে-মনে সম্পূর্ণ উন্টা ছই রক্ষের চিন্তা লইয়া

দ্বিতীয় পক

হাবুড়ুব্ থাইভেছিলেন। মেরের সর্বাঙ্গীন সৌভাগ্যের কথা যথন মনের ভিতর আনন্দের চেউ তুলিয়া আসে, তথনি আবার উন্টা দিক্ হইতে বিতীয় পক্ষের কথাটা তাকে ধাকা দিয়া সমান করিয়া দেয়; এই রকম আলোছায়ার চেউরে তাঁর মন ভরিয়া উঠিয়াছিল, এ কয়দিন দেই চিস্তা ছাড়া তিনি আর কিছুই ভাবেন নাই।

নয়নতারা কুটনা কুটিতেছে, মেয়ে উপরে পড়িবার ঘরে পড়িতেছে, এমন সময় রামবাবু আসিয়া একটা মোড়া টানিয়া গিয়ীর সামনে বসিলেন। বিরলকেশ মন্তকে হাত বুলাইতে-বুলাইতে বলিলেন, "ওগো, ভবয়ঞ্জন তো চলে গেল কলকাভায়, কিছু ব'লে তো গেল না!"

গিন্নী একটা আলু দিখণ্ডিত করিতেছিলেন। ছই খণ্ড ছই হাতে ধরিয়া চক্ষ্ বিক্ষারিত করিয়া বলিলেন, "চলে গেল ? কিছু ব'লে গেল না ? কি অভন্ত !"

স্বামী-ব্রী কেছ যে সম্ভাবনাটার কলনাও করেন নাই, ও পক্ষ হইতে বিবাহে অমতের সেই সম্ভাবনাটা নয়নতারাকে এই প্রথম আঘাত করিল। এতক্ষণ তিনি যে মত এবং অমতের সম্ভিত্তল দাঁড়াইরা দোল থাইতেছিলেন, এর ধাকার তাঁহাকে ঠেলিয়া দেই স্থান হইতে সম্পূর্ণরূপে এ বিষরে সম্মতির ভিতর ফেলিয়া দিল। সঙ্গে-সঙ্গে মনে বড় অভিমান হইল। · রামবাবু ধীরে ধীরে বলিলেন, "অভন্ত কিলে বলি, হয় তো চকুলজ্জা। জান তো ওরাকি ভালমাহয়।"

"কিন্তু এটা ওরা অবশ্য জানে বে, এতে আমাদের কত বড় অপমান করা হ'বে।" "দেখ গিল্লী, আমাদের ঘা' থেরে মনেণ্ হচ্ছে তাই, কিন্তু তোমার ছেলের বিরের কথার তুমিও তো কত লোকের মেরে দেখেছ, কারু সঙ্গে তো এখনো শচীর বিরে হর নি! দশটা মেরে দেখে বিরে দিতে হ'লে ন'টাকে তো নাণছক্ষ ক'রতেই হ'বে।"

"কিন্ত হাপছন করে কি বলে ? হাজার হ'লেও দোজবরে ছেলে; ভা'র সঙ্গে আমার এ চাঁদের মত মেয়ে, লেখাপড়ার, কাজ-কর্ম্মে এমন মেয়ে দ্দিছি এই ঢের। এ যে বাপু ভা'দের আশ্চর্য্য দেমাক।"

"দেমাক্ কি বল ? দশটা দেখে যেটা পছল হ'বে সেইটি নেবে।
এর ভিতর দেমাক্ আসে না। আবর, হ'ক দোজবরে, তবু আমরা
যে আগ্রহ করে' দিতে যাছি এতেই তো বোঝা যাছে যে ছেলের
গুণ তার দোজবরে' দোবকে ঢের ছাপিরে উঠেছে।"

"তাতো বটেই—তা নইলে এ কথা তোলেই বা কে ? কিছ তব্ও বলি, এতটা করা ভাল হয় নি। তোমার বৃদ্ধিতেই তো এই নাহক ক্ষপমানটা হ'ল। তুমি যেন একেবারে থেপেই গোলে এই ছেলে ব'লে।"

ৰিতীয় পক্ষ

রাববাবু হাসিলেন, "থেপেছিলুম তো আমি একা নয় থেপী ?"
"নিশ্চয়; আমি তো বরাবরই ব'লেছি, একটু ভাল ক'রে ভেবেচিন্তে দেখ; খপ ক'রে কথাটা তুলে শেষে পস্তাতে না হয়।"
অনেকথানি সত্য। দোলায়মানচিত্তে নয়নতারা যথন আমীকে
বিবাহের প্রস্তাব করিবার কথার মত দিয়াছিলেন, তথন তাঁর
মনে এই রকম হইয়াছিল। কিন্তু এ কথা ঠিক নয় যে, তিনি
মুখ ফুটিয়া এ সন্দেহের কথা কথনো বলিয়াছিলেন।

রামবাবু বলিলেন, "যা'ক, সে দব কথা তুলে আর কি হ'বে।
বা' হ'বার হ'মেছে। কিন্তু ওদের মনের কথাটা ুকি একবার
কানা দরকার নয় ? তারা যে একেবারে অপছন্দই ক'রেছে,
তা'রই বা নিশ্চয়তা কি ? হয় তো বা আরও মেঁয়ে দেখতে বাকী
আছে; সে সব না দেখে একটা কোনও কথা ব'লতে চায় না।"

"ভোমার মাথা আর মুণ্ডু! এ তো স্পষ্টই বোঝা যাচ্ছে যে, এ মেয়েতে তাদের মন নেই। না হ'লে তবু হাতে রাধবার মত একটা কথা তো ব'লে বেতে পারতো।"

রামবাবুর মনে পড়িল, ভবরঞ্জন তার এক জেঠামহাশরের কথা একবার তুলিয়াছিল, বলিলেন "হর তো বা তার জেঠামহাশরের সজে পরামর্শ ক'রে মতামত জানাবে।" নয়নতারা মুথ বাঁকাইয়া বলিলেন, "হবে।" বলিয়া মূলতবী আলু-কাটা শেষ করিতে লাগিলেন। নয়নতারা বলিলেন, "আমি বাবু, আমার মেয়ের নিয়ে অমন ফিরি ক'রে বেড়াতে পারবো না। আমার মেয়ের বিয়ে না হয় না হ'বে, তাতে তো ওর জীবনটা মিথ্যে হ'য়ে যাবে না। পড়ছে পড়ক, ওই নিয়েই থাক।"

রামবাবুর মনের ভিতর সেকেলে ভাব ছিল, কিন্তু তিনি সে কথাটা বরাবরই চাপিয়া আসিয়াছিলেন, পাছে তাঁহার দিতীর পক্ষের স্ত্রীর কাছে কোনও মতে প্রাচীন সাব্যন্ত হইয়া পড়েন। তাই অশন-বসন, ধরণ ধারণ তাঁর সম্পূর্ণ আধুনিক; কিন্তু মেয়ে যে চিরকাল আইবড় থাকিবে, এ কল্পনাটা তাঁর কাছে কিছুতেই ভাল লাগিল না। অনেক কথাবার্ত্তার পর সাব্যন্ত হইল বে, আজ হপুর বেলায় নয়নতারা ডাক্তারের বাড়ী যাইবেন।

কিন্ত স্বামীকে কাছারীতে বিদার করিয়া দিরা স্বানাহার শেষ করিতে-করিতে হিপ্রহর অতীত হইরা গেল; তারপর জিনি সবে একথানা কোচের উপর শুইরা পড়িয়াছেন, এমন সময় মজুমদার-গৃহিণী আসিন্না উপস্থিত হইলেন।

"মেঘ না চাইতেই জল" দেখিয়া তাঁহার হৃদয় আশায়িত হৃইয়া উঠিল। তিনি একগাল হাসিয়া প্রতিবেশিনীকে সম্ভাষণ করিলেন। বিতীয় পক্ষ

ভববিভূতির মা অনেকক্ষণ বসিয়া গল্প-সল্ল করিলেন, কিও আসল কথা কিছুই হইল না। নয়নতারারও জিজ্ঞাসা করিতে কিয়া খুব পরোক্ষভাবেও কথাটা পাড়িতে বড় লজ্জা হইল। জগদখা ঠাকুরাণী চলিয়া গেলে নয়নতারা তাঁর কথাগুলি লইয়া তোলপাড় করিতে লাগিলেন। কয়েকটি কথা লইয়া তাঁহার যুক্তি-তর্কের স্রোভ প্রবাহিত হইতে লাগিল।

প্রথম কথা, গিন্নী বলিরাছিলেন যে, ছেলে তাঁকে রোজ রোজ এ বাড়ীতে এসে নরনতারার সঙ্গে আলাপ করিতে বলে। ইহা ভববিভূতির এ বিবাহে আগ্রহের পরিচারক।

দিতীর কথা, ভববিভূতির জননী মেরেদের বেশী লেখাপড়া শেখা অকর্ত্তব্য বলিয়া মত প্রকাশ করিয়াছিলেন । ইহাতে তাঁহার নিজের এ বিবাহে আপত্তির স্টক।

তৃতীয় কথা, বিবাহে দেওৱা-থোৱার কথা দছদ্ধে গৃহিণীর মত এই বে, টাকার ওজনে আক্কাল যে মেয়ের বিয়ে হয়, সেটা ভরানক অসকত; মেয়েটাই হ'ল আসল ঘিনিস, অথচ সেইটাই লোকে ভাল ক'রে দেখা ভূলে গেছে।

চতুর্থ কথা, মেয়েরের স্থলক্ষণ-অলক্ষণের কথা; এই উপলক্ষে মেরেনের বুট-পারে ঘট্ ঘট্ করিয়া মেমসাহেবদের মত লাফাইয়া চলার নিন্দা হইয়াছিল।

পঞ্চম কথা, ভববিভৃতির প্রথমা ন্তীর রান্নার স্থ্যাতি।

'বিতীয় পক

' ষষ্ঠ কথা, ছেলের- মুখ্যাতি। সে তার মায়ের কথার ওঠে-বদে।

এ কথাগুলি নম্নতারা একসঙ্গে করিয়া তার ভিতর হইতে অর্থ বাহির করিবার চেটা করিলেন। কিন্তু জগদখা যে ভাবে কথাগুলি বলিরাছিলেন, তাহাতে যে এগুলির এ র্বকম কোন অর্থ থাকিবেই, নিরপেক্ষ লোকে এ কথা হলপ করিয়া বলিতে পারে না। কথাগুলি একসঙ্গে বলা হয় নাই, এক-এক কথার প্রসক্তমে এক-এক কথা উঠিয়া পড়িয়াছিল। নয়নভারা কিন্তু সাবাস্ত করিলেন, ভববিভৃতির এ বিবাহে সম্মতি স্মাছে, কিন্তু গৃহিলীর অসম্মতি। মাতৃভক্ত পুত্র মারের কথাই মানিবে।

স্বামী ফিরিরা আসিলে আবার এ কথা নইরা আলোচনা হইল, কিন্তু কিছুই স্থির হইল না। বরে ফিরিয়া জগদলা ক্লেথিলেন ভববিভূতি বাড়ীতে আসিয়াছে, তা'র মুথ অত্যন্ত অপ্রানন। সে একটা মুমুর্ রোগিণীর চিকিৎসা করিতে গির্মাছিল, সে বারা গিয়াছে।

জগদখা বলিলেন, "কি বাবা, কি হ'ল।" "মারা গেছে।
আমি বরাবরই জানি মেরেটা বাঁচবে না, তবু শেষের দিকে
বড্ড আশা হ'রেছিল।" বলিরা ভববিভূতি দীর্ঘনিঃখাস
ফেলিল।

জগদখা বলিলেন, "হাঁ রে, তুই হলি ডাক্তার, তোর কি কুগীর ভালমন্দে অভটা মন থারাপ ক'রলে চলে ?"

"কি ক'রবো মা ? আমি তো পয়দা ক'রবো ব'লে ডাক্তার হইনি; লোকের রোগ-শোক দেখে একেবারে নিশ্চেট্ট হ'রে বসে না থেকে কিছু উপকার ক'রতে পারবো, সেই আশার ডাক্তারী শিথেছি। আর সে বাড়ীর অবস্থা দেখে জার না কারা পার। ছেলেমাম্ব মেরেটি, তার আমী কলেজে পড়ে, তার একটি ছোট ছেলে আছে। মেরেটা মরে' গেল, ত'ার স্বামী ছেলেটাকে বুকে ক'রে যে রকমে ছট্ফটাতে লাগলো, দেখে ভারি কট হ'ল। আহা বেচারা কতবার জিজ্ঞাসা করেছে, 'ডাক্ডারবার, বাঁচবে কি ?' কত আশা ক'রে আমার কাছে বারবার যুরেছে, অথচ

'আমি. বরাবর জানি বে কিছুই ক'রতে পারবো না।" ° ডাক্তারের চোধ ছলছল করিতে লাগিল।

্জগদ্ধা তাহার মাণার হাত বুলাইয়া বলিলেন, "ভগবানের হাত বাবা, ভূমি কি ক'রবে। চল এখন খাবার খাবে চল।"

ভৰবিভৃতি নীরবে থাইতে থাইতে হঠাৎ বলিরা উঠিল, "অথচ দেথ, ছ'দিন বাদেই হয় তো ওই ছেলেটা বিয়ে করে বসবে।"

মায়ের প্রাণ ছাঁাৎ করিয়া উঠিল, তিনি সে প্রসঙ্গ চাপা দিলেন।

ছইদিন পর্কেমাতা ছেলের কাছে কথা ভূলিলেন, "বাবা, রঞ্জন লিথেছে, স্থশীল ভট্চাযের মেয়েটি পরমা স্থন্দরী, আর খুব স্থলক্ষণা; বল তো দৈথানেই কথা দিই।"

ভববিভৃতি একথানা বই পড়িতেছিল, মুধ তুলিয়া একদৃষ্টে মায়ের দিকে কিছুক্ষণ চাহিয়া রহিল, শেষে বলিল "না, মা, আমি বিয়ে ক'রবো না, সেই ঠিক।"

"বিষে করবি নে কি•বে ? তোর বয়সে কি চিরদিন সন্ন্যাসী হ'য়ে থাকা শোভা পার ?"

ভববিভৃতি হাসিয়া বলিল, "সয়্যাসীয় কি সাকটা দেখলে মা ৽
খামার মত বার্মানী ঢাকা সহরে ক'টা লোকে করে ৽"

"ওর মানেই সর্যাসী। সল্পাসী কি সাজে করে, সল্পাসী হন।

ন্বাড়ী ঘর দোর "খাঁ খাঁ ক'রছে; একটা ছেলেপিলের

আওয়াজ নহি, বরের লক্ষ্মী নাই, আমি তো বাছা, এ আর চোর্বে দেখতে পারি না।"

"আমিও তাই ভাবছিলুম মা! আমি বলি রেণুকে এবারে, নিয়ে আসি। মেয়ে তো তিন বছরে পা দিয়েছে, আর সেধানে রাথ্বার কি দরকার ?"

"তা আনবি বই কি ? কিন্তু সেই একফোঁটা মেয়ে হলেই কি ঘরের ছিরি কেরে ? এমন পাগ্লামী করিস নে বাবা, আমার কথা রাথ, বিয়ে কর। স্থশীল ভট্চাথের মেয়ে ঘরে এলে ভোর ঘর আলো হ'রে যাবে।"

এই স্থশীল ভট্টাবের মেরের নামটা থেন কেবলই ভববিভূতির মনে ক্যাণাত করিতেছিল। সে বলিল, "ঘর তো একবার আলো হ'রেছিল মা, ভগবানের সইল না। আবার কেন ? অদৃষ্ট কি ভোমার কথায় ফিরবে মা ?"

জগদখা আকাশ ইইতে পড়িলেন। আজ এক বংসর যাবং ভিনি ছেলের বিবাহের সম্বন্ধ করিতেছেন। ছেলের মত যদিচ কথনও জিজ্ঞাসা করেন নাই, তবু তার যে বিবাহে এমন একটা প্রচণ্ড আপত্তি আছে, একথা তিনি ম্বঃগ্রন্থ ভাবেন নাই। তবু তিনি হাল ছাড়িবার পাত্র নন; তিনি বলিলেন, "সে কি কথা, বাবা, একবার ঘর পুড়ে গেলে আর কি ঘর হয় না। এমন তো লোকের রোজ হছেছে। এই তো পাশের বাড়ীতেই দেখনা; রামবাব তাঁর দিতীর পক্ষে বিরে হ'রে না হ'রেছে কি ? তাঁর সংসার দেখলে চকু জ্ডার,—এমন স্থপ-শান্তির সংসার, এমন বী, এমন ছেলে, এমন মেরে সাত জনোর প্রাের ফল।"

ভববিভৃতি বেশ একটু উদ্গ্রীব হইয়া কথাটা শুনির। গেল। কথাটা শেষ হইতেই সে বেন একটু হতাশ হইয়া মুখ ফিরাইল। মা অভটা লক্ষ্য করিলেন না।

একটু হাসিরা ভববিভূতি বলিল, "ভা, ঠিক মা, রামবাবুর বাড়ী দেখলে বিরে ক'রতে লোভ হর বটে, কিন্তু যেটার লোভ হর, সেইটাই 'যে ক'রতে হ'বে তা'র কোনও মানে নেই।" ভববিভূতি বোধ হুর সরলভাবেই কথাটা বলিয়াছিল, কিন্তু বলিয়া মনে হইল এ কথার একটা বিভীর অর্থ হইতে পারে। মাতা বলিলেন, "শোন ছেলের কথা! বিরে ক'রতে লোভ হর বদি তবে বিরে করবি না কেন ?"

"বিরে ক'রতে বেমন গোভ হর তেমনি আরও দখটা ভাল
মন্দ কাজ ক'রতেও 'তো লোভ হর। আমার লোভটা বেনী
গ'ড়েছে অন্তদিকে,—তা'তে এত কাজ আর এত দার বে, একটা
সংসার হ'লে আমি তা' কিছুতেই পেরে উঠবো না। বিরের স্থাদ
তো একবার পাওরা গেছে; এখন, এই ন্তন জিনিষটা একবার
পরথ করে দেখবো, দ্বির ক'রেছি!"

মাতা একটু শন্ধিত হঁইলেন, জিজাসা করিলেন, "কি সে কাজ ?"

"কাজটা প্রকাণ্ড, কিন্তু আমার শক্তি ছোট; তাই সে কথা মুখ ফুটে কাউকে বলি না। সমস্ত জীবন সেই কাজে সমর্পণ করে যদি কিছু একটু সার্থকতা লাভ করি, তবেই ব'লতে পারবো লোককে। তবে এক কথার ব'লতে পারি বে, কাজটা দীন-ছ:খীর সেবা।"

"দে কি আর বিয়ে ক'রলে হয় না ? ভোর বাপ যত দীন-দরিজের দেবা ক'রেছেন, তেমন ক'টা লোক ক'রতে পারে ?"

"তিনি ক'রেছেন ঠিক, কিন্তু যদি তোমার আমার চিন্তা তাঁর না থাকতো, তবে তিনি আরও কত বেশী কাজ ক'রতে পারতেন। তাঁর যতটা আকাজ্ঞা ছিল, তার সিকির সিকিও তিনি ক'রতে পারেন নি। যদি তিনি নিজেকে নিঃশেষভাবে দীন-দরিজের সেবার নিযুক্ত ক'রছে পারতেন, তবে তিনি জীবনটাকে কত বেশী সার্থক মনে ক'রতে পারতেন, সে কথা তিনি নিজেই তো কতবার ব'লেছেন। তুমি কি জান না মা, জীবনের বার্থতা নিয়ে বাবা কত দিন কত ভাবে কুঃথ ক'রেছেন।"

মাতা দীর্ঘনিংখাস ত্যাগ করিবেন। স্বামীর এ আত্মানির কথা তাঁর অজানা ছিল না। জগদস্থা নিজে কতদিন তাহাতে রাগ করিয়াছেন, অভিমান করিয়া বলিয়াছেন, "আমিই তো তোমার সকল পথের কাঁটা, আমি ম'লেই হংখ যায়।" তাহাতে স্বামী কত ক্লেশ পাইয়া গিয়াছেন—সে কথা ভাবিতে বিধবার

'বিতীয় পক

হাদর ভরিরা উঠিল। শেষে তিনি বলিলেন, "আমি বাবা, অত-শত ব্ঝিনা। স্থাল ভট্চাবের মেরে পছন্দ নাহর, তো যা'কে তোর পছন্দ হয়, একটা বিয়ে কর। বৌ আমায় দিয়ে তুই নিজে বা খুদী কর্।"

ভববিভৃতি গণ্ডীরভাবে বলিলেন "মা, আমি কি তোমার সঙ্গে তামাসা করছি? আমি কি তোমার কাছে মিথ্যা কথা বলছি? স্থশীল ভট্চাবের মেরে পছন্দ হয় নি, তাই অন্ত কথা বলে তথু ভাঁড়াচ্ছি, এ কথা তুমি কি ব'লে মনে করলে?" ইহার ছ'একদিন পরে সন্ধ্যাবেশার মঞ্চলিসে ছ'-এক কথার পরই অমৃত বলিয়া বসিল, "হাঁ হে বিভৃতি, তুমি না কি বিয়ে ক'রতে চাও না ?"

ভববিভূতি : সন্দিগ্ধচিত্তে তাহার দিকে চাহিল ; তাহার বুঝিতে বাকী রহিল না যে এরা মান্তের চর ।

যোগেশ বলিল, "এ বিষয়ে আমাদের সংবাদপত্তের মতে Great dissatisfaction prevails" 'আমাদের চা টা' গৃহলক্ষীর হস্তস্পর্শ না থাকার যেন কেমন লক্ষীছাড়া মত থেতে লাগে। Ergo, তোমার বিয়ে করা আমাদের Unanimous resolution. যাঁহারা এ প্রস্তাবের সপক্ষে, তাঁহারা হাত তুলুন! All, All! বন্দেমাতরম্। Carried unanimously." বলিয়া যোগেশ একাই সভার সমুদয় কার্য্য সম্পন্ন করিয়া করতালি-ধ্বনি করিল। অমৃত বলিল, "তামাসা নয়, আমি তোমার সঙ্গে এ বিষয়ে বিচার করিতে চাই। তোমার কি বল্বার আছে বল।"

ভববিভৃতি শাক্তভাবে বলিল, "তুমিই না সে দিন ব'লছিলে বে, একজনকে ভালৰাস্লে তারপর আরু একজনকে ভালবাসা অসম্ভব ? আমি আমার স্ত্রীকে সত্যসত্যই ভালবাস্তাম ?" : বোগেশ বলিল, "দেই জন্তই তোমার বিয়ে করা দরকার; বিজ্ঞানের থাতিরে, Experimentএর জন্ত। বদি ভূমি বিয়ে ক'রে তোমার বিতীয় পক্ষকে ভালবাস, তবেই প্রমাণ হয়ে বাবে যে, ভোমার কথাই ঠিক, Man is a polygamous animal."

ভব। সে প্রমাণ আমি বিয়ে না ক'রলেই বে হ'বে না, তার কি মানে আছে। লক্ষ-লক্ষ লোক বে রোজ বিয়ে ক'রে ছিতীয়ার প্রেমে মসগুল হ'য়ে বাচ্ছে, তাতেই ভো সে কথা প্রমাণ হ'য়ে প্লেছে। শুধু তাই নয়, প্রকাধ ও স্ত্রী উভয়ের বেলাই যে এই ব্যাপার স্থামী বা স্ত্রীর মৃত্যুর অপেক্ষা রাথে না, তা'য়ও তো চের প্রমাণ র'য়ে গেছে। Divorce Courtএর নথি দেখলে এমন লক্ষ লক্ষ নজীর পাওয়া বাবে।"

অমৃত বলিল, "তাই যদি হয়, ভবে ভোমার বিয়ে ক'রতে আপত্তি কি !"

ভব। বাঃ, আমিও তো তা হ'লে জিজাদা ক'রতে পারি বে, তোমরাই বা বিরে ক'রবে না কেন। এই ধর না অমৃত, তোমার গৃহিণীর তো এখন ভিরিশের কাছাকাছি বয়স; ভিনি ছেলে-পিলে নিয়ে বিব্রত, তোমার প্রেমের পরিজ্ঞি সাধন করবার ক্ষমতা তার নেই। তুমি কেন না বিয়ে ক'রবে ?

বোগেশ। আগাঁকে যদি বল, তবে আমি বলি Barckis is

willing, কিন্তু শতমুখীর ভয় এবং চুই স্ত্রী পালন করবাত অক্ষযতাই আমার একমাত্র বাধা।

অমৃত। একমাঝ নয়, হুইমাঅ বল। যোগেশ। তাই হ'ল।

ভব। আর একটা "তিন মাত্র" আছে,—লোকমতের শাসন। সেটা বড় ভূচছ কথা নয়।

বোগেশ। ঠাট্টা apart, তোমার বেলার সে বাধা নেই।
তা ছাড়া দ্বিতীর বিধাহে কতকগুলা গোলবোগ ও অশান্তির
কৃষ্টি হয় এবং মোটেয় উপর স্থা হয় না; তে;মার সে ঝঞ্চাট
নাই।

ভব। বিবাহের বিরুদ্ধে যদি কেবল এই ছুইটি আপভিই থাকে, তবে তা অন্ত লোকের বেলার থণ্ডন করা অসম্ভব নর। বেশীর ভাগ লোকের বিরের ১৫।২০ বচ্ছর পর আর প্রেম থাকে না, বরঞ্চ অনেকটা বিরাগের ভাবই এসে পড়ে। আর মনটাও অপরের প্রতি বেশ আরুই হ'তে পারে। স্থতরাং আইন অনুসারে যদি এ অবস্থার পরস্পর ছাড়াছাড়ি হইরা যায়— ভবেই ত লেঠা চুকে বার। সংসারে ঝঞ্চাটও থাকে না, লোক-মতত তৈরার হ'তে বেশী দিন লাগে না।

বোগেশ বলিল, "ভার পর ছেলেপিলেগুলোর কি উপায় হ'বে !" • ভব। সেটা ভাববার কথা। কিন্তু সামাজিক রাবস্থা দিয়ে ভারও একটা বলোবন্ত করা বায়। এই ধর, যদি ছেলেপিলের ভার প্রেট গ্রহণ করে এবং প্রেটের নাসরি, স্কুল, কারখানা প্রভৃতি থাকে, যেমন সোস্থালিপ্রদের্দ্ধক উ কেউ বলে।

অমূল্য। সে রকম ভাবে একটা সমান্ত চলতেই পারে না।
Communismএর বিরুদ্ধে আরিষ্টট্লের বুক্তি এ পর্যাপ্ত খণ্ডন
হয় মি।

ভব। অনেকটা হয়েছে বৈ কি ? আরিইট্লের আমলে মাহুষের পরস্কোর শক্তি এবং সমবেত কার্ব্যের শক্তি যতটা ছিল, এখন তার চেয়ে অনেকটা বেড়ে গেছে, এ কথা অস্বীকার করবার উপায় নাই।

ষোগেশ। তুমি এ থেকে বলতে চাও কি ?

ভব। আমি ব'লতে চাই এই যে, কেবল প্রার্ত্তির দিক্ থেকে দেখতে গেলে এ সব যুক্তির কোনও উত্তর নেই। পৃথিবীর পরিণতির ইতিহাসের হিসাবে দেখতে গেলে দে বড় বেশী দিন নম্ম, যথন মামুষের পূর্বপূক্ষ পশু ছিল। মামুষের সমাজের ইতিহাসে এই তো সেদিন নারী ছিল প্রবৃত্তির দাসী। এই তেঃ দবে আমরা আরম্ভ ক'রেছি প্রবৃত্তিকে দাগাম পরিকে একটা সমাজ গড়ে তুলতে। আজও সে পশু-পূর্বপূক্ষদেশ রক্ত আমাদের ভিতর বেশ শরম আছে। আমাদের যৌন-নির্বাচনটা

দ্বিভীয় পক

তম প্রধানত: সেট পশুর রক্ষের জোরে। কিন্তু সমাজের অষ্ট বন্ধনে তার উদ্ধান ভাবটাকে আটকে রাথা হয়। সেই রক্ত প্রায়ই ছুটে বেরিয়ে পড়ে, আর সব বন্ধন ভেঙ্গেচরে দেয়। প্ৰবৃত্তি হিদাবে আমশা কথনুই monogamous হ'তে পারি না। কিন্তু সমগ্র evolution এর ফলে দেখা গেছে বে. এই বে প্রবৃত্তিমার্গ, এতে হুব নেই, কেন না এর পরিতৃপ্তি নেই। চিরস্তায়ী বিবাহ বন্দোৰত্তে আপত্তি হচ্চে এই যে, এতে ধরে-বেঁধে পুরুষ ও নারীকে পরম্পারের সঙ্গে আটকে রাথে, যখন তাদের পরস্পরের আকর্ষণ মোটেই থাকে না। কিন্তু ভা' যদি না বাথে, কেবল আকৰ্ষণটাই যদি যৌন-সম্বন্ধের একমাত্র নিয়ামক হয়, তবে শেষ পর্যাস্থ আমাদের একেবারে অবাধ promiscuityতে গিয়ে দাঁড়াতে হবে। তা'র চেয়ে কম কিছুতেই প্রবৃত্তির এ হ:४ দূর: হবে না। অথচ, আমরা যে যাই বলি না (कन. এই यে विवारत्व कांग्री वस्तन, এव करन श्व दिनी लाक एव थूव त्वनी कहे त्वाध कत्रक्ष छ। नव। । विषय देखिहारमव भाका हरू এই यে "बितुष्टिश्व बहायना।"

যোগেণ। এ কথা যোগ আনা মেনে নিলেও স্বামী-স্ত্রীর একজনের মৃত্যুর পর অপরের ^চবিবাহে কোনও আপস্তি চলেনা।

ভব। সে স্থলে আপড়িটা কম প্রান্ত ই'লেও নেহাত কম ওঙ নয়। এ রকম বিয়েও তো প্রবৃত্তিরই কল। এ প্রবৃত্তিটা বত দমন ক'রে রাথা যায়, ততই ভাল।

অমৃত। তোমার মতে তবে ভালবাসাটা কিছু নয় ? কেবল একটা শারীর প্রবৃত্তি ?

ভব। সে কথা এখানে ওঠে না। ভালবাসাটাকে আমি त्वम जान किनिम व'लाई मत्न कति। त्रिष्ठी व'एक निर्मक প্রবৃত্তি। সমাবের অভিজ্ঞতা যে গণ্ডীতে প্রবৃত্তিকে আৰম্ম ক'রেছে, তারু ভিতর প্রবৃদ্ধিটা ভালই ব'লতে হবে। কিছ একটা কথা ভূলে যাচ্ছ ভাই, বিয়ে জিনিসটা কেবল ভাল-বাসাবাসির বাাপার নয়। ছইটা জীবন যখন নিয়ভ সংঘর্ষে আসে, তখন তাদের ভিতর যে বন্ধনটা তৈরারী হয়, সেটা কেবল ভালবাসার বন্ধন নয়। সেটা একটা প্রকাণ্ড complex ব্যাপার। একটা মানুষের জীবন যত জটিল, এ সম্বন্ধ তার চেয়ে एउत (वनी कृष्टिन। कांत्रन, এ इहें हो कीवरनत यक अनि वहिमूं शी শক্তি আছে, সবার পরস্পার মিশ্রণ থেকে উদ্ভত এক অপূর্ব্ব ব্যাপার। সংসারে স্বামী-ন্ত্রী কেবল প্রেমিকা নয়—ভাদের ় সমস্ত জীবন পরস্পরের সঙ্গে এক হ'রে একটা প্রকাশ্ত জ্টিল সম্পর্কের সৃষ্টি করে, শুধু ভালবাসাবাসির ওজনে তা'র ভালাগড়া চলে না

আশ্বর্যা মায়ুবের মন! ভববিভৃতি অভরের সহিত সমস্ত

কথা বলিভেছিল। যে কথা সে বলিভেছিল, সেই গুলি তাহার মনের ভিতর গিয়া আবার একটা নিভৃত চিম্বাম্রোভের সৃষ্টি করিতেছিল। প্রভাকটি কথা বলার সঙ্গে-সঙ্গে তার মনের মধ্যে তাহা লইয়া তর্কবিতর্ক, বিচার চলিভেছিল। আবার এই যে নিভৃত চিম্বাম্রোভ, তাহারপ্ত নীচে আর একটি স্রোভ বহিভেছিল; তাহার প্রভি ক্ষুত্র তরঙ্গে একটি ছোট অঞ্চলরা মুধ প্রভিফলিত ছিল। সেটি অঞ্চমুখী, সেবানিরতা রমার। সে নিন ভববিভৃতি নরনভারার ঘরে গিয়া প্রাণ্রে ভিতর যে প্রথম ধারাটা থাইয়াছিল, তাহা বিষাক্ত বীজাণুর লার প্রাণের ভিতর ক্রেমশঃ পুষ্ট ও বর্দ্ধিত হইতেছিল। তাঁহার মনোময় জীবনের নানা ধারার সহিত যুদ্ধ করিয়া সে বীজ বাড়িয়া চলিয়াছিল। কিন্ত যুদ্ধ সমান তীত্র-ভাবে চলিভেছিল।

করেক দিন বাদে রামবাবু ভবরঞ্জনের কাছে পত্র লিখিয়া জানিলেন যে, ছেলের বিবাহ করিতে মোটেই মত নাই; তাই ভবরঞ্জন এ সম্বন্ধে উচ্চবাচ্য করেন নাই। রামবাবু দীর্ঘনিঃখাস ভ্যাগ্ করিলেন; নয়ন্তারা রাগিল; কিন্তু সকলেই স্থির করিয়া বসিল বে, এ বিবাহ ক্টল না।

্যভববিভূতি রেণুকে নইরা আদিল। রেণু খাদা মেরেটি। মোটা-দোটা, গোলগাল, একেবারে বেন মেলিকা কুডের একথানা ছবি।

তার জন্ত একটা আরা ছিল, দে প্রারই রামবাবুর বাড়ীতে তাহাকে
লইরা বাইত।

রমার এই মেরেটাকে দেখিলে কাগুজ্ঞান থাকিত না। হাতের সব কাজ ফেলিয়া এই মেরেটিকে কোলে করিয়া তাহার বেড়ান চাই-ই চাই। আর্ম্ব দিনরাত সেই মেরের কথা, তার ভাবভঙ্গী, কার্য্যক্রাপের আলোচনা। আয়া দেখিল, এখানে আসিলে তা'র পরিশ্রমের লাঘব হয়; কাজেই ভবেলা থুব বেশী সময় রেণু রামবাবুর বাড়ীতে রমার কাছেই কাটাইত।

রেণুর কি থেরাল হইল, সে প্রথম হইতেই নয়নভারাকে
"দিনিমা" (দিদিমা) বলিয়া ডাকিতে স্থক করিল এবং তাঁহার
কোল জ্ডিয়া বসিল। নয়নভারা একটু বিবাদের হাসি হাসিলেন,
কিন্তু বালিকাকে কোলে টানিয়া লইলেন।

এখন রেণুকে বাড়ীতে রাখা ভার। সে সর্বাদাই "ওমা" (রমা)ও দিদিমার কাছে ঘাইবার জন্ত অন্তির। রমাও এই মাতৃহীনা ক্রাটির জ্ঞা অসীম স্নেহ লইয়া তাহার জন্ত সর্বাদা উৎক্টিত হইয়া থাকিত।

পরীক্ষার পূর্ব্বে স্ক্লের ছুটি হইলে সে রোজ তার মাকে টানিয়া ডাব্রুনারবাবুর বাড়ী লইয়া যাইত, এবং সেধানে রেণুকে কোলে করিয়া তাহার সঙ্গে খেলিতে-খেলিতে পরীক্ষার পড়া করিত। শেষে নয়নতারা না গেলেও সে নিজে রোজ যাইত।

একদিন হপুর-বেলার রমা উঠানে রোদে বদিরা চুল শুকাই-তেছে, আর বই পড়িতেছে, রেণু তার চারপাশে ফিরিয়া ধুলা ও মাটি লইরা থেলা করিতেছে। মাঝে-মাঝে ছুটিয়া গিয়া রমার চিবুক ধরিয়া কত সম্ভব-অসম্ভব প্রশ্ন করিতেছে এবং সঙ্গে-সঙ্গে ঘাড় নাড়িয়া এমন ইঞ্চিত দিতেছে যে, তাহার ইচ্ছামত উত্তর দেওয়া ছাড়া আর উপায় নাই। রমা বইয়ের ভিতর ডুবিয়া আছে; তবু রেণু যথনি কাছে আসিতেছে, তথনই হাসিম্থে হু-ছাতে তার মুখধানা ধরিয়া কথা কহিতেছে।

দাৎয়ার উপর আয়া বসিয়া হাই তুলিতেছে। জগদবা আঁচল বিছাইয়া গভীর নিজায় ময়। এমন সময় ভববিত্তি বাড়ী ফিরিলেন। সমুথে ধ্যানমগা বোড়শীর মূর্ত্তি দেখিয়া একদৃষ্টে চাহিয়া রহিলেন। য়মা গৌরাঙ্গী নহে, কিন্তু তাহার রংটি বড় মিঠে; আয়, সমস্ত শরীর অপূর্ক লাবণ্যে মণ্ডিত; সমস্ত মুথ ও চকু আয়ত প্রাজিতার আলোকে উজ্জল। তাহার বেশভ্ষার মধ্যে এমন একটা সহঁজ সৌলব্য ছিল এবং তাহা তাহাকে এমন স্থলর মানাইত বে, অত্যক্ত সামাত্য পরিচ্ছদেও তাহাকে পুর স্থাপজ্জত মনে হইত। তাই, দে বথন একটা ছোট মোড়ার বিদিয়া ইটুর উপর বই রাখিরা, গালে হাত দিয়া উপুড় হইরা বই গড়িতেছিল, এবং তাহার ঘন চিক্রণ কেশদাম সমস্ত পিঠ ছাইরা পিছনে ঝুলিরা পড়িরাছিল, তথন তাহার মূর্তিটি যে একবার চোথ ফিরাইরা দেখিবার যোগ্য হইরাছিল, এ কথা না বলিরা উপার নাই। ভববিভৃতি একবার স্থিরদৃষ্টে চাহিলেন। পর্যুহ্তে মুথ ফিরাইগে তাঁহার হুদ্র অন্ধনার হইরা উঠিল।

এমন সমষ্ক রেণু ভাকিল "ওমা"! ডাক শুনিরা ভববিভৃতি
চমকিয়া উঠিলেন। এ ডাকের মধ্যে ওকারটা চাপা থাকে,
জ্বোর পড়ে "ম্মা"র উপর; তাই ভববিভৃতি চমকিত হইলেন।
চোধ ফিরাইয়া দেখিলেন, রেণু রমার পাশে দাঁড়াইয়া এক হাতে
এক গোছা চুল ধরিয়াছে, আর এক হাতে চিবুক ধরিয়া মহা
গন্তীর ভাবে, পুব ঘাড় নাড়িয়া, চোক হটা বড়-বড় করিয়া কি
একটা কথা বলিতেছে। রমা হাস্ত-প্রকুল্ল মুধ ও উৎফুল্ল লোচন
তাহার মুঝের দিকে ফিরাইয়া ভাহার সকে-সকে ঘাড় নাড়িয়া সব
কথার সম্মতি দিতেছে। কথা বলা শেষ হইয়া গেলে রম্মা থিলথিল করিয়া হাসিয়া উঠিয়া, হই হাতে রেণুর সেই মোটা-মোটা
গাল হটা চাপিয়া তাহার মুধচুম্বন করিল। ভববিভৃতি ব্রিজ
বে, রমা তাহার অহাইতির অপেকা না রাথিয়া রেণুর মাতৃত্ব
পদবী আনায়াসে অধিকার করিয়াছে। কথাটা ভাবিতে তাহার

মনের ভিতর একটা ধাকা লাগিল,—দেটা আনলের না ছংখের, ঠিক বুঝা গেল না।

ভববিভূতি ডাকিলেন, "রেণু।" সমস্ত উঠানটার বিহাতের মত যেন একটা চমক খেলিরা গেল। আরা তাড়াতাড়ি উঠিরা দাঁড়াইরা বসন সংবৃত করিল। রেণু ভাহার বড়-বড় চোথ চটা ফিরাইরা হাসিরা উঠিল। রমার পা হইতে মাথা পর্যান্ত কিলান কেন কাঁপিরা উঠিল; সেও উঠিয়া দাঁড়াইল। জগদম্বার নিজা ভাজিয়া গেল, তিনি বলিলেন, "এলি বাবা্? এত বেলা হ'ল ?"

"হাঁদপাতাল হইছে ফিরবার দমর আজ ,৮টা রুগী দেখতে হ'রেছে" বলিরা ভবকিভৃতি পকেট হইতে টাকা বাহির করিরা আরাকে দিল, মাকে দিবার জ্ঞা; এবং নিজে রেণুর দিকে অগ্রসর হইল। রেণু ধ্লামাধা হাত লইরাই বাপের কোলে উঠিবার জ্ঞা প্রস্তুত হইল। রমা, তাড়াতাড়ি তাহাকে ধরিরা ধ্লা ঝাড়িরা দিল। ভববিভৃতি ক্ঞাকে কোলে তুলিরা চুম্বন করিলেন।

বাপের আদর পাওয়া হইয়া গেলে রেপুতাড়াতাড়ি কোল ছইতে নামিতে চেষ্টা করিল। বাবা বলিল, "কেন রে, কোথা যাবি ?"

"ওত্মা আগ কোবেব" বলিয়া নামিয়া আসিয়া রমার কোলে ৪২ উঠিলা, তাহার গলা জড়াইলা ধরিলা বলিল, "তোমা ভাল বাছি।"
রমা তাহার মুখচুম্বন করিল। রেণু আবার বাণের দিকে ফিরিলা
বলিল, "তোমা ভাল বাছি, ওমা ভাল বাছি।" তারপর—ছেলেমান্ত্ব—রমার গালে আক্ল দিয়া বাবইকে বলিল, "বাবা, ওমা
চুমুঝা।" রমা ও ভববিভূতি হুজনেই এ কথার লাল হইরা
ভিঠিল।

বিষম লজ্জার ভববিভূতি অক্ত কথা বলিয়া লজ্জা নিবারণের চেষ্টা করিল, "কি পড়ছো রমা ?"

রমা বা নমনতারা ডাক্তারের কাছে কোনও দিন কোনও সঙ্কোচ করে না।, নরনতারার চিকিৎসার সমর হইতেই সে তাহাদের আপনার লোক হইয়া পড়িয়ছে। কিন্তু আজ এই বোকা মেয়েটার কাণ্ডে রমার যেন লজ্জার কথা বাহির হইল না; সে মাথা নীচু করিয়া আড়ইভাবে বলিল, "হিইরি।"

"কার বই ?" "Rapsonএর Ancient India" "বইথানা খুব ভাল। তৃমি দেখ্ছি খুব বাইরের বই পড়! Matriculationএ ভো এটা পাঠ্য নর ?" "না।" "কোন্বিষয় পড়তে ভোমার খুব ভাল লাগে ?" এখন সজোচটা অনেকটা কাটিয়া আসিয়াছে। রমা বলিল, "হিষ্টরীর বই আমি খুব বেশী ভালবাদি।"

"তুমি Vincent Smithএর Early History of India

"শুধু Alexanderএর Campaign টুকু, তা ছাড়া বাকীটা । সব বুঝতে পারি না।"

হঠাৎ ভববিভৃতির মাধার কি ধেরাল চাপিল, জিজ্ঞাসা করিল, । "ভোমার এত পড়বার ইচ্ছা, তা' হোমার বাবা তো ভোমার বিষের চেষ্টা ক'রছেম। বিষে হ'লে কি ভোমার পড়া হবে ?"

"এ বিষয়ে রমার মোটে লজা ছিল না; সেজ্ঞ লোকে তাকে নিলাও করিত। সে অমানবদনে বলিল, "আমি বিয়ে ক'রবোনা।"

"বিয়ে না করলে সারাজীবন কি ক'রবে । মেরেছেলেদের তো চাকরী-বাকরীর বেশী স্বিধা নেই। ভোমার ইচ্ছা কি করা ?"

রমা বলিতে একটু কুন্তিত হইল, আমতা-আমতা করিয়া বলিল, "আমার ইচ্ছা ডাক্তার হ'তে।"

"কেন ? ডাক্তারীতে কি বিশেষ আকর্ষণ আছে ? Practice যোগাড় করা তো বড় সহজ কাজ নয়, বিশেষতঃ মেরেছেলেদের পক্ষে।" সন্ধৃতিতভাবে রমা উত্তর করিল, "আমাদের দেশে গরীব-ছঃখীদের মধ্যে মেরেছেলেদের উপযুক্ত রকম চিকিৎসা। ভার্মা কিছুই হয় নই। আমি যদি ডাক্তারী ভাল ক'রে শিখতে পারি, তবে আমার ইচ্ছা বে চিরকাল এই গরীব-ছঃখীদের ভার্মা করবো, পয়সা নিরে Practice ক'রবো না।"

• ভববিভূতি অবাক্ হইল। বিধাতা কি সব বিষ্ট্রে ইহাকে তাহারই সহধর্মিণী করিবার জন্ম সৃষ্টি করিয়াছেন! তাহার ফদর আনন্দে পূর্ণ হইল। সে শুধু বলিল, "বেশ কথা, এ পুব ভাল সক্ষর!" বলিয়া সে ঘরের দিকে অগ্রসর হইলেন। রেণ্ বলিল, "বাবা, ও বাবা, ওস্থাকে চুমু থা—"

রমা তাহাকে তাড়াতাড়ি বলিল, "রেণু, যাও তো মা, ওই লাল ফুলটা নিরে এস গিরে।" রেণু ছুটিল। মাও পিছু-পিছু ঘরে গেলেন। ভবরঞ্জন আবার আসিলেন। এবার মায়ের সঙ্গে পরামর্শ করিরা তিনি সদরালা বাবুর বাড়ী গিয়া নিজেই ভববিভূতির সহিত রমার বিবাহের সম্বন্ধ উত্থাপন করিলেন। ভববিভূতি কিছুই জানিল না। রামবাব্ উৎফুল হইলেন। দেনা-পাওনার কথা ভূলিতে ভবরঞ্জন বলিলেন, ক্রীবর আশীর্কাদে আমাদের কিছুরই অভাব নাই। আপনার মেয়েকে আপনার বাহা ইচ্ছা দিবেন। ক্রিড সেখানে না থাকিলে রামবাবু নাচিরা উঠিতেন।

তিনি অবিলয়ে গৃহিণীকে স্থসংবাদ দিতে গেলেন। নরন-তারাও উৎফুল হইলেন। দিন স্থির হইল, পরীক্ষার পরই বিবাহ হইবে।

আশীর্কাদের পূর্বে জগদম্বা ভববিভৃতিকে বলিলেন, "বাবা, আমি কাল রমাকে আশীর্কাদ ক'রতে বাব, তোর পছনদমত যা' হয় কিছু কিনে দে।"

ভববিভৃতি চমকাইয়া উঠিল। রমার সঙ্গে সেই সাক্ষাতের দিন হইতে রমার কথা লইয়া সে আফাশ-পাতাল ভাবিয়াছে। অনেক ভাবিয়া চিন্তিয়া সে স্থির করিয়াছে যে, রমার কথাবার্তার তাহার মন যে রমার উপর বুঁকিয়া পড়িয়াছে, সেটা একটা ছুষ্ট প্রবৃত্তি বই আর কিছুই নয়। বিবাহ করিলে সে আদশ ছ্ইতে খালিত হইবে। তাহার মন তাহাকে বুঝাইল, যে, রমার মত প্রাকৃত সহধর্মিনী হইলে তাহার আদর্শলাভ সহজ ও মনোরম হইবে। সে বলিল, তাহা সত্য নহে। আদর্শের সহজ সিদ্ধির প্রবোভন দেখাইয়া কেবল তাহার প্রাবৃত্তি তাহাকে ঠকাইতেছে। এই প্রাণোভন হইতে নিজেকে রক্ষা করিবার জন্ত সে পণ করিয়া বসিল। তাই মা যথন আসিয়া তাহাকে বলিলেন যে, সব ঠিকঠাক হইয়াছে, কাল তিনি আশীর্কাদ করিতে যাইবেন, তাহাতে সেচমকিয়া উঠিল।

নে বলিল, ⁴দে কি মা ? আমি ভো ভোমাকে বলেছি বিদ্ধে ক'ববো না।"

মা বলিলেন, "আমি তোর মা, আমি বল্ছি তোর এই মেয়ে বিরে ক'রতেই হ'বে। রামবাবুকে আমি কথা দিয়েছি, তোর জন্মে কি আমি মিথ্যাবাদী হব।"

ভববিভূতি একেবারে মুইরা পড়িল। থানিক ভাবিরা সে মাকে প্রণাম করিরা কলিল, "মা, তোমার সব আজ্ঞা আমার শিরোধার্য্য, এইটি আমার মাপ ক'রতে হ'বে। আমি রাম্বাব্র পারে ধরে তোমার সত্য ফিরিরে আনবো, আমার ক্ষমা কর।" ভা'র চোধ ছলছল করিতে লাগিল।

জগদখা তাহার মাণাটা বুকের কাছে টানিয়া লইলেন, এণিলেন, "আমি তোর ওতমন মা নই বাবা, তোর মনের কণা

আমার কাছে লুক্তে পাছবি নে। তোর মন খুব চাচ্ছে রমাকে বিয়ে করতে, কেবল ছুই এক হর্দান্ত প্রতিজ্ঞা দিয়ে তাকে ঠেকিরে রাথছিল। কিন্দের জন্ত মনের সঙ্গে এ যুদ্ধ বাবা ? কি তোর লোকসান হবে ? হঃপীর সেবা ? রমার মতন স্ত্রী পেরে গদি তোর হঃপীর সেবা না হর, তবে কি হ'বে একটা কাঠথোট্টা বেটাছেলের একার চেষ্টার। তা ছাড়া, তুই তো তেমন নির্বঞ্চাট ন'স যে সন্ন্যাসী হ'য়ে এই কাজে লেগে পড়বি। তোর মেয়ে তো আছে। তাকে মানুষ করে কে ? আমি বুড়োমামুষ, আমি কি অত পারি, না অত জানি ? ওই ছুড়ীটাকে ১৯গবান পাঠিয়ে-ছেন ভোর মেয়েকে মানুষ ক'রতে।"

এ কথার ভববিভূতি চমকিয়া গেল। রশা যে মাতৃত্ব পদবী ত্বেছার গ্রহণ করিয়াছে, তাহা হইতে সে তাহাকে ও রেণুকে কেমন করিয়া বঞ্চিত করিবে ? সে বেশ ব্রিয়াছে যে, রমা ছাড়া রেণুর জীবন ঠিক পূর্ণ হইতে পারিবে না।

এমন সময় রেণু আঁসিরা কাঁদিয়া নালিশ করিল যে "আয়া' ওন্মা বাড়ী বার না।"

ভবৰিভূতি তাহাকে কোলে করিয়া মুখচখন করিল, তারপত্র আয়াকে ডাকিয়া রমার কাছে রেণুকে লইয়া যাইতে বলিল। যাইবার সমর হাসিয়া জগদখা বলিলেন, "ওকে 'ওলা' বলিস না, ও তোর মা।"

٠,

°° রেণু হাসিয়া উঠিল, বলিল, "ওন্মানা? মা? কি মজা।" সে রমার কাছে ছুটিল।

এদিকে রামুবাবুর বাড়ীতে মহাবিলাট্। জগদখা তাহাকে আশীর্কাদ করিতে আসিতেছে শুনিরা রমা কাঁদিরা একথানা

মা বলিল, "বিয়ে করবি নে কি রে ? মেরেছেলর কি বিবাহ না হ'লে চলে ? পাগল মেরে দেখ না।"

রমা কাঁদিয়া বলিল, "আমি বিল্লে ক'রবো না, আমি ডাক্তার হ'ব।"

মা কিছুতেই বৃঝাইতে পারিলেন না। তথন বাবুর ডাক পডিল।

রামবাবু মেয়েকে উপরের বরে লইয়া নির্জ্জনে তাহাকে
বুঝাইতে চেষ্টা করিলেন। নারীজীবনের আদর্শ, মাতৃত্বে নারীত্বের
সার্থকতা, আমাদের শাল্পকারদের কথা, ইউরোপের পণ্ডিতদের
কথা, কত কথা বলিলেন। কিছুতেই রমা বুঝিল না। বলিল,
"এত মেয়েছেলে ডাজারী ক'রছে, আমি কেন পারবো না।" রামবাবু
'বলিলেন, "এখনো সে দেখা বা কাল আসেনি, বাতে স্ত্রীলোক সম্ভ্রেক্ত নিরুপদ্রবে স্বাধীনভাবে জীবনবাপন ক'রতে পারে। তাদের একটা
আশ্রম দরকার। ভববিভৃতির মত এমন আশ্রম, তোমার সকল
আদর্শের অমুকুল এমন একটা সহার তুমি কোথার পাবে মা • "

তবু হনা ব্ঝিল না। রামবাবু বলিলেন, "আমি ভোমাংক একথানা বই পড়তে দেবো। সে বই ভোমাকে পড়তে দিতাম না; কিন্তু ভোমার মৰে বে দব প্রশ্ন উঠেছে, তার একটা সহত্তর এতে পাবে ব'লে দিলাম। তুমি এই বইথানা পড়ে তার পর মত হির কর।" বলিকা তিনি H. G. Wellsএর নব-প্রকাশিত উপভাগ Ann Veronica রমাকে দিলেন।

রমা বইখানা পড়িতে লাগিল। যতই সে অগ্রসর হইতে লাগিল, ততই তাহার আগ্রহ বাড়িয়া চলিল। সমস্ত বইখানা সে একদিনের মধ্যে শেষ করিয়া ফেলিল। তাগুপর সে ভাবিতে লাগিল; ভাবিয়া কুল-কিনারা পাইল না। পিতার কথার প্রকৃত ভাৎপর্য সে হৃদয়ক্ষম করিতে পারিল; কিন্ত বৃঝিয়াও তাহার মন বঝিল না।

বই শেষ করিরা সে মারের কাছে গিরা বসিল। তথন সন্ধা হইরা আসিরাছে, কিন্তু রামবাবু তথনো কেরেন নাই। সে Ann Veronicaর জীবনের ঘটনাগুলি মনে-মনে তর-তর করিরা আলোচনা করিতে লাগিব।

নরনভারা সরেহে বৃদ্ধিবোন, "কি মা, কি ব'লবো বাবুকে ?" রমা বৃদ্ধিল, "বাবারু সঙ্গে আমার অনেক কথা আছে, ভিনি আফুন।" Ann Veronicaর আলোচনা করিয়া সে সাব্যস্ত করিয়াছিল বে, বিবাহ হয় ভো ভাহাতে করিতে হইবে; কিন্ত

°এখন সে কথার দরকার নাই, তার মেডিক্যাল কলেজে পড়া শেষ হইলে, পরে বিবাহের চেষ্টা করা যাইবে।

নয়নতারা জিজ্ঞাস্থদৃষ্টিতে মেয়ের মুখের দিকে তাকাইলেন, কিছুই ব্ঝিলেন না। তারপর মেয়েকে কোলের কাছে টানিয়া লইয়া বলিলেন, "মা, সত্যি ক'রে বল আমার কাছে; লজ্জা করিস নে, ভববিভৃতি দোজবার ব'লে তোর আপত্তি আছে কি ?"

"দোজবারে!" সে কথা তো তাহার মনেই হয় নাই। বথন ভববিভৃতির দীর্ঘ প্রশাস্ত গোর মৃর্তিতে মহয়ত ও দেবতের আতিশয় দেখিরা সে মুগ্ধ হই রাছিল, তথন তো তা'র একবারও মনে পড়ে নাই বে সে বিপত্নীক! রেণু তাহার আপনার মেরে! কথাটা মনে উঠিরা বৈমন মনে একটু থটকা বাধিল, তেমনি আবার রেণুর কথা স্থারণ করিছে তার বাধা ভাসিরা গেল। সে ঘাড় নাডিরা জানাইল শন।"

"তবে কি তাকে অশ্ব কোনও কারণে অপছন্দ হচ্চে?"
"বাও, অপছন্দ কে ব'লছে? আমি বিরে ক'রবো না, তাই।"
মারের এই সব প্রশ্ন তাহার মনকে উত্তেজিত করিয়া তৃনিল,
ভববিভৃতির পক্ষে সে ধনে-মনে ওকালতি করিতে লাগিল। এমন
বে মহাপুরুষ, তাকে আমিরূপে পাওরা বে নারীমাত্রেরই সোভালা,
সে বিবরে সন্দেহ কি?. এই কথা সে মনে-মনে বলিল। ছির
করিল, বিবাহ বদি করিতেই হয়, তবে এমন আমীই বেন তাহার

হয়। কিন্তু এমন বে ছ'টা হয় না, সেটা ভাৰায় মনে স্পষ্ট করিয়া "
কাগিল না। আমরা বাকে দেখি, বা বা'ব কথা ভাবি, ভার কতথানি যে আমাদের মনের গড়া, সেটা রমা কানিত না। তাই ভার
মনগড়া এই ভববিভূতি, ভার প্রেমে বঞ্চিত এই যে মাহুষের মূর্ভূ
এর যে আর জোড়া পাওয়া যাইবে না, সে কথা সে বুবিল না।

এমন সময় হাসিতে হাসিতে রেণু ছুটিয়া আসিল, বলিল, "ওমা, তুমি ওমা না, মা। থাকুমা বোলেছে।" সটান রমার কোল জুড়িয়া বসিয়া সে হাসিতে হাসিতে রমার গাল ধরিয়া বলিতে লাগিল, "মা। কি মজা।"

রমা হাসিয়া উঠিল, তাহার সমস্ত হুদর মেহধারায় আপুত হুইল, কিন্তু লুজ্জায় সে লাল হুইয়া গেল।

নরনতারা হাসিরা বলিল, "এই নে, আমরা তো হার মেনে গেলাম, তোর মেরেকে তুই কি ব'লে বোঝাবি বোঝা।" তারপর বলিলেন, "হাঁ রমা, বিজে ঘে করবিনে, তো রেণুকে ছেড়ে থাক্বি কি ক'রে।"

রমাচুপ করিয়া রহিল। কেবল সে রেণুকে বক্ষে চাপিয়া চুখন করিল।

রামবাবু আফিস হইছে আসিলেন, কিন্তু রমার আর তাঁর সঙ্গে কোনও কথা বলার দশ্বকার হইল না।

পর্দিন জগদন্বা রুমাকে আশীর্কাদ করিয়া গেলেন।

ठीनिनि

3

সকলে তাঁহাকে বলিত ঠানদিদি। তা'ছাড়া তাঁর বে অন্ত নাম ছিল, তাহা কেহ জানিত কি না সন্দেহ। ঠানদিদি বলিয়া তিনি বুড়ী ছিলেন না। বরস তাঁহার বছর চল্লিশ, কিন্তু সমস্ত শরীরে তাঁরঃ একটা নিটোল সোঁঠিব ছিল—বাহা দিন-রাত বরসকে টিট্কারী দিত। তাঁর মাথা হইতে পা পর্যন্ত একটা অপূর্ব লাবণ্য চলচল কম্মিত, চক্ষে তাঁহার বিজলী খেলিত, অলহারহীন সহজ স্থির যৌবন তাঁহাকে যেন আগাগোড়া ছাইয়া শোভামণ্ডিত করিয়াছিল। তাঁহার সৌন্দর্য্য মিনমিনে ধরণের নর, বেশ লম্বা-চওড়া, আগাগোড়া স্পষ্ট ও বৃহৎ যেন গ্রেট অক্ষরে ছাপা একথানি অপূর্ব্য কাব্যগ্রন্থ।

ঠানদিদি বিধবা, তাই তাঁহার গহনা নাই। তিনি মাছও ধান না, সাদা কাপড়ও প্রায় পরেন। ইহা ছাড়া বৈধব্যের অপর লক্ষণ তাঁহার ভিতর নাই। অধ্যের তাত্ত্বরাগ মাঝে মাঝে তাঁহার না দেখা মাইত, এমন নহে। একাদশীতে ভাত থাইডেন না, কিন্তু বে ভোজনের খ্লারোজন হইত, তাহাতে অতৃত্তির কোনও

কারণ ছিল না। আর সদাসর্কাণ তিনি যেমন হাসিয়া গাহিয়া রক্ষরসে মাতিয়া বেড়াইজেন, তাহা বৈধব্যের সনাতন আদর্শের সক্ষে মোটেই থাপ থাইত নাঁ।

ঠানদিদির নিন্দার অস্ত ছিল না। সতী-সাধবীরা তাঁর নাম করিলে আচমন করিতেন। অসতী বলিরা তাঁর অপবাদ ছিল— সে ত তৃচ্ছ কথা। হ'একজন সেকেলে বৃড়া ইহাও রটাইরাছিলেন বে, তিনি আপন হাতে বিষ দিয়া স্বামীকে বধ করিরাছেন। সে সক্ষে ঠিক থবরটা কেহ বলিতে পারিত না, কেন না, সে বিশ বছরের কথা—আর তাঁ'র স্বামীর মৃত্যু হইরাছিল দ্যাদেশে তাঁর কর্মস্থানে। এখন ঠানদিদি থাকেন পাড়াগাঁরে।

এত বড় পাপিঠাকে কিছু গাঁরের লোকে যে স্থান করে, সে কথা তাহাদের ব্যবহার দেখিয়া কেহ ব্ঝিতে পারিত না। ঠাকুর্বরের হয়ারের কাছে তিনি আসিলে স্বাই কোনও না কোনও অছিলায় তাঁহাকে অন্তর পাঠাইয়া দিত, কিছ মুথ ফুটিয়া কেহ বলিত না—তুমি এখানে আসিও না। কোনও বাড়ীতে নিমন্ত্রণের রায়া রাজিতে কেহ তাঁহাকে ডাকিত না, কিছু মিটায় প্রস্তুত করিতে হইলে তাঁহার সব বাড়ীতেই ডাক পড়িত; কারণ, এই নিভ্ত পলীতে কেহ তাঁর মত নানা রক্ষের থাবার তৈয়ার করিতে জানিত না। আরু ঠাকুরাণী বাহাতে হাড দিতেন, তাহাই শোভন ফুলর অমৃতত্ল্য হইয়া উলিত। সকল রক্ষ

শিরে তাঁহার বিশেষ দখল ছিল বলিয়া বালিকা হইতে বৃদ্ধা পর্যন্ত সকলে তাঁহার শিশুত গ্রহণ করিয়াছিল। রোগে তাঁর মত সেবিকা গ্রামে কেন, দেশে কোণাও ছিল না। পাশ-করা শুক্রাবা-কারিণী তাঁর কাছে লাগে না।

ঠানদিদি মিইভাষিণী, পরোপকারিণী। তিনি বিশ বছর ক্সাপে যে দিন বিধবা হইরা মীরপুর প্রামে পা দিয়াছিলেন, সে দিন হইতে তাঁহার জীবনের প্রতিমূহর্ত্ত কেবল দশজনের কাজে ব্যয় হইরাছে। নিজের তাঁহার কিছু করিবার ছিল না, তবে সকলের দব কাজ সারিগাও রোজ নিজের আহারের পারিপাটোর দিকে তিনি বিশেষ দৃষ্টি দিতেন। ত্রত উপবাস নিয়ম তিনি করিতেন না। কোনও দিন*কোনও ঠাকুরের কাছে তাঁহাকে কেউ গড় হইতে দেখে নাই, নিজেও দীকা লন নাই।

এমন একটি অন্তুত মেরেমাত্র্য যথন প্রথম গাঁরে আদিরা বিদিল, তথন গ্রামের আবালবৃদ্ধ-বনিতা তাঁহার উপর মহাক্ষিপ্ত। কিন্তু আশ্চর্য্য এই স্ত্রীলোকটির ক্ষমতা। বৎসর না ফিরিভে সে দকলকে বল করিয়া ফেলিল। বৃদ্ধ অন্দর্শন ভট্টাচার্য্য একদিন তা'কে যা'নয় তাই বলিয়া গালি দিল, তা'ব ঠাকুয়লালান হইতে বিদায় করিয়া দিল। ঠানদিদি হাসিয়া বামা দাসীকে বলিলেন, 'ঠাকুয় বলেছেল ঠিক; দেবতাদের সঙ্গে আমার বে আদা-কাঁচকলা দম্পর্ক, তা'তে ওঁদের প্রদিকে আমার না বেঁবাই ভাল।" চক্রবর্ত্তী

মহাশরের পত্নী প্রথম সাক্ষাতে মুথ ফিরাইরা দাঁড়াইলেন, ঠানদিনি হাদিরা বলিলেন, "দিদি, শেরাল-কুকুরকে কি চোথ দিরেও দেখ্তে নেই; নেহাৎ হ'বা মার্কুতেও তো দেখতে হয়।" মোটের উপর, কড়া কথা বা কটু ব্যবহার খুলার মত ঝাড়িরা ফেলিয়া তাঁর হাসিভরা মুথ ও বুকভরা সেবার আকাজ্ফা লইরা যথন তিনি তাঁদের বারে আসিয়া দাঁড়াইলেন, তবন কেহ তাঁহাকে আর ঠেলিয়া রাথিতে পারিল না।

আমার বিবাহ হইবার পর ঠানদিদি হইলেন আমার প্রধান
সথী। তিনি আমার মায়ের বরসী, কিন্তু তাঁর সঙ্গে সমানভাবে
মিশিরা হাস্ত-পরিহাস করিতে আমার কোনও দিন একটুকু হিধা
হয় নাই, বরং খণ্ডরবাড়ীর সঙ্গোচটা তাঁহার সহুদদ্ম-মুপর্শেই
আমার কাটিয়াছিল। তিনি আমার সহিত রহস্ত করিতেন,
কিন্তু ঠানদিদি সম্পর্কের আর দশজনের মত ছেবলামী করা তাঁর
অভ্যাস ছিল গুনা। তাঁহার কথাবার্তার লঘুছের ভিতর এমন
একটা শাস্ত মাধুরী ছিল যে, সে কথার মন পাতলা হইত, কিন্তু
ভাহাতে মলা লাগিত না, ক্লান্তি আসিত না।

কালে কালে আমি ঠানদিদির একেবারে অন্ধ উপাসক হইরা পড়িলাম। তিনি আমার সধী ও সহচরীও বটে। আর আমার সব বিষয়ের গুরুও বটে, এমন কোনও কথা ছিল না—বা'তে তাঁর কথা বেদবাক্যের, মত না মানিতাম। তাঁর চরিত্রের সঙ্গে তাঁর বিধবার অযোগ্য জনাচার আমি কিছুতেই মিলাইতে পারিতাম না। একদিন পান সাজিতে বিসরাছি, তাঁকে একটা সাজিয়া দিলাম, তিনি থাইলেন। আমি বিললাম, তাঁনদি, তুমি শান খাও কেন ?"

"মর পোড়ারমুখী, একটা পান যদি বা হাতে তুলে দিলি,

'দ্বিভীয় পক

তার আবার খোঁটা দিচ্ছিদ্?" বলিরা বিশ্ব হাস্তমর স্থলর চকু আমার মুখের উপর রাখিলেন।

আমি বনিদাম, "রক রাথ ঠানদি, আজ তোমার আমি ছাড়্ছি না। তোমার বল্তেই হ'বে, তুমি এ গব অনাচার কর কেন ?"

"বা কর্তে নেই, ডা' কর্লে কি হয় ?"

"পাপ হয়।"

"পাপ কর্লে কি হয় ?"

"কে জানে কি হয়; পাপ কর্তে নেই, ডাই জানি।" "আমি জানি, পাপ কর্বে নরকে যায়, সেধানে থুব শান্তি পায়।"

"এ কথা তুমি মান ?"

"হাঁ, আরও মানি যে, বিধবা যদি আচার-নিয়ম মেনে, দেব-বিজে ভক্তি রেখে, সমস্ত জীবন কঠোর ব্রন্ধচর্য্য করে, তবে তার পুণ্য হয়, সে মুর্গে যায়, অনস্কুকাল স্বামীর সহবাস করে।"

ঠানদিদির মুখের হাসিটা বেন একটু ঘোর হইরা উঠিল। আমি অবাক হইলাম, বলিলাম, "এত যদি মান, তবে নিষ্ঠা

আচার-নিয়ম কর না কেন 🕍

"ন্সামি স্বর্গে বেতে চাই নে ব'লে, আর স্বামীর বাড়ে আর চাপ্তে চাইনে ব'লে, নরকে প'ড়তে চাই ব'লে,—বুঝলি ?"
—বলিয়া ঠানদি আবার হালিলেন

শ্লামি ব**লিলাম, "আবার ঠাটা ? আজ তোমার স**ত্যকথা বল্তেই হ'বে।"

"ঠাট্টা নর দিদি, খাঁটি সত্য।"—ঠানদিদির চোখটা একটু ভরিয়া উঠিল।

ু এমন সমর আমার ছর মাদের থোকাটি আদিরা কথন্ পানের থালাটি ধরিরা টান মারিরাছে, আমি দেখতে পাই নাই। দেখিতে দেখিতে সব ক'টি পান মাটীতে পড়িরা গেল। আমি থোকার পঠে একটা চড় মারিরা বলিলাম, "মরণ হয় না, মুখপোড়া।"

ঠানদিদি অমনি "ষাট্ বাট্" বলিয়া ছেলেটিকে কোলে তুলিয়া লইলেন! মহাবাস্ত হইরা তাহার মাধা হইতে পা পর্যান্ত হাত বুলাইতে লাগিলেন। "আমাকে বলিলেন, "দেখ্ বিমলা, এমন কাজটি আর করিস্না, ভূলেও—স্বপ্নেও ঘেন এমন অলক্ষণে কথা মনেও আনিস্না, মুখেও আনিস্না।"

আমার প্রাণে তথন বড় অমুশোচনা হইতেছিল, কিন্ত বলিলাম, "সাধে কি বলি ঠানদি, দেখ দিকিন্ পানগুলো কি ক'রে দিলে ?"

"হাঁরে পোড়ারম্থী, তুই তো কথাটা ব'লে দিয়েই থালাস, কথাটা গিয়ে কোন্ দেবতার কানে উঠে, মনে গাঁথা রইল, সে ববর তো তুই রাধিস্ না। বাট্ বাট্ বাছা বাট্ বাট্।" ঠানদিদির চোধ দিয়া জল গড়াইরা পঞ্জিল।

আমি কিছুক্লণ কথা কহিলাম না, মমে মনে ঠাকুরদেবতার কাছে মাথা কুটিলাম, আমার বাছার বেৰ অকল্যাণ না হয়। অনেকক্ষণ ছ'জনে চুপ করিয়া রহিলাম, আকাশ-পাতাল কত কি ভাবিলাম, শেষে আমি বলিলাম, "হাঁ ঠানদিদি, দেবতারা কি মাহুষের কথা ভানেন ? ভাবে মাহুষ বে দিন-রাত এত মানত, করছে, কই, কার কি হচ্ছে ?"

ঠানদিদি চোথের জল মুছিতে মুছিতে গন্তীরভাবে বলিলেন, "হাঁ, তাঁরা মানুষের কথা শোনেন, রাথেনও; কিন্তু দে কেবল তা'দের শান্তি দেবার জন্ত। আমার মনের একটা বড় গোপন কথা ভবে তাঁরা আমার কি শান্তিই দিয়েছেন।"

ঠানদিদি দীর্ঘনিখাস ত্যাগ করিলেন। কিছুক্রণ পরে বলিলেন, "দেখু বিমলা, তুই আমাকে জিল্ঞানা করেছিলি, আমি অনাচারী কেন? নে কথা তোকে খুলে বল্বো। কথা শুন্লেই বুঝতে পার্বি, ভগবান্ কেমন ক'রে আমাদৈর কথা রাধেন?"

ठानंतिक छात्र कीयन-काहिनी वनित्तन।

ঠানদিদির কথা

্রুণানি বৌবনে বড় স্থলারী ছিলাম। আমার স্বামীও পরম স্থপুরুষ ছিলেন। স্থামী মঞ্জঃ ছরপুরে বড় চাকরী কর্ত্তুন, তাঁর বিভাবুদ্ধির বিশেষ খ্যাতি ছিল, মেরেমহলে আমার খ্যাতি তাঁর চেরে কম ছিল না।

স্বামী আমাকে বেমন ভালবাসিতেন, তেমন বুঝি কোনও স্বামী কথনও কোনও জীকে বাসেনি। আমিও তাঁকে খুব ভালবাসিতাম। সারীদিনরাত্তি আমার সব কান্ধ, সব চিক্তা কেবল আমার স্বামীকে বিরিয়া থাকিত। তিনি সে কথা জানিতেন, আর আমার ছোট ছোট সেবা ও ছোট ছোট কথার বে চরিতার্থতা তাঁহার মূথে ফুটিরা উঠিত তাহাতে আমার হুলয় গর্কে ফুলিরা উঠিত। ভাবিতাম, আমার মত ভাগ্যবতী পৃথিবীতে আর আছে কি ?

ী আমার বরস বধন উনিশ, তধন আমার আমীর বরস পঁচিশ।
সেই সমর তাঁর একটা পদোরতি হইল, কাজও অনেক বাড়িরা
গেল। আগে থেমন দিন-রাত তাঁহাকে আমার কাছে পাইতার,
এখন আর তাঁহাকে জেমন পাই না। বাড়ীতেও তিনি সদা-

সর্বাদা কাব্দে এত ব্যস্ত পাকিতেন যে, ঙাঁহার সহিত কথাবার্তা ঘটনা উঠিত না।

(

এই সময় একদিন স্মামি জানালার ধারে বসিয়া আছি, দ্বের রান্তা দিরা একটা নীলকর সাহেব বাইতেছে। এমন সময় স্থামী পিছনদিক্ হইতে আসিয়া ধলিলেন, "কি গো সতি, অমনি ক'রে পুরু বিরহ্যাপন কর্ছ ?"

আমি হাসিরা বলিলাম, "কি রকম ?" অপ্রত্যাশিতভাবে তাঁহাকে পাইরা আমার সমস্ত শিরার শিরার নাচন উঠিয়াছিল, সে কথা তাঁর কাছে গোপন রাখিতে পারিলাম নঃ।

তিনি বলিলেন, "বলি, ডেভিড সাহেবের সহিত কি প্রেমালাপ হচ্ছিল ?" বলিয়া তিনি আমার চিবুক টিপিরা ধরিলেন।

"বাও" বলিরা আমি মহারাগ করিরা সরিরা গেলাম। তিনি গলবন্ধ হইরা বলিলেন, "মাফ কিন্ধিরে মেম সাব, গোন্ডাকী কিরা।"

আমি হাসিয়া বলিলাম, "মাফ করা গেল, কিন্তু এমন গোন্তাকী যেন আর না হয়।"

কিন্তু এমন গোন্তাকী তাঁর প্রায় হইত।

এমন সময় আমার বিসতৃতো দেবর শচীকান্ত আমাদের বাড়ীতে আসিরা উঠিল। যে তথন এম, এ, পড়িতেছে, শরীর কিছু ধারাপ হওরার সে মজক্ষরপুরে হাধ্যা ধাইতে আসিরাছে। • • শচীকান্তের বয়স তথন একুশ বাইশ। স্থন্দর মা হইলেও তাহার শরীরে সৌঠব ছিল, আর চকু হু'টি তা'র এক অপূর্ব্ব প্রতিভার আলোকে উজ্জল ছিল। কথাবার্তার সে অধিতীয়। তার কথার ও তার ভাবভঙ্গীতে এমন একটা মিষ্ট মোহের স্পষ্টি করিত যে, একবার বসিলে আর তা'র কথা ফেলিয়া কেছ উঠিতে গারিত না।

শচীকান্ত হইল আমার অবসরের সঙ্গী, কর্মে সহচর। দিন-রাত সে কাছে কাছে থাকিত, দিন-রাত তা'র মধুমর কথা শুনিতাম, শুনিয়ঃ তৃপ্তি হইত না।

একদিন তুপুরবেলার আমাদের বাংলার বারান্দার বসিয়া আমি জামা সেলাই ° করিতেছি, শচীকান্ত একথানি বই শইরা বসিয়াছে। বুই কোলে রাখিয়া শচী গ্রন্থ করিতে লাগিল, আমিও সেলাই কোলে রাখিয়া শুনিতে ও মাঝে মাঝে সার দিতে লাগিলাম। বেলা ভিনটা বাজিয়া গেল, তাহারও পড়া অগ্রদর হইল না, আমার সেলাইও বেমন তেমনি রহিল।

এমন সমর আমার আমী হঠাৎ আছিল হইতে ফিরিয়া আসিলেন। আমি অক্তমনস্কভাবে তাঁহার দিকে চাহিরা বলিলার, "কি গো, এত শীগ্রির ফিরে এলে ?"

"বড্ড মাথা ধ'রেছে," বলিয়া তিনি বরের ভিতর চুকিয়া ·পড়িলেন। সে দিকে ৵মামার মোটেই মন ছিল না বলিয়া

সে কথা আমার কানেই গোল না। আমি শচীকান্তের কথা শুনিতে • লাগিলাম। থানিক পরে তা'র কথাটা শেষ হইলে ঘরে গিরা দেখিলাম, আমার স্থামী মাধার যন্ত্রণায় ছট্কট্ করিতেছেন।

আমি ব্যস্ত হইয়া বলিলাম, "বড্ড মাথা ধ'রেছে কি ?" ঘরে আসিরাই আমি অত্যস্ত সঙ্কৃতিত হইয়া পড়িয়াছিলাম; বুঝিয়াছিলাম বে, আমার বড় ক্রটি হইয়াছে,—তাঁর পিছু পিছু ঘরে না আসার। তাঁর মাধার বন্ত্রণা আমার সেবার মত অন্ত কোনও উপারে আরাম হইত না।

স্বামী গম্ভীরভাবে বলিলেন, "না--যাও।"

আমার বুকের ভিতর ছড়্-ছড়্করিরা উঠিল। আমি আর কথা কহিতে পারিলাম না"। এক গ্লাস জলে ওডিকোলন ঢালিরা আনিরা বলিলাম, "এসো, মাথাটা ধুইরে দিয়ে বাতাস করি।"

তিনি কিছু না বলিয়া আমার হাত হইতে গ্লাসটা লইয়া মাথা ধুইরা ফেলিয়া বিছানায় শুইরা পড়িলেন। আমি নিতান্ত অপরাধীর মত চুপ করিয়া দাঁড়াইরা রহিলাম; আমার বুক ঠেলিয়া কি-বেন-একটা উঠিতে লাগিল। খানিক বাদে আমি নিঃশব্দে পাথা লইরা স্থামীর শির্বে ব্লিয়া বাতাস করিতে গ্লাগিলাম। স্থামী কিছু বলিলেন না।

শচীকান্ত আসিরা জিজাসা করিল, "দাদা, ভোমার কি অস্থ ক'রেছে ?" ু স্বামীর মুথে একটা বিরক্তির টিক দেখিতে পাইলাম, কিন্তু তিনি চুপ করিয়া চকু বুজিয়া পড়িয়া রহিলেন। আমি শটীকাস্তকে ইজিত করিয়া কথা কহিতে বারণ করিয়া সরিয়া যাইতে বলিলাম। তাহার মুথ হইতে মুথ ফিরাইয়া আমি দেখিলাম, স্বামী আমার মুথের দিকে চাহিয়া রহিয়াছেন। আমি চাহিতেই চকু মুদ্রিত করিলেন। আমি বুঝিলাম, আমার মুথ-চোথ লাল হইয়া উঠিল, বুকের ভিতর কাঁপিতে লাগিল।

স্বামী বুমাইরা পড়িলেন; আমি পাধা রাধিয়া আন্তে আন্তে বারান্দার উঠিয়া গেলাম। সেধানে শচীকান্ত একথানা তক্ত-পোষের উপর ক্র কুঞ্চিত করিয়া বসিয়া কি যেন ভাবিতেছে।

আমি গিরা বুসিতেই তাহার মুথ প্রদন্ধ হইরা উঠিল। তাহাতে আমার বুকের ভিতর বেন কেমন করিরা উঠিল। আমি বেন একটু কাঁপিতে লাগিলাম। আত্তে আতে গিরা সেই ভক্তপোবের উপরে বসিরা পড়িলাম।

তার পর ক্রমে একথা ওকথা হইতে হইতে আমার সঙ্কৃতিত ভাবটা কাটিয়া গেল, শচীকাস্ত তাহার সেই প্রাণস্পর্শিতাবে, কথা কহিতে আরম্ভ করিল, আমি আগ্রহের সহিত মন্ত্রমুক্ষের স্থায় শুনিতে লাগিলাম। কথাটা অতি ভূচ্ছ, তাহাদের কলেক্ষের কোন প্রফেন্যুরের কেমন হাস্তকর বিশেষত্ব আছে, তাই সেবর্ণনা করিতেছিল। কিন্তু সেকথাগুলি এমন সরল করিয়া

দ্বিতীয় পক

বলিত আর তার গলার আওয়াজ এক আশ্চর্যা মিট ছিল হে, যত তৃচ্ছে কথা হোক না কেন, কান পাতিয়া শোনা ছাড়া উপায় ছিল না।

এমন করিয়া কতক্ষণ গেল, ব্ঝিতে পারিলাম না। যথন প্রায় হর্ষান্ত হইতেছে, এমন সময় শচীকান্ত বলিল, "বৌদি, থালি কি কথা থাইয়েই আমায় রাথ্বে না কি ? থাবার দাও।" আমি লজ্জিত হইয়া একটু হাসিয়া উঠিলাম। দেখিলাম, শচী একাগ্রচিত্তে আমার মুখের দিকে চাহিয়া রহিয়াছে। আমার কান পর্যান্ত লাল হইয়া উঠিল, আমি লজ্জিত ন্যবধ্র মত ঈষ্ৎ হাসিয়া চলিয়া গেলাম।

মিথ্যাকথা কহিব মা। শচীর চোণ্ডের ভাষা আমি বুঝিরাছিলাম। ডাহাতে আমার রাগ করাই উচিত ছিল; কিন্তু আমি ণোড়ারমুখী—তাহার উপর রাগ হইল না, লজ্জা পাইরা আমি তাহার হৃদরের তৃষ্ণা বাড়াইরা দিলাম, হর তো বা আলাও দিলাম।

ব্যরের ভিতর আসিছেই দারণ বেদনা অনুভব করিলাম।
আমার চরিত্রের হুর্মণতা মেথিরা নিজেকে শৃত শত থিকার দিতে
লাগিলাম। আমার কালা পাইতে লাগিল। কেবলি মনে
হুইতে লাগিল, শুটী আমার্কের এখানে আসিল কেন ?

আংকাশপাতাল ভাবিছে ভাবিতে থ্বারের থালা লইরা ৬৬ শ্চীকান্তকে দিতে গেলাম; এবার আত্মরকার কৃষ্ণ প্রস্তুত হইরাই গেলাম—আর তাহাকে প্রশ্রের দেওরা চলে না। আমি গন্তীরভাবে থাবারের থালাটি রাখিরা বাইবার উদ্যোগ করিতেছি, এমন সমরে সে বলিল, "ওরে বাপ রে, এ বে গন্ধমাদন পর্বত; এতগুলো আমি থাব কি ক'রে ?"

আমি বলিলাম, "ভার মানে আমি হন্মান্। বলি, এমন কভ গন্ধমাদন ভোমার পেটে রোজ কভটা যায়, "ধ্বর রাথ কি ?"

হার, কোঞ্বার গেল আমার গান্তীর্য্য, কোণার গেল আমার আত্মরকার আরোজন!

দে বলিল, কিছুইডই সে এতগুলো থাইতে পারিবে না, এবং ধরিরা বসিল, আমাকে ভাহার সঙ্গে থাইভেই হইবে। আমি ভাহার পীড়াপীড়ি এড়াইতে পারিলাম না। আমার কেমন একটা অবস্থা হইরাছিল বে, সে কিছু জোর করিরা ধরিলে আমি "না" বলিতে পারিভাম না। নিভাস্ত পীড়াপীড়িতে আমি একটা মিষ্টি তুলিরা থাইলাম। সে বলিল, "ওতে হবে না, এই পানভূরটা নিভে হ'বে।" আমি, অখীকার করার সে আমার হাত চাপিরা ধরিরা পানভূরটো হাতে গুঁলিরা দিল। আমার শিরার ভিক্তর রক্ত হঠাৎ চক্তর হুরা উঠিল।

ठिक সেই সময় স্বামুী আসিয়া সন্মুধ দিয়া বারান্দায় ঢুকিলেন।

দ্বিতীয় পক্ষ

আমার সম্বন্ধ শরীর একবার যেন কাঁশিরা উঠিল, তাঁহার মুখের দিকে চাহিতে সাহস হইল না।

তিনি বে কথন বিছানা হইতে উটিয়া ভিতরের দিক্ দিরা বাগানে বাহির হইয়া গিরাছেন এবং কতক্ষণ বে সেখানে পারচারী করিয়া আসিরাছেন, তাছার আমি কোনও থবর রাখি নাই। ধাবার আনিবার সমন্ত্র বিরাছিলাম বটে; কিন্তু তথন আমি এত তন্মন্ত্র হইয়াছিলাম বে, তাঁহার কথা মনেই হয় নাই এবং তিনি বিছানার আছেন কি না, লক্ষ্য করি নাই।

আমি অত্যন্ত সন্ধৃতিভভাবে ভালা গলার বছকটে বুকের কাঁপুনি চাপিরা বলিলাম, "কথন্ উঠলে তুমি ?"

শ্বামী হাসিয়া বলিলেন, "সে ধবর নেবার ৩তা অবসর হয়নি, দেওরটি নিয়েই ব্যস্ত আছে।" তাঁর মুধ প্রশাস্ত, কিন্তু যেন একটা ক্ষীণ বিষাদের ছায়ার আবৃত্ত।

এ কথার আমি অসম্ভব লাল হইরা উঠিলান, পা হইতে মাথা পর্যান্ত ভিতরে ভিতরে কাঁপিতে লাগিল, সর্বাঙ্গ যেনুন ঘামিরা উঠিল। ডেভিড সাহেবের: কথার তো কথনও এমন হর নাই।

শচীকান্তও বেন কেমন: একটু অপ্রস্তৃতভাবে থাবার থাইতে লাগিল।

কিছুক্ষণ চূপ করিয়া থাকিয়া, আমি কথঞ্চিং আত্মসংবরণ করিয়া বলিলান, "মাথাটা ছেড়েছে কি ?" . শামী বলিলেন, "হাঁ, অনেকটা।"
আমি বলিলাম, "থাবার দেব কি ?"
শামী হাসিরা উত্তর করিলেন, "আমার কি আর থাবার
দরকার আছে ? তোমাদের তো হরে গেল দেখছি। আমার

% তো একবার ধবরও করলে না ?"

তাঁহার কথার ভাবে আমার মনের সঙ্কোচ অনেকটা স্থাটিরা গেল। আমি তাড়াতাড়ি গিরা তাঁর থাবার আনিরা দিলাম এবং চা করিরা দিলাম। তার পর কথার-বার্তার সন্ধ্যা হইরা আসিল, আমার মন অনেকটা পাতলা হইরা আসিল। রাত্রে শুইয়া আকাশ-পাতাল ভাবিতে লাগিলাম। ঘটনায় আমার ম্পষ্ট জ্ঞান ছইল যে, আমি একটা প্রবল স্রোতে ভাসিরা ছটিরাছি-এই শুচীকান্তের দিকে। আমার হৃদর যে কত দূর চঞ্চল হইয়াছে, কি এক বিষম নেশায় আমাকে পাগল করিয়া তুলিয়াছে, ভাহা নিজের ননের কাছে গোপন করিতে পারিলাম না। আমি মনে মনে নিজেকে তিরস্থার করিতে চেঁষ্টা করিলাম. কিন্তু মনের ভিতর সে তিরস্কার পৌছিল না, শচীক'জ্বৈর কথামাত্রে প্রাণের ভিতর এমন একটা পুলকের ঢেউ উঠিল, তার সাম্নে দব যেন ভাসাইয়া লইয়া চলিল। ভগবান্কে ডাকিয়া বলিলাম, **"আমায় এ বিপদ হইতে রক্ষা কর।" কিন্তু সে কথা** মুখেই বহিল, প্রাণের ভিতর যে প্রাণ, সে বলিল, "এ স্থাধের নেশা যেন ভাঙ্গে না।" আপনার ভিতর এ বিরোধ লইয়া আমি পর পর স্থাও ছঃথের বেদনার একেবারে চরমার তইবার মত হইলামু। শেষ আমার স্থপ্ত স্বামীর পা তু'থানি জড়াইয়া ধরিয়া কাঁদিতে লাগিলাম, কাঁদিতে কাঁদিতে বুমাইয়া পড়িলাম। কাঁদিলাম ছ:থে —নিজের ভিতরকার এই বুদ্ধের অসহনীয় বেদনায়। কাঁদিলাম.— আমি ভাল হইতে চাহিতে পারিলাম না বলিয়া। আঁর কাঁদিলাম সত্য দু:থে.— আমার স্বামীর হৃদরের জাসা অমুভব করিরা।

বেঁচারা সমস্ত জীবন আমার হাতে সমর্পণ করিয়াছে, 'আমা বই কিছু জানে না, তার প্রাণে এ সন্দেহের বেদনা কি নিদারুণ, তাই ভাবিয়া কাঁদিলাম। আমার পোড়ার মুথ, আমি তার এ বেদনার কেন সৃষ্টি করিলাম।

কতক্ষণ এমনি করিয়া ভইয়াছিলাম, জানি না। জাগিয়া দেখিলাম, স্বামী আমার মাথা বুকের কাছে টানিয়া লইয়ুছেন, তাঁহার বুক প্রবলবেগে আন্দোলিত হইতেছে। আমি জাগিতেই তিনি বলিলেন, "তোমার উপর আমি বড় অবিচার করিয়াছি! তোমার ভালকাঁমার এক মুহুর্ত্তের জন্মও সন্দেহ করিয়াছি, এটা বড় নিষ্ঠুরের কাজ হইয়াছে। তুমি আমার ক্ষমা কর।"

আমি আমার কীলামুথ তাঁর বুকের ভিতর লুকাইলাম।

পরদিন সকালে উঠিয়া আবার সেই সব কথা ভাবিতে লাগিলাম। আমার উঠিতে কিছু দেরী হইয়াছিল, আমী তথন শ্যা
ত্যাগ করিয়া গিয়াছেন। আমি বিছানায় বসিয়া ভাবিতে
লাগিলাম।

পূর্বরাত্তের সে অফুশোচনার তীত্রতা তথন যেন আশ্চর্যারক্ষম
কাটিরা গেল; বরং আমার মনশ্চাঞ্লোর স্থপক্ষে নানা ওঞ্জর
খুঁজিতে লাগিলাম। স্বামীর সন্দেহটা দ্র হইরাছে, তাহাতে
অপূর্ব আত্মপ্রশাদ লাভ করিলাম। মনটা আবার কেমন ভয়ানক
চঞ্চল হইরা উঠিল।

' দ্বিতীয় পক

বিছানা হইতে উঠিয়া মৃথ-হাত ধুইয়া থাবার করিতে গেলাম; চা' করিলাম—সব অন্তমনস্কভাবে! আমার মনের ভিত্তর কেবল এক অপূর্ব্ব মধুর স্থর বাজিতেছিল। মাবে মাঝে মনে হইতেছিল, এটা অন্তায়, কিন্তু তথনি সে চিস্তাকে সরাইয়া দিয়া আবার মনের আবেগ আপন পথে ছুটিয়া চলিতে লাগিল, আমি সম্পূর্ণরূপে আঅ্থয়ার হইলাম। ক্রমে শচীকাস্ত কাছে আসিয়া জুটিল, আমি সকল চিস্তা, সকল তঃথ ভূলিয়া তাহার প্রীতি-সাগরে হার্ডুব্ থাইতে লাগিলাম। আমাদের কথাবার্তা সবই অত্যন্ত ভূচ্ছ বিলয়। কিন্তু আমি বুঝিলাম, তাহার মনের ভিতর কিনের টেউ থেলিয়া এই সব ভূচ্ছ কথার ভিতর দিয়া আপনার রসের ধারা মিলাইতেছে। সেও যে আমার মনের কথা বুঝিল, তাহাতেও আমার কোনও সন্দেহ ছিল না। কিন্তু তবু আমাদের ভিতর শুধু একটা চোথের পদ্দার অন্তম্বাল রহিয়া গেল।

আমার স্বামীর নিকট ছইতে আমার মন বে কথন্ অলক্ষিতে সরিয়া গেল, তাহা আমি বৃঝিতে পারিগাম না, কিন্তু কিছুদিন মধ্যেই দেখিলাম, স্বামীর সঙ্গ আমার কাছে প্রীতিকর হওয়া দ্রে থাকুক, বতক্ষণ তাঁহার কাছে থাকিতে ছইত, ততক্ষণ বেন একটা বোঝা ঘাড়ে চাপিয়া থাকিত; তাঁহার নিকট ছইতে মুক্তি পাইলে হাঁফ ছাড়িয়া বাঁচিতাম! মাঝে-মাঝে এমন কি, তাঁকে একটা আপদ্ বলিয়া মনে হইত। যথন আমরী হ'জনে—আমি আর

শঁচীকান্ত বদিরা বেশ গল্ল জমাইরা লইরাছি, সে সমর্য যদি তিনি আদিরা বদিতেন বা আমাকে ডাকিতেন, তবে আমার মনটা থেন বিষ হইরা উঠিত, মনে হইত, আপদ গেলে বাঁচি। কথাটা মনে হইলেই কর্তুবাবৃদ্ধি বাধা দিত, মনে মনে বালতাম, বড় অভার করিতেছি! কিন্তু কর্তুবাবৃদ্ধির উপদ্রবটা ক্রমশঃই বেশী গা-সওরা হইরা উঠিতেছিল।

ইহার পর হইতে আমার স্বামীর মাথা-ধর্মটা বড়ই বাড়িয়া উঠিল। প্রায়ই তিনি আফিস হইতে অসমরে মাথা ধরিয়! বাড়ী ফিরিতে লাগিলৈন। আমি মনে মনে ছির বুঝিলাম যে, ইহা কেবল আমাকে জব্দ করিবার ফলী, অসমরে হঠাৎ বাড়ী আসিয়৷ দেখিতে চান, আমি ও শচীকান্ত কি করিতেছি। এ কথা ভাবিতে আমার বড় রাগ হইত। এত অবিধাস! আমি করিয়াছি কি? শচীকান্তের সঙ্গে আমার সম্বন্ধে যে কিছুমাত্র অভায় কিছু আছে; এ সময় আমি তাহা মনের কাছে কিছুতেই স্বীকার করিতে চাহিতাম না, কেবল দিন-রাত নিজের কাছে নিজের সাফাই গাহিতাম, আর মনকে বুঝাইতাম যে, আমি কোনও দোষ করি নাই, আমার স্বামীরই অভায় সন্দেহ!

দোব আমার শরীর স্পর্শ করে নাই, কিন্ত আমার অন্তর্গ যে স্বামীর নিকট সম্পূর্ণ অবিখাসী এবং শচীকান্তের উপর অনুস্কুক্ত, এ কথা তথন ভাল কর্মিরা শ্রীকার করিতে চাহিতাম না।

আমার আরও রাগ হইত আমার অদৃষ্টের উপর। আমি হঠাৎ আমার স্বামী আদিয়া পড়িতেন, ঠিক সেই সময়ই তিনি আমাদিগকে এমন একটা অবস্থায় দেখিতেন--যাহাতে হঠাৎ লোকে সন্দেহ করিতে পাল্প। একদিন আমরা বাগানে বেড়াই-তেছি, শুচী আমার পশ্চাতে পশ্চাতে কপিক্ষেতের আইল দিয়া হাঁটিয়া আদিতেছে। হঠাৎ আমি পা হডকাইয়া পড়িবার মত हरेल **मं**ठी পिছन हरेला पृष्ठात ध्रित्र। ফেলিল, আমার চুল থুলিয়া তাহার পিঠের উপর দিয়া ঝুলিয়া পড়িল। আমি সামলাইয়া উঠিয়া দেখিলাম, আমার স্বামী ঠিক তথনি আফিদ হইতে ফিরিয়া व्यामित्नन। व्यामात्र महिक (म्थारम्थि इटेर्डिटे मूथ किंद्राटेग्ना গজীবভাবে চলিয়া গেলেন। আর একদিন আমরা পাশাপাশি ছুইখানা চেয়ারে বসিয়া কথা কহিতেছি, একটা মশা আসিয়া আমার চোথের পাশে বদিল: শচী যাই মশাটা মারিবার জক্ত একটা পাপ্লড় দিয়াছে, অমনি স্বামী আদিয়া উপস্থিত। আনরা ড'ৰুনেই মহা অপ্ৰস্তত হইয়া ভেবাচেকা খাইয়া গেলাম। শচী वनिन, "পার্লাম না, মশাটা উড়ে গেল।" 'কথাটা সত্য হইলেও" কেমন ফাঁকা-ফাঁকা ভনাইল--বেন একটা বাজে ওজর। এমনি প্রায় রোজ একটা-না-একটা কিছু হইত-না বাস্তবিক কিছু দোষের নর, কিন্তু যা দেখিয়া স্বামী নিশ্চয় একটা ভয়ানক জ্ঞায়

কিছু মনে করিতেন। আর তা'তে আমরা ত্র'জনেই সাহাব্য করিতাম,
—আমাদের ব্যবহার ছারা। এই রকম অবস্থার আমী আমাদের
দেখিলেই ত্র'জনেই যেন কেমনতর হইয়া যাইতাম—মুধ, চোধ,
কান লাল হইয়া উঠিত, হয় তো এমন একটা কথা, এমন একটা
অযাচিত বাাধাা দিতাম, যাহাতে সন্দেহ বাড়িত বই কমিত না।

আসল কথা এই যে, আমরা তিন জনেই পরস্পারের মনের তাব খুব স্পষ্ট করিয়া বৃঝিয়াছিলাম, কিন্তু যেন বৃঝি নাই, এমনি তাণ করিয়া স্বাই স্বার সঙ্গে লুকোচুরী খেলিতেছিলাম—তাই আমাদের এ বিপত্তি।

আমার যে অনুশোচনা না হইত, এমন নহে; কথনও কথনও কথনও নিরিবিলিতে কাঁদিরা ত্রুক্ ভাসাইতাম; কিন্তু এই সকল সমরে যথন স্থামীর অভিযোগপূশিকৃষ্টি দেখিতাম, তথন খেন আমার হুদ্র বিদ্রোহী হইয়া উঠিত। মনকে কেবলি বুঝাইতাম, তিনি আমাকে অক্সাররপে সন্দেহ করিতেছেন। হৃদর তাঁহার উপর বিষাক্ত হইয়া উঠিত; এক এক সময় মনে হইত, যে আমার উপর এমন অক্সার সন্দেহ করে, এক মুহুর্ত্তও আর তাহার সহিত যেন বাস করিতে না হয়।

একদিন আমি বাড়ীর ভিতর কান্ত সারিয়া বারানায় আসি-তেছি, বারের কাছে আসিয়া শুনিতে পাইলাম, ছই ভাইয়ে কিকথা হইতেছে। আর্থম অগ্রসর না হইয়া কান পাতিয়া রহিলাম।

দ্বিতীয় পক্ষ

কথা হইতেছিল—শচীকাস্কের পড়া-শুনা সম্বন্ধে। স্বামী বলিলেন,
"তোর আর এবার এক্জামিন দেওয়া হবে না। এথানে থেকে
যা পড়ছিদ, তাতে তো থার্ড ক্লাশও হইবার সম্ভব নেই।"

শচীকাস্ত থেন কতকটা বিব্ৰত কতকটা উত্তপ্ত হইয়া উত্তর করিল, "এ পর্যাস্ত তো কোনও এক্জামিনে ফার্ট ক্লাশের নীচে হটনি, একটু দেখই না, এবার কি হয়, তার পর বলো।"

স্বামী বিরক্ত হইয়া বলিলেন, "আচছা, দেখা যা'ক্।" তা'র পর কিছুক্ষণ চুপ করিয়া থাকিয়া, একটু কা'দয়া বলিলেন, "আমি বলি, এই সময় একটু চেষ্টা-চরিত্র কর্। কল্কাতায় গিয়ে এ হ'মাস প'ড়ে যাতে ভাল হ'তে পারিস, তা'র চেষ্টা দেখ্।"

কথাটা শুনিয়া আমার পা হইতে মাথা শর্যান্ত জ্লিয়া উঠিল। আমি বৃথিলাম, শচীকান্তকে কলিকাতার পাঠাইবার গরজের কারণ আমি। পড়া-শুনার শচীকান্ত খারাপ হইতে পারে, এ কর্মনাও আমার কথনও আনে নাই, কাজেই সেটা সম্পূর্ণ বাজে কথা বলিয়া উড়াইয়া দিলাম। এ সব যে কেবল শচীকান্তকে আমার নিকট হইতে দ্ব করিবার ফিকির, সে সম্বন্ধে আমার সন্দেহমাত্র রহিল না। আমি অক্ষম রোঁষে আপনি পুড়তে লাগিলাম। বারান্দার না গিয়া ঘরের ভিতর বিছানার উপর বিদ্যাপতিলাম।

এখন ভাবিতে আশ্চর্যা বোধ হয়, তখন আমার বোধ হইতে-৭৬ ছিল, বেন স্থামী আমার জন্ম-জন্মান্তরের শক্ত। অপমানে আমার ফলর জর্জ্জরিত হইতেছিল। ভাবিতেছিলাম, 'হার! এ অপমানের হাত হইতে উন্ধার হইবার কোনও উপার নাই কি ?' কত অসম্ভব করনা আমার মাধার আসিতে লাগিল। স্থামীর গৃহত্যাগ করিয়া স্থামীন হওয়া একটা করনা প্রের হুরাশার মত আমার চক্ষের সন্মুখে ভাসিয়া উঠিল। বৈধব্যের করনাও প্রীতিকর বোধ হইল। সলে সঙ্গে, লজ্জার কথা বলিব কি, শচীকান্ত আমার সেই পতিবিহীন জীবনের সহিত বিজ্ঞাতিত হইয়া গেল। বিধবাবিহাহ, দেবরেয় সহিত পরিণয় প্রভৃতি কত করনা আমার যেন সম্পূর্ণ অক্তাতসারে মনের উপর দিয়া ছবির মত ভাসিয়া গেল— সেকরনার আমি একটা অ্যামুথিক আনন্দের কম্পন শরীরের ভিতর অফভব করিলাম।

t

পরক্ষণেই মনকে সংযত করিলাম; করানার মৃঢ্তা ও নির্চূরতা উপলব্ধি করিয়া নিজেকে একটু তিরস্কার করিলাম। কিন্তু আমার এই তুচ্ছ মুহুর্জের অসাবধান প্রচ্ছের কামনা দেবতার হৃদয়ে ছাপ মারিয়া দিল; তিনি আমার এই ছুর্দান্ত কামনা পূর্ণ করিয়া স্পামার চরম শান্তির রিধান করিলেন।

আমার স্বামীর মাথা-ধরাটা একটু বেশী হইতেছিল। আমি মনে করিয়াছিলাম, সেটা শুধু আমাদের জব্দ করিবার একটা অছিলামাত্র। কিন্তু শীঘ্রই দেখিলাম, আমার অভিযোগ মিথা। সংশ সংশ তাঁহার শরীর আশ্চর্যারকম রোগা হইরা বাইতেছিল, কিন্তু আমার অন্ধ নরনে তথন সেটা পড়ে নাই। একদিন তিনি আফিস হইতে থুব বেশী বাথা-প্ররা লইরা ফিরিলেন। কিছুক্ষণ শুক্রারার পর তিনি ঘুমাইরা পড়িলেন। আমি নিশ্চিস্ত হইরা উঠিরা গোলাম। প্রায় আধ্বণ্টা পর আদিরা দেখি, তিনি তেমনি পড়িরা আছেন, গার হাত দিতে দেখিলাম, ভয়ানক জর। আমি থারমমিটার আনিয়া সাবধানে তাহা লাগাইলাম। জর ১০৬ ডিগ্রীরও উপর। দেখিয়া পা হইতে মাথা পর্যাস্ত যেন মুহুর্ত্তের জন্ম অসাড় হইরা গোল, আমি ছুটিয়া শচীকাস্তকে ডাইলার ডাকিতে বলিলাম।

ডাব্দার আসিয়া পরীক্ষা করিয়া দেখিলেন, তাঁহার ঘুম হর নাই, মন্তিকের স্বড়তা উপস্থিত হইয়াছে। ঔবধ আনিতে দিয়া তিনি শুশ্রবার বন্দোবন্ত করিতে লাগিলেন। তা'র পর ঔবধ আসিলে এক দাগ বাওয়াই তিনি বলিলেন, "একবার ডাব্দার সাহেবকে ডাকাও, অবস্থা শুক্তর বোধ হইতেছে।"

আমার তথন বৃক ফাটিয়া যাইতে লাগিল, অবদর হইরা বদিরা পড়িলাম, গত ছই মাদের সমস্ক ঘটনা অস্বাভাবিক ক ক্রন্ততার সহিত মনের ভিত্তর ঘুরিরা ফিরিয়া উঠিতে লাগিল। তাঁছার উপর যত অবিচার অন্ত্যাচার করিয়াছি, তাহা মনে হইয়া আমাকে কশাঘাত করিতে লাগিল। আরুসুর্বোপরি তাঁর সমস্ক জ্বনয়ভরা স্বার্থ-বিসর্জ্জিত ভালবাসার বে অপমান করিয়াছি, তাহাকে বে মিধ্যা স্নেহ দেখাইয়া বঞ্চনা করিয়াছি, সেই সব কথা মনে ভাবিতে যেন আমার মাধার নাড়ীগুলি ফাটিয়া পড়িতে লাগিল। ভাবিলাম, এমন বানরীর কঠে ভগবান্ কেন এ মুক্তাহার স্থলাইয়াছিলেন!

ডাব্রুণার বাবু আমার স্বামীর বরু। তিনি বলিলেন, "স্থির হ'ন মা। এ সমর আপনি অস্থির হ'লে কে কি করবে বলুন।"

কথাটা শুনিয়া আমার চমক ভাঙ্গিল। এক মুহুর্ত্তে যেন আমার ভাবপ্রস্তাহ জমাট বাঁধিয়া গোল। স্থির হইয়া বিদিয়া আমি আমীর শুশ্রুষা করিতে লাগিলাম। ডাক্তার সাহেব আসিলেন, আরও ছই জন ডাক্তাব আসিলেন, তাঁহারা কলিকাভার ঔষধাদির জন্ম টেলিগ্রাম করিয়া ষথাসাধ্য বত্ব করিতে লাগিলেন। একজন ডাক্তার সর্ব্বদাই বাড়ীতে থাকিতেন।

কিছুতেই কিছু হইল না। স্বামী আর চকু মেলিলেন না।

তৃতীর দিনে তিনি এই কুতল্প পাণিষ্ঠাকে ত্যাগ করিয়া গেলেন,

আমি মৃচ্ছিত হইয়া শচীকাস্তের পালের তলায় পড়িয়া গেলাম।

→ মৃচ্ছিত হইয়া আমি ছয় দিন ছিলাম। ক্রমে শচীকাস্তের

অক্লান্ত যতু ও পরিশ্রমে আমি স্বস্থ হইয়া উঠিলমি। ক্রমে আবার
সব কথা ভাবিবার শক্তি হইল।

স্বামীর মৃত্যুর পরু ছম্ন মাস আমি মজঃফরপুরে ছিলাম :

শচীকান্ত সঙ্গে ছিল; সে তাহার সমস্ভ জীবন আমার সেবার উৎসর্গ: করিয়াছিল। আমি স্পষ্টই বৃষিতে পারিলাম যে, যে প্রেমের বাজ আমি তাহার হৃদরে নিজ হাতে বপন করিয়া-ছিলাম, তাহা পজে-পুলেশ ফুলর হইয়া তাহার সমস্ত জীবন ওত-প্রোতভাবে আচ্চর কবিয়াচে।

এত বড় পাপিষ্ঠা আমি বে, তথনো আমার হৃদর হইতে তাহার লালসাঁ দ্র হয় নাই। আমি তথনও তাহার কথার তৃপ্ত, তাহার দর্শনে পুলকিত এবং তাহার কদাচিৎ স্পর্শে মুগ্ধ হইতাম। চাবুক মারিয়া আমি মনকে ফিরাইতাম, কিন্তু ফিরাইতে বেদনার প্রাণ ফাটিয়া যাইত।

আমি নিজেকে কট্টে সংযত করিতাম, কিন্তু তাহার হৃদয়ে কোনও আঘাত দিতে পারিতাম না। সে যদিও কোনও দিন একটি কথা বলে নাই, তবু তাহার হৃদয় পরতে পরতে আমার নিকট খোলা হইয়া পিয়াছিল। তাই কিসে তাহার আকাজ্ফা, কোথায় তাহার বেদনা, ভা' আমি না বলিলেও ব্রিতে পারিতাম। তাই আমি তাহাকে নিয়াশ করিতে—তাহার হৃদয়ে বাথা দিতে পারিতাম না। সে যথয় আমার কাছে আসিয়া বসিত, তাহাকে, ফিরাইতে পারিতাম না; আমার মুখের কথা শুনিয়া সে কুতার্থ হইত, তাহাতে আমি তাহাকে বঞ্চিত করিতে, পারিতাম না; আমার সেবায় সেবায় সে স্থণ পাইত, সে সেবা হইতে তাহাকে নিস্ত

করা আমার অসাধ্য ছিল। তাই মনের সলে বতই,কেন বৃদ্ধ করি না, তাহাকে প্রশ্রের না দিরা পারিতাম না।

ছর মাদ পরে আমার স্বামীর জীবন-বীমার পঞ্চাশ হাজার
টাকা আদিরা পৌছিল। শটাকান্তই চেষ্টা করিয়া টাকাটা বাহির
করিয়া দিয়াছিল; চেকথানা আদিতেই একটু কাঁপিতে কাঁপিতে
দে তাহা আমার নিকট দিয়া গেল। আমার বৃক ফাটিয়া
পড়িতে লাগিল, চেকথানা হাতে করিতে আমার বেন সমস্ত
প্রমীর পুড়িয়া যাইতে লাগিল—সে যে আমার স্বামীর রক্ত—
আমার বঞ্চনালক্ত কলকের যৌতুক! এই কথাটাই বার বার
আমার ব্যকর ভিতর আবাত করিতে লাগিল বে, আমি আমার
যামীকে আজীবন কি নিষ্ঠুর বঞ্চনা করিয়া আদিয়াছি! আমার
বাঁমিকে আজীবন কি নিষ্ঠুর বঞ্চনা করিয়া আদিয়াছি! আমার
বাঁটা মুক্তা দিয়া তাঁর জদয়ের অম্লা সম্পদ্ ঠকাইয়া লইয়াছি।
এই পঞ্চাশ হাজার টাকা আমার সেই জীবনবাাপী বঞ্চনার শেষ
উপার্জন!

শচীকান্ত আমার কাছে নীরবে দাঁড়াইরা ছিল। তা'র চক্ষ্ দ্রেখিরা ব্রিলাম—তা'র মনের কথা। তা'র প্রাণ চাহিতেছিল আমাকে—বুকের ভিতর টানিরা লইরা তা'র অসম প্রীতি দিয়া আমার হুংথ রিঃশেষ করিরা মৃছিয়া দিতে। তার বুকভরা ভালবাসা লইরা সে আমার হুরারে আসিরাছে—আমাকে শুধু দাম

দ্বিতীয় পক্ষ

₽-5

করিয়া যাইতে। মুহুর্ত্তের অক্স এই চিস্তার আমার মনে মেন একটা চরিতার্থতার ছারা পড়িল। কিন্তু সেই চেকথানার দিকে দৃষ্টি পড়িল। হঠাং আমার কর্ত্তব্য স্পান্ত হইয়া চক্ষের উপর ফুটিয়া উঠিল। কে যেন আমার ভিতর বলিয়া উঠিল—"ছি, আবার ঠকামি।" আমার স্বামীকে আমি যে নিদারুণ প্রবঞ্চনা করিয়াছি, আমার মনে হইল যেন, এই যুবককেও আমার সেই পৈশাচিক বঞ্চনার আর্ত্তে ফেলিতে বিদয়াছি। আমি বলিলাম, "আর না, আল এ বঞ্চনা শেষ করিয়া দিতে হইবে।"

আমি মুখ তুলিরা বলিলাম, "শচীকান্ত! তুমি আমাকে ভালবাস ?" শচীকান্তের সমস্ত শরীর হঠাৎ একবার কাঁপিরা উঠিল, সে একেবারে কাঁাকাশে হইরা গেল, প্র-মুহুর্ত্তে ভাহার মুখ লাল হইরা উঠিল, সে মাটীর দিকে চাহিন্না চুপ করিরা রহিল।

আমি বলিলাম, "আমি জানি, তুমি আমার ভালবাদ। এমন কি, আমারও মনে ছ'রেছে বে, শত চেটা সত্ত্বেও আমি বেন তোমাকে সমস্ত প্রাণ-মন দিয়ে ভাল না বেলে, আমার সমস্ত জীবন দিরে ভোমাকে আকাজ্জা না ক'রে পারিনি। কিন্তু আল সে ভূল ভেলেছে, আমি জেনেছি বে, আমি নিজেকে ঠকিরেছি, ভোমাকে দিলুরভাবে ঠকিরেছি; ভোমার দাদাকে আমি আজীবন ঠকিরে এসেছি; বখন তার চোধ কুট্লো, তিনি দেখ্তে পেলেন বে, কি নিষ্ঠুরভাবে তার সর্বাধ আমি ঠকিরে

নিম্নেছি, তথন আর তাঁর শরীর তাঁকে বহন কর্তে পার্লে না;
সর্ব্বত্যাগী মহাপুরুষ তিনি এই পাপিষ্ঠাকে সর্ব্য দান ক'রে স্বর্গে
পোলেন। এত বড় মহাপুরুষকে থেয়েও যদি আমার ক্ষ্ধা না
মেটে, আবার তোমাকে যদি আমি আমার বঞ্চনার আবর্ত্তে ডুবাই,
তবে বল্তে হবে যে, আমি ছনিয়ার সেরা পিশাচী। আমি তা
পার্বো না। তুমি আমাকে তাাগ কর। তোমাকে দেখুলে আমার
লোভ হয়, তুমি আমার কাছে আর এসো না। আমাকে ভ্লে

শচীকাঞ্চ দাঁতে নথ কাটিতেছিল; তার মুথের প্রত্যেক শিরা উপশিরা ফুলিরা উঠিরাছিল, সে নিপুণ ভাস্করের ধোদাই-করা বেদনার একথা<u>নি মন্ত্রি</u>র মত নিশ্চলভাবে দাঁড়াইরা রহিল।

আমি একবার মুগ্ধনেত্রে তাহাকে দেখিলাম। তার পর উঠির। তাহার গারে হাত দিয়া বলিলাম, "বল, আমার কথা রাধ্বে ?"

এইবার দে কাঁদিরা ফেলিল। চকু মৃছিতে মুছিতে বলিল, "আছো, ভোমার কথাই থাকুবে।"

সে চলিয়া গেল। আমি সেইখানে মাটাতে পড়িয়া গড়াগড়ি থাইতে লাগিলাম ; ুবুক ফাটিয়া যাইতে লাগিল। সে হঃথ আমি কাহাকে জানাইব ? হঃখীর আশ্রম, তার চিরদিনের শান্তিদাতা ভগবান, তাঁর কাছে আমি আমার এ হঃথ কোনু লজ্জায় জানাইব ? তাই কেবল বুক চাণিয়া মাটাতে পড়িয়া গড়াইতে লাগিলাম।

দ্বিতীয় পক্ষ

তার পর আর তাকে দেখি নাই। সে কেবল একথানা চিঠি কিথিরাছিল; তাহাতে বলিরাছিল যে, আমার চোথের সাম্নে সে দেখা দিবে না, কিন্তু এন্ড দিন সে বেমন মীরবে প্রত্যক্ষ প্রেম-প্রতিমার গোপন পূজা করিরা আসিরাছে, চিরদিন সে তেমনি করিবে। এ বিষয়ে আমার অনুরোধ সে রাখিতে পারিবে না।

সে চিঠির উত্তর আমি দেই নাই, কিন্তু অনেক দিন সে চিঠি-খানা বুকে করিয়া রাখিয়াছিলাম। শেষে ভাবিলাম, চিঠিথানি রাখিয়া, যে রত্নে আমার অপিকার নাই, তাহা চুরি করিতেছি। তাই তাহা ভম্মাৎ করিয়াছি।

আজ পর্যান্ত আমি শচীকান্তকে ভূলিতে পারি নাই। আজও তার স্থতি আমার বৃদ্ধ ক্ষরকে সরস করিয়া,ভূলে। অনেক চেষ্টা করিয়াও এখন পর্যান্ত স্বামীর প্রতি অবিখাসিনী রহিয়া গিয়াছি।

প্রথম কিছুদিন কঠোর ব্রক্ষণ্টর্য করিয়াছিলাম। দেখিলাম, তাহাতে আমার কোনও ক্লেশ হর না। পরে ভাবিলাম, হৃদরে আমীর প্রতি অবিশাসিনী হইরা বাহিরে একটা মিথা ক্লেশহীন কপ্তের আড়ম্বর রাখিরা লোকের প্রশংসা বা সম্মান ঠকাইয়া লইবার , আমার কোনও অধিকার নাই। তাহা ছাড়া ব্রস্কার্য্য করিয়া, আমার পাপের বোঝা ক্র্যাইয়া, আমার শান্তি হইতে নিজেকে বঞ্চিত করিব কেন ? যে পাপিঠা আমি, অনস্ক নর্ব আমার

যোগা। ব্রহ্মচর্যোদে বন্ত্রণা তিলমাত্র কমে, এমন ইচ্ছা আমি ক্রিতে পারি না।

ঠানদিদি থামিলেন, দেখিলেন, আমার চোথে জল। বলিলেন, "চোথের জলের এমন অপব্যয় করিস্না বোন্! আমার মত পাপিষ্ঠাকে ত্বণা কর্তে শেখ্। লোকে যদি আমার ত্বণা করে, আমি তাতে তৃপ্তি লাভ করি। লোকের সম্মানে বা স্নেহে আমার আতক হয়, মনে হয়, সারা জীবন কি কেবল ঠকামিই করিব? আমার যাহাঁ প্রাপ্য নয়, তা কি আমি কেবলি লোকের কাছে ঠকাইয়া লইব ?"

ঝি—

3

প্রভাতে স্র্রোদয় দর্শন জ্বামার অদৃষ্টে শেখা নাই। আমার যথন নিদ্রাভক্ষ হইল তথন বেশ বেলা হইয়াছে।

ঘুম ভাজিয়া গুনিলাম বাহিরে গৃহিণী কাহার সক্ষে কথা বলিতেছেন। বুঝিলাম ঝি নিযুক্ত করা হইতেছে। আমি চক্ষুরগড়াইতে রগড়াইতে বারান্দার গেলাম। বিরীন্দার অপর সীমার সিঁড়ি। গৃহিণী (পিলী বলিলে তিনি বড় চটেন, কেন না তাঁর বয়স তথনও কুড়ি পার হয় নাই, এবং তিনি সম্ভ বাড়ীতে বধ্ব ছাড়িয়া আসিয়া আমার কলিকাতার বাসায় গৃহিণী হইয়া বসিয়ছেন)—গৃহিণী তথন যলিতেছিলেন "মাইনে নেবে কত ?"

যাহাদের সঙ্গে কথা ছইতেছিল তা'দের একটির বেশ বয়দ হইরাছে; চিনিলাম, সে পাশের বাড়ীর ঝি। বিতীয়ার বয়দ গৃহিণীর চেয়ে বড় বেশী হঁইবে না। তাহার চেহারা শাস্ত সৌম্য তদ্রঘরের সেয়ের মত। একদৃষ্টিতে বেটুকু দেখিলাম তাহাতে তাহাকে বেশ স্থলায়ীই মনে হইল।

ঁগৃহিণীর কথার এই ব্যক্তির চোথ মুথ যেন অনকার হইয়া উঠিল, চোথছ'টো যেন একটু ছল ছল করিতে লাগিল।

আমার মনে হইল যে মাইনার কথাটা এ বেচারীর অনেক গুপ্ত বেদনার আঘাত করিয়াছে। এ বিষয়ে অসমার কোনও সন্দেহ রহিল না যে পরের বাড়ী দাসীবৃত্তি করা ইহার এই প্রথম।

সঙ্গিনী—পাশের বাড়ীর ঝি—তাহার হইয়া বলিল, "মাইনে মা, সবাই যা পার তাই দেবেন, তা'র চেরে কি আর বেনী হ'বে। এই সাঁড়ে তিন টাকা, ছ'ঝানা কাপড় তিনথানা গামছা।"

গৃহিণী কি যেন বলিতে যাইতেছিলেন, ভাহার পুর্কেই আমি বলিলাম, "আছো তাই হ'বে, ওই ঠিক ক'বে দাও।"

গৃহিণী, ঈষৎ ক্রক্ঞিত করিয়া আমার দিকে চাহিলেন।
তাঁহার গৃহিণীপণার উপর আমার এ অনর্থক হস্তক্ষেপের সঙ্গে
প্রস্তাবিত দাসীর রূপ-মৌবনের যে একটা সম্পর্ক আছে তাহা
অহমান করিয়া এ অভিযোগ ও অভিমান। আমি সে দৃষ্টির
অর্থী ব্রিলাম, বুরিয়া কেমন একটু সঙ্গৃচিত হইয়া গেলাম।
পরক্ষণেই মনে হইল যে আমার সঙ্গৃচিত হওয়াটা ভাল হয় নাই,
ইহাতে গৃহিণীর সন্দেহটা বাড়িয়া যাওয়া ছাড়া কিছুই হইল
না। আমি নিজের ভটপর মহাবিরক্ত হইয়া কিংকর্ত্বাবিমৃচ্

দ্বিতীয় পক

44

হইয়া ঘরে ঢুকিয়া কাপড় চোপড় লইলাম। মুধ ধুইয়া ভাড়াভাড়ি বেড়াইতে ৰাহির হইলাম।

ঝি রহিয়া গেল।

বাহির হইরা কেবল আজকার সকালের ব্যাপার লইরা তোলাপাড়া করিতে লাগিলাম। এই যে আমি ত্রীর সঙ্গে আর কোন্ও কথা না বলিয়া একেবারে বাহির হইয়া পড়িলাম, ইহাতেও যে আমার ত্রীর অন্তার সন্দেহেরই প্রশ্র দিলাম সে বিষয়ে আমার সন্দেহ রহিল না। নিজের উপর ভারী রাগ হইল।

ইহার ছই দিন পর বেড়াইরা ফিরিরা দেখিলাম আমার স্ত্রী তাঁড়ার গুছাইতেছেন, সেই ঘরে ঝি এইটা ভারী বাক্স লইরা টানাটানি করিতেছে। সে বাক্স টানিবার শক্তি তাহার নাই। আমি ঘরে ঢুকিলাম, স্থির করিরাছিলাম যে ঝি সম্বন্ধে আমার ব্যবহারে বা কথার বার্ত্তার আর কোনও অস্বাভাবিকতা কিছুতেই আসিতে দিব না। আমি স্ত্রীকে হাসিরা বলিলাম, "এ কি ব্যাপার! তুমি যে এ ঘর একেবারে ওলট্ পালট্ করে নিরেছ!"

আমার কথা শুনিয়া আমার স্ত্রী আমার দিকে চাহিরাই একবার ঝির দিকে চাহিলেন। সে বেঢ়ারা তথন বাল্ল ছাড়িরা মাথার কাপড় টানিরা দাড়াইরা আছে। আমার স্ত্রীর এ দৃষ্টির মধ্যৈও যে বেশ একটু অর্থ ছিল, তাহা ত্র্ভাগ্যক্রমে আমার চক্
এড়াইল না। আমি কেমন একটু থতমত থাইরা গোলাম।
সঙ্গে সঙ্গে মনে পড়িরা গেল যে ভাঁড়ার ঘর অঞ্চলে আমার
বাতারাত বড় বেশী ছিল না। আমার স্ত্রী আমার হঠাং
ভাঁড়ারে আসার সঙ্গে ঝির অন্তিছ সংযোগ করিয়া একটা গুড়
তাৎপর্যা বাহির করিয়াছেন তাহা বুঝিতে বেশী দেরী হউল না।
এভটা বুঝিয়া আমার স্ত্রীর ওই দৃষ্টির নীরব অভিযোগের সম্মুঞ্জ
সমস্ত সকল ভাসিয়া গেল; আমি বেশ একটু বিব্রভভাবাপল
হইয়া পড়িলান, আর সেই সন্দিগ্যা নারী আমার ভাবান্তর লক্ষ্যা

আমি তথন বৈটাককরা খুব স্বাভাবিক এমনি একটা কাজ করা কিংবা এমনি একটা কথা বলার জন্ত ব্যস্ত হইরা উঠিলাম, কিন্তু আমার মাথায় একেবারে সমস্ত বৃদ্ধি যেন তালগোল পাকাইরা উঠিয়াছিল, কিছুই মনে আসিল না। অবশেষে হঠাৎ একটা ধেয়ালের মাথায় একটু হাসির মত করিয়া ওঠাধর প্রসারিত করিয়া বলিলাম—(কিন্তু আমি হলপ করিয়া বলিতে পারি বি আমার হাসিটা ধেখিতে অনেকটা কায়ার মত হইয়াছিল) —আমি বলিলাম, "অত বড় বায় টানা কি মেয়ে মান্ষের কাজ, কোথার সরাতে হ'বে বল, আমি সরিয়ে দিছিছ।"

আমার স্ত্রী তাঁহাক আয়ত বিষয় চকু ছ'টা আমার মুখের উপর

ফিরাইয়া, চট্ করিয়া ঘুরাইয়া লইলেন, শুধু "এইখানে" বিলিয়া স্থান নির্দেশ করিলেন। আমার আজ কি হইয়াছে—কেবলি হিতে বিপরীত করিতেছি! এই কথা ভাবিতে ভাবিতে দারুণ শীতেও আমার সর্বাক্ষ ঘামিয়া উঠিল। তাড়াভাড়ি বাক্ষটা বথাস্থানে সরাইয়া ঘর হইতে বাহির হইয়া হাঁপ ছাড়িলাম।

ইহাতেও আমার শিক্ষা হইল না। তবু চেষ্টা করিতে লাগিলাম ঝির বিষয়ে অত্যন্ত সহজ্ঞতাবে বাবহার করিয়া আমি স্ত্রীর সন্দেহ দর করিব। একবার ভাবিলাম বে তার সঙ্গে এ সম্বন্ধে স্পষ্টাস্পষ্টি কথা ক্রিয়া একটা এস্পার উস্পার করিয়া দিই। কিন্তু কথা, ছাই, পাড়ি কি করিয়া ? আমি দিবাদষ্টিতে দেখিতে পাইলাম যে কথা আমি পান্টিলেই বেকুব বনিতে হইবে। ধর, বদি আমি জীকে গিয়া বলি "ভূমি আমাকে এই বির সম্বন্ধে সন্দেহ ক'রছো।" তিনি তথনি গন্তীরভাবে विनिद्यत "कहे ना ?" वम कथात (भव इहेश शहेदा, आंत्र अ আমি মাঝখান থেকে নিজের কথার চোর বনিরা যাইব। আর বদিই বা তিনি বলেন "কই, আমি কবে তোমায় এমন কথা व'ना (शनूम," जारा हरेल जात भत्र आर्त इ' এक हा कथा वन চলে কিন্তু আথেরে আমায় চুপ করিতেই হইবে। আর যদি তিনি মহাবিশ্বয়ের ভাণ করিয়া অবাক্ হইয়া বদেন তবে তো আমি পালাইতে পথ পাইব না।

হুতরাং স্পটাস্পটি কথা কহিবার আশা ছাড়িয়া দিলাম।
বড় রাগ হইল আমার স্ত্রীর উপর। আৰু সাত বছর হইল
আমাদের বিবাহ হইয়াছে, এর মধ্যে তা'র মনে কি এতটুকু
বিখাসও জন্মায় নাই? ছি! আর যদি বা সন্দেহ হয়ই,
জুবে পোড়ারমুখী মুখ ফুটিয়া বলে না কেন? সে যদি কথাটা
একবার পাড়ে তবেই তো লেঠা চুকিয়া বায়।

এ সম্বন্ধে কথা উঠিলই না; কাজেই আমার নিজেকে দশ্পূর্ণ অধ্যাইয়া সহজ ব্যবহার দ্বারা আমার স্ত্রীর সন্দেহের মন্লকছ সপ্রমাণ করিবার জন্ম আমি ব্যস্ত হইয়া পড়িলাম। তাই একদিন থুব চেষ্টা করিয়া মথাসন্তব সহজভাবে স্ত্রীকে বিলাম, কি গো, ভোমার থি কাজ ক'বছে কেমন ?"

সহজ স্থার কি ছাই হয় ? আমার যেন ভূতে পাইয়াছিল।

দব সমর যেন মনে হইত যে আমার স্ত্রীর চোপ ছ'টা আমার

পিছনে পিছনে প্রিরা বেড়াইতেছে আর সে চোপ বেন মনের

ঠলা পর্যান্ত দেখিতে পার। যদিও মনের তলার আমার কোনও

কালা ছিল না সে কথা হলপ করিয়া বলিতে পারি, তবু এমন

একটা সদাসর্কান নজরবন্দী অবস্থার কার না বাধ বাধ ঠেকে।

হৈলেরা যেমন পরীক্ষার সময় পরীক্ষকের সামনে দাঁড়াইয়া খুক্

জানা কথাও ভূলিরা বার আমারও হইয়াছিল তাই। তা' ছাড়া,

চেষ্টা করিয়া কি স্বাভাবিক হওয়া বার ? যতই কেন পাকা

স্থাচোর হও না তুরি, এ নকল স্বাভাবিকভার মেকী পাকা লাকের চোথে ধরা পাড়িবেই। আর আমার স্ত্রী যে অস্ততঃ মেকী চিনিবার বিষয়ে পাকা লোক দে কথা আমি বেশ হাড়ে হাড়ে বুঝিতেছিলাম।

তাই খুব স্বাভাবিকভাবে বে কথাটা বলিব মনে করিয়া-চিলাম তাহা বলিতে আমার অনেকবার চোঁক গিলিতে হইয়াছিল, বুকের ভিতরটাও কেমন হুড় হুড় করিতেছিল।

আমার স্ত্রী দেলাই করিতেছিলেন, একবার আমার মুথের দিকে চাহিরা, পুনরার ছুঁচ স্থার চক্ বনবদ্ধ করিয়া গুধু বলিলেন, "বেশ।"

বস্, কুরাইয়া গেল। আর কণেশ জুয়ায় না। থানিককণ চুপ করিয়া রহিলাম, পায়ের তলায় একটু কাঁপুনি অহভব করিলাম, জিভটা একটু শুকাইয়া আসিল, হায় আর বলি কি ? ধপ করিয়া বলিয়া বসিলাম, "দেখ আমার বোধ হয় ওর এ কাজ এই ন্তন, গ্রবহার পড়ে দাশীবৃত্তি ক'রছে, কিন্তু খাটবার শরীর ওর নয়। তুমি ওকে একটু সমবে কাজকর্মা দিও।"

কথাটা আমার মনের ভিতর সেই প্রথম দিন হইতে এরাবর জাগিতেছিল, তাই ভাল মন্দ না ভাবিয়া কথার অভাবে বিপন্ন । হইয়া বলিয়া ফেলিলাম।

বলা শেষ না হইতেই আমার মন আমাকে চাবুক মারিতে ১২ লাগিল, কিন্তু ঝোঁকের মাধার কথাগুলা বলিরা শেষ করিলাম। আমার অপরাধ বে হাজার গুণ বাড়িয়া গেল তা' আমি বেশ ভালরপই বুঝিলাম।

এমনি আমার স্বাভাবিকতার দিকে সব চেষ্টা একেবারে
চুরমার হইরা টিট্কারী দুরা আমারই মাথার উপর ভালিয়া
পড়িতে লাগিল। শেষে বিরক্ত হইরা স্থির করিলাম, আপদ্
বিদার করিব। ঝিকে প্রথম দেখা অবধিই আমার মনে
হইতেছিল যে এর ভিতর কি একটা গভীর বিষাদের ইতিহাস
প্রজন্ম আছে। তাই কডকটা কৌতৃহলে এবং কডকটা তার
অজানা বিষাদের প্রতি করুণায় আমার হৃদর বিশেষভাবে তার
উপর বুঁকিয়া পড়িরাছিল। ভগবান্ যথন এই বেদনারিষ্ট তরুণ
জীবন আমার হাতে পৌছাইয়া দিয়াছেন ভখন আমার যতদ্র
সাধ্য তাহাকে স্থী করিব এই আকাজ্জা আমার মনে থ্ব প্রবল
হইয়া উঠিরাছিল। কিন্তু আর তো পারা বায় না। পরের আপদ্

দ্বিতীয় পক

কুড়াইরা নিজের কি শেবে সর্জনাশ করিব? তাই স্থির করিলাম ইহাকে বিদার করিব। বেচারা ঝির মন্দিন মুখধানা মনে পড়িয়া বড় কট হইল, কিন্তু বেশ ভাবিয়া দেখিলাম, অন্ত উপার নাই।

মন স্থির করিয়া আমি এক দিন সন্ধ্যাবেলায় স্ত্রীর সন্ধানে গেলাম। তিনি তথন ভাঁড়ার ঘরে বসিয়া কুট্নো কুটিতেছেন ঝি কাছে বসিয়া আছে। এ কাজ আগে সেই করিত। । আলো অলিতেছে কিন্তু বাহিরে তথন আন্ধকার।

আমি এ অবস্থার আবার ভাঁড়ার চুকিতে কুটিত হইলাম। সেদিনকার ছর্দশা স্মরণ করিয়া যাইব কি মাইব না বিবেচনা করিতে লাগিলাম। স্ত্রী ঝিকে বলিলেন, "একবার রামধনীকে ডাক না বাছা, ওপর থেকে কাল ভোরসূটা নিয়ে আফুক।"

"আমিই নিয়ে আসি," বলিয়া ঝি উঠিল। জ্রী মানা করিয়া বলিলেন, "না, না, তুমি বেয়ো না, তোমার ও কাজ নয়।" ঝি বসিয়া পড়িল।

একটু চূপ করিয়া থাকিয়া ঝি বলিল, "আমি আপনার কাছে কি অপরাধ ক'রেছি যা ? এ ক'দিন থেকে আপনি আমায় কোনও কাজই ক'রতে দেন না, আমায় বসিয়ে রেখে নিজেল বিদ্ধাকাজ ক'রবেন ভবে আমায় মাইনে দেন কেন ? দোষ ক'রে থাকি মা, আমি আপনার চাকর, আমায় শাস্তি দিন, কিন্তু এমন ক'বে পায়ে ঠেলবেন না।"

4

• ঝি চক্ষে অঞ্চল দিল। তা'র পর কাঁদিতে কাঁদিতে বলিল,
"আমি ঝড় ছ:মী মা, আগনাদের কাছে এসে বড় স্থথে আছি।
আগনি যদি রাগ করেন তবে আমার কি উপায় হ'বে মা ?"

"আপনাদের কাছে এসে বড় স্থথে আছি"—এ কথাটায় বোধ হয় বিশেষভাবে বছৰচন প্রায়োগে গৃহিণীর জ্রকঞ্চিত হট্ল। কিন্তু তিনি সদয়ভাবেই বলিলেন, "না বাছা, রাগ কিসের ? চিব্ৰদিন থেটে এসেছি, ব'সে থাকতে ভাল লাগে না। এতে আবার কালা কিসের বাছা ?" বলিয়া আমার স্বা উঠিয়া ঘরের অণুর পার্শে গিরা আমার দৃষ্টির অক্তরাল ভটলেন। ঝির কথা শুনিয়া আমার মনে নানা কথার আলোচনা হইতেছিল, চক্ষুও বেন একটু ভিজিয়া উঠিয়াছিল। আমি ভাবিতে-ছিলাম, কি রহস্ত এই নারীর জীবনে আছে ? সে কি পাপ ? বিখাস করিতে প্রবৃত্তি হইল না। তাহার চরিত্রে বিলুমাত্র সলেহ হইতে পারে এমন কোনও কথা আমার মনে **इहेल ना। বরং তার বিরুদ্ধে অনেক কথাই** মনে **इहेल।** দে আমার বাড়ীতেই রাত্রিদিন থাকে, রান্তার কখনও বাহির হযু না। বাড়ীর চাক্র বাকরের সঙ্গেও আবশ্রকের অতিরিক্ত একটি কথাও কর না। আর তা'র এমন একটা বীড়ামর সমুচিত ভাব আছে যাকে পাপিনীর ভাণ বলিয়া মোটেই মনে হয় না। তবে কি ? কোন হ:খ তাহাকে এ তরুণ বন্ধসে

দ্বিতীয় পক্ষ

পরের বাড়ী দাসীবৃত্তি করিতে পাঠাইরাছে। মনে হইল, ঝির সধবার লক্ষণ, লোহা, দাঁখা ও সিন্দুর আছে; তাহার স্বামী তবে জীবিত, তা যদি হয় জবে সে কেন ইহার সন্ধান লয় না। এই কথায় একবার সন্দেহ হইল, হয়ত বা এ কুলত্যাগ করিয়া আসিয়াছে। যদি তাই হয়, তবে তাহার ভিতর কোনও একটা অতি নিদারুণ প্রবঞ্চনা, অতি করুণ পদখালনের কাহিনী—

এ হঠাৎ এ কি ! সমুধে গৃহিণী ! তিনি ঘরের যে দিকে বি গিয়াছিলেন সে দিক্ আমি দেখিতে পাইতেছিলাম না। সেই দিক্ হইতে তিনি একেবারে বাহির হইয়া আসিয়াছেন ! একেবারে চৌকাঠের উপর আসিয়া দাঁড়াইতে তবে আমি তাঁহাকে দেখিতে পাইলাম। তার একটু পাশেই শামি দাঁড়াইয়াছিলাম, যে কেহ সে অবস্থায় আমাকে দেখিয়া মনে করিতে পারে যে আমি আড়াল হইতে অলক্ষিতে থিকে দেখিতেছিলাম।

গৃহিনীকে দেখিয়াই আমার মাথা হইতে পা পর্যান্ত কাঁপিয়া উঠিল। তথ্যকার উন্মন্ত কর্মনার ভাবিলাম, যে ঠিক যেন এই আদিয়াছি এমনি ভাব করিয়া চলিয়া গেলে গৃহিণী কিছু টের পাইবেন না। ভাই করিলাম, পরে বুঝিতে পারিলাম যে যাগ্র ভাবিয়াছিলাম তাহা করিতে পারি নাই, আমি মুখ ফিরাইয়া রীতিমত বৈঠকখানার দিকে, যাহাকে বলে চম্পট, ভাহাই দিয়াছিলাম।

বৈঠকখানার ঘরে আসিয়া আমি ধপ্ করিয়া একটা ইজি চেয়ারে বসিয়া পড়িলাম। খুব ক্রুতভাবে সমস্ত অবস্থা ও আফু যক্ষিক নানা কথার একটা আলোচনা করিয়া গেলাম; কি করা যায়, কি করিলে কি হয় ভাবিতে লাগিলাম।

স্ত্রীর কাছে গিয়া ঝিকে বিদায় করিবার মূলতবী প্রস্তাব উত্থাপন করাটা এখন যা'কে ইংরাজরা বলে "প্রশ্নের বহিভুতি।" অথচ পাপ বিদ্যাল করিলেও নয় ৷ করি কি ? পাশের বাড়ীর বিকে ডাকিয়া বলিয়া দিব ? অমনি মনে হইল যে সে বিকে যদি আমার স্ত্রী আমার-মন্তর দিকে আসিতে দেখেন, এবং তা'র পরেই যদি আবার দে আসিয়া আমাদের ঝিকে লইয়া যায় তাঙা হইলে গৃহিণী Evidence Actএর প্রত্যেক ধারা অমুসারে ইহা সাব্যস্ত করিতে পারেন যে আমি ঝিকে বাড়ী হইতে বিদায় করিয়া অক্তব্য তাহার কোনও, অসঙ্গত বন্দোবস্ত করিয়াছি, এবং তিনি তাহা যে সাবাস্ত করিবেন সে সম্বন্ধে কোনও সলেচ্ট থাকিতে পারৈ না। অতএব করি কি ? ঝিকে যদি আমার ঘরে ডাকিয়া পাঠাই তবে তো আমার আর ওজুহাত দিবার অবদর থাকিবে না। জ্রীকে না বলিয়া নিজেই বা আমি কি ওজুহাতে তাহাকে জ্বাব দিবার ভার লই 🏞

দ্বিতীয় পক

আর জবাব যে দিব বেচারা যাইবে কোথার ? ঝি আমার ব্রীকে যে কথাগুলা বলিতেছিল তাহা মনে পড়িল, তা'র চক্ষের জল মনে পড়িল, তা'র জীবনের বিবাদমন্ন রহস্তের কথা মনে পড়িল। কত ছঃধ হইল।

আকাশ পাতাল এমনি ভাবিতেছি এমন সময় আমার ব্যারিষ্টার বাবু অভুল ঘরে ঢ্কিল।

"IIallo! what a long face! তুমি কি ভৃত দেখেছ নাকি? আমি ভৃত নই। কি? হয়েছে কি?" বলিয়া সে আমাকে সন্তাযণ করিল।

আমি বলিলাম, "ভূমি ব্যাচেলর মাত্র আমাদের সংসারী লোকের ভাবনা চিন্তা কি বুঝবে ?

অতুল বলিল, "দেখ, তোমাদের অর্থাৎ বিবাহিত পুরুষদের একটা ভরানক inconsistency আছে। In season and out of season তোমরা আমাদের বল বিরে ক'রতে আর দাঁড় করাতে চাও যে বিরে করাটা খুব একটা গাঢ়রকম স্থথের ব্যাপার। কিন্তু সদা সর্ব্জাই দেখতে পাই একটা না একটা ; গগুগোল তোমাদের লেগেই আছে। মুখখানা এমনি ১২ এমনি দেখবার জো'ই নেই।" বলিরা সে বিষাদ ও হাসির ভঙ্গী কবিল।

আমি বলিলাম, "তোমার কথা ঠিক। বিবাহে সুধ আছে ১৮

উনকথা অস্বীকার ক'রলে নেমকহারামী হ'বে, কিন্তু চঃথের ভাগটা আমার এখন মনে হ'চেছ অত্যধিক।"

অতুল বলিল, "তোমার এখনকার হঃখটা কি ?"

"আর ভাই বল কেন ? আমি একটা ঝি রেখেছি। পে • স্বন্ধরী, যুবতী, গুণৰতী। একজন যুবকের ঘরের ঝির যত লোষ থাকতে পারে সবই তা'র আছে। এখন একদিকে এই ঝি আর একদিকে গিল্লী এই নিরে আমি মহা অশাস্তিতে প'ড়েছি।" আমার হুরদৃষ্ট, তাই আমি বাকী কথা ইংরাজীতে বলিলাম, ভাহাকে জানাইলাম যে আমার জীর কি অন্তার সন্দেহ।

অতুল বলিল, "তা' দে ঝিকে বিদেয় ক'রলেই পার।"

আমি বলিলাম; "তাই তো ভাবছি। কিন্তু সে innocent একান্ত আমার উপর তা'র নির্ভর। তা'কে একেবারে ভাদিরে দিতে মনে বড় কষ্ট হয়। তাই ভাবছিলাম যে তা'র কোনও ভাল ব্যবস্থা ক'রতে পারি কি না। I don't want to force her into a life of shame. সে যে থারাপ নয় তা আমি হলপ ক'রে ব'লতে পারি।"

ইংরাজী বে আমার মুখ দিয়া বাহির হইল, তাহার জয় অতি
সত্তরই আমার অনুতাপ করিতে হইয়াছিল।

আমি আরও বলিলাম, "যদি কোনও বন্ধ্বান্ধবের বাড়ী তাকে রাধতে পারতাম—"

হিতীয় পক

"তা বেশ তো! আমার ওথানে দাও না। আমার পির্মাধী আমার সঙ্গে আছেন, তাঁকে নিয়ে বড় বিপদেই পড়তে হয় আমার। তুমি বেমন ব'লছো তা'তে এ বি ৯'লে তাঁর আমার ছঃখ থাকবে না।"

"তা নিশ্চয়! কিন্তু ঠিক বল ভাই, তোমার হাতে ভরসা ক'রে ফ্লাকে দিতে পারি ত ? তুমি একে young তা'তে bachelor."

"তাতে তোমার কিছু ভয় নেই। আমি vaccinated."

"তা'তে কি ? টীকে নেওয়ার সঙ্গে এর কি মহন্ধ তা' বুঝতে পারলাম না।"

"এ ব্রবলে না! ভালবাসা একটা ব্যাধি। কিন্তু যেমন বসস্তের টীকা হলে আর বসস্ত হয় না, তেমনি যে প্রেমে একবার ভাল ক'রে প'ড়েছে, ভার এই ব্যাধির প্রতিষেধক টীকা হ'য়ে যায়।"

"তুমি কি প্রেমে প্'ড়েছিলে নাকি ৷ বেশ বেশ, তোমার প্রেম-কাহিনীটা, নিশ্চর শোনবার মত জিনিস ৷ বিয়োগান্ত হ'ল ৷ কেন বল দিকি নি ৽ "

অনুগ গন্তীর হইল। বলিল, "সে বড় করণ-কাহিনী। আমার মনের ভিতর যে কত বড় বোয়া চেপে আছে তা আমার হাসি তামাসা ভনে কেউ কথনো করনাও করেনা। কোন্ড দিন কাউকে সে কথা বলি নি, কিন্তু আন্ধ মনে হ'চ্ছে তোমাকে বলি। কিন্তু see first that there's nobody listening."

আমি উঠিলাম। আমার বাড়ী ছোট। যে ঘরটা আমি বৈঠকথানা করিয়াছিলাম, ভিতরের দিকে তা'র ছুইটি দরজা ছিল। • একটি ছিল ভাঁড়ারের দিকে. সেটা বন্ধই থাকিত, আর একটি ভিতরের বারান্দার দিকে। বারান্দার দিকে একটা জ্বানালাও ছিল। আমি বারান্দার দরজার কাছেই বসিয়াছিলাম, উঠিয়া বারান্দার বাহির হইতেই দেখি—সর্বনাশ। আমার স্ত্রী জানালায় কান পাতিয়া আমাদের কথাবার্তা শুনিতেছেন। একট শব্দ হুইতেই দরজার দিকে না ফিরিয়াই ছুটিয়া উপরে গেলেন। আমার শরীরের ভিগুর রিচাৎ থেলিয়া গেল। অতাপ্ত জতভার সহিত আমি অতৃলের সঙ্গে আমার যে কথাবার্তা হইয়াছিল, মনে মনে তাহার পুনরাবৃত্তি করিয়া ফেলিলাম। আমার মাণায় বজাঘাত হইল। আমার স্ত্রী ইংরাজী মোটে জানিতেন না। জানিলে তিনি অতুলের শেষ কথাটা গুনিয়াই সরিয়া দাঁড়াইতেন, স্মামার কাছে ধরা পড়িতেন না। আমার ইংরাজী কথাগুলি বাদ দিয়া ধরিলে আমি যাতা বলিয়াছিলাম ভাতার যে অভ্যন্ত কদর্থ হয় তাহা হাদয়ঙ্গম করিয়া আমি একেবারে হতভন্ন হইয়া গেলাম।

কলের পুতৃলের মতু আমি একবার ভাঁড়ারের দরজা দেখিতে

গেলাম, সেবানে দেখিলাম ঝি সবে ছরার হইতে মুখ সরাইরা প্রভান করিতেছে। ভাবিলাম, এর মানে কি ? ঝি কি আমাকে লুকাইরা দেখিতেছিল ? কেন ? সে কি মরিরাছে! মনটা 'বড দমিরা গেল।

বৈঠকথানার ফিরিয়া অতুলকে এ কথা বলিলাম না। সে তাহার ক্লাহিনী বলিয়া গেল।

অতুলের কথা।

আমি ভালবেদেছিলাম—এথনো সে ভালবাদা মনের মধ্যে,
সমান ব'লে গেছে, কিন্তু সে ভালবাদার পাত্রী নাই, থাকলেও
তা'কে জানাবার আমার অধিকার নাই। আমার ভালবাদার
' ইতিহাদ একটা টাজেডী।

ভবানীপুরে আমাদের বাড়ীটা দেখেছ। তার পিছনে এখন একটা পার্ক ঋ'য়েছে। দেখানে আমাদের থিড়কী পুকুর ও বাগান ছিল, তা'র ও ধারে গোলপাতার ঘরওয়ালা একখানা ছোট বাড়ীছিল। চক্রনাথ ভট্টাচার্বোর বিধবা স্ত্রী একটি ভ্রেটে মেয়ে নিয়ে ওইখানে আশ্রয় নেন—বাড়ীটা আমাদেরই ছিল, বাবা দয়া ক'রে বিধবাকে দিয়েছিলেন।

সে মেরেটি যে কি চমৎকার দেখতে ছিল তা' কি ব'লবো।
সে আমার চেরের বৃছর ৩।৪এর ছোট হ'বে। ছেলেবেলার
, আমি তাকে কোলে কাঁথে করে বেড়িরেছি আর থেলা দিয়েছি।
আমার একটু বড় হতেই—হয় তো যথন আমার ১৪।১৫ বছরের
বেশী বয়স হ'বে না তথন থেকেই—আমি তাকে ভালবেসেছি।
ছেলে মান্বের সে 'লভে' পড়া, এখন মনে হ'লে হাসি পার, কিস্ক
আমি এখনও ব'লতে পারি যে সেটা ছিল খাঁটি প্রেম।

মেরেটির নাম ছিল কমলা। তার দশ বছর বয়দ হ'তেই তার মা ছুটোছুট ক'রতে লাগলেন তা'র বিয়ের জন্ত। আমাদের বাড়ীতেই তা'র বিয়ের কত কথাবার্তা হ'য়েছে। আমি দে সব কথা তর তর ক'রে শুনতাম, প্রত্যেকটা কথার বেন আমার গায়ে কাঁটা বিশ্বতো। আমার মা ছিলেন না। বাবা কমলার বিয়ের সব থরচ দিবেন ব'লেছিলেন—এতটা দয়া ক'রতে পারলেন আর দয়াঁ ক'রে আমার সজে তা'র বিয়ের প্রতাবটা ক'রতে পারলেন না।

মেয়ে বেড়ে চললো কিন্তু বিশ্বের কিছুই হ'ল;না। আমার বোধ হয়, তা'র মার নামে একটা কিছু অপবাদ ছিল তাইতেই অনেকে ফুল্র মেয়ে দেখে এগিয়ে শেষে পিছ পা' হ'য়ে যেত। যা'ক, মেয়ে বাড়তে লাগলো। আমি যেবার বি-এ, দেব তথন কমলা সতেরোয় পা দিয়েছে। তার রূপযৌবন কাণায় কাণায় ভ'য়ে উঠেছে। তা'র দিকে চাইলে আমার তথন জ্ঞান থাকতো না। কিন্তু, আমি থুব লাজুক ব'লে—হাসছো বটে, কিন্তু আমি অন্ততঃ তথন থুব লাজুক ছিলাম—খুব লাজুক ব'লে আমি কোনও হঠকারিতা ক'য়ে বিসি নি। আর তা' ছাড়া দাদার তথনও বিয়েহর নি, বিয়ে দেবার নামটিও বাবা করেন নি, আমি কাজেই চুপ ক'রে না থেকে করি কি প

দেই বছর বাবা হঠীৎ মারা গেলেন তা জান। বাবা মারা

যাওয়ার পর বিধবা কেঁদে আকুল। আমাদেরই পাড়ার চঞ্চল ব'লে একটি ছেলে—লেখাপড়া বিশেষ কিছু শেখে নি, জমা বাড়ীর দালালী ক'রবার চেষ্টা ক'রছে,—তার সঙ্গে কমলার বিষের কথা প্রায় ঠিকঠাক। তিন হাজার টাকা খরচ হ'বে, তা' বাবা দিতে স্বীকার ছিলেন। হঠাৎ বাবা মারা যেতে বিধবা ভাবলে ব্যিস্ব কেঁদে গেল, দে দাদার কাছে এসে কেঁদে প'ডুলো। দাদা বল্লেন, "আপনি চিস্তা ক'রবেন না, টাকা আমি দেব। আপনি সম্বন্ধ প্রিব কক্রন।"

কিন্তু চঞ্চলের বাপ, কি জানি কেন হঠাৎ বিয়ে তেকে দিলেন, একটা ওজুহাত দিলেন যে কাশীর কোন পণ্ডিত কোষ্ঠা দেখে ব'লেছেন যে এ বিয়ে হ'তে পারে না। আমার বিশ্বাস কথাটা ভূয়ো। কেন না কোষ্ঠা এর আগে খ্ব ভাল পণ্ডিত দিয়েই দেখান হ'রেছিল। যাই হ'ক, এ বিয়ে ভেক্সে যেতে আমি খুদীই হ'লাম, এখন ঘাড়ে পড়া গোছ চেহারা করে কমলাকে আমার বিয়ে ক'রতে বাধা হ'বে না।, কিন্তু পথে কাঁটা দাদা! তার ভখনো বিয়ের নামটিও নেই।

হঠাৎ একদিন শুন্তে পেলাম যে দাদার সঙ্গে কমলার বিয়ে!
আমার মাধার আকাশ ভেঙ্গে প'ড়লো। "ঘাটে এসে ডুবিল
তরণী"। শুনলাম, চঞ্চলের সঙ্গে বিয়ে ভেঙ্গে যেতে কমলার মাকে
দাদা আশ্বন্ত ক'রে বলুলেন, "আমিই আপনার মেয়েকে বিয়ে

ক'রবো। এমন লক্ষীর মত মেয়ে এর বিয়ের আবার ভাবনা। বিধবা অবাক্ হইরা রইল—এ তা'র স্বপ্নের অগোচর। তার পর সেদাদাকে আশীর্কাদ ক'রে চলে গেল।

আমার মনে হ'ল দাদার এটা ভারি অন্তার! অন্তারটা ঠিক কোন থানে তা'না ব্যুলেও আমি ঠিক ক'রলাম তাঁর এমন দরা কু'রবার কোনও দরকার ছিল না। তিনি দরা ক'রে যা'কে উরার ক'রছেন আমি বে তাকেই বিরে ক'রবার জল্ডে ছট্ট ফটিরে মরছি এটা কোনও অজ্ঞাত উপারে তা'র জানা উচিত ছিল। তা' ছাড়া আমার সন্দেহ ছিল না, এবং এখনো নেই, যে কমলা আমাকে সত্তি-সত্যি ভালবাসতো। যদিও তা'র সঙ্গে আমার সাক্ষাৎ সম্বন্ধে এ বিষয়ে কোনও কথাই হয় নি, কিন্তু আমি যে তার চোধ হ'টোর ভিতর আমার উপার অসীম প্রেম কতবার দেখেছি তা ব'লতে পারি না।

আমার একটা মন্ত আকাজ্ঞা হ'ল এ বিবাহ বারণ ক'রবার।
দাদা তো আর বাবা নয়, তা'র দঙ্গে একটা বোঝা পড়া করা
ব্যতে পারবে। কিন্তু, তা'র আগে কমলার মন জানা চাই,।
আমি ছুটলুম কমলাদের কুঁড়ের দিকে।

সেদিন সবে আমাদের কালাশেচ গিয়েছে। তা'র সপ্তাহ-থানেক পরেই বিয়ের দিন ঠিক হ'য়েছে। কমনার মা বার বার আমাদের বাড়ী ছুটাছুটি ক'রে দাদার সঙ্গে বিয়ের এটা-ওটা স্থিত্ব ক'রে বিয়ের লক্ষ কথার পূরণ ক'রছেন। তাই আমি যথন গোলাম তথন কমলা বাড়ীতে একা। ঘরের দাওয়ায় একটা তক্তপোষ প'ড়ে থাকতো, তা'র উপর উপুড় হ'য়ে প'ড়ে সে ফুঁপিয়ে কাঁদছে। আমার মন তাই দেখে দাদার উপর বিষম চটে' গোল, যদিও এখন ভেবে দেখ্তে গোলে দাদার—তথন পর্যাস্ত —কিছুই দোষ দেখ্তে পাই না। আমার ইচ্ছা হ'ল তা'কে বুকে জাপটে ধ'রে বলি, কোঁদ না, তুমি আমারই হ'বে—দাদার নয়।

আমি ডাকলাম, "কমলা !"

সে অমনি মৃথ তুলে চাইল, সে কি রূপ—বিষাদভরা রাঙ্গা মুথথানি, কুচকুচে কাল চুল অষত্নে তার মুথের উপর এসে প'ড়েছে। চোথ হুণটো জেলে ভরে লাল হ'রে ঠিক যেন পদ্মের পাপড়ির মত ফুটে র'রেছে।

আমি বলিলাম, "কেঁদ না কমলা, তোমার এ বিয়েতে যদি অমত থাকে তবে আমি দাদাকে ব'লে বিয়ে ফেরাব।"

সে যেন একটু শব্ধিত হ'রে উঠলো। আমি ব'ললাম, "ভূমি আমাকে সভিয় করে শুধু বল ভূমি আমাকে ভালবাদ কি না ?" - সে কথা কি ব'লবে। হ' চোথ ভা'র জলে ভ'রে উঠলো, সে মাটির দিকে চেয়ে চুপ ক'রে রইলো। 'আমি বুঝলাম সে আমার কভ ভালবাদে। বল্লাম, "ভূমি নিশ্চিত্ত থাক, দাদার সঙ্গে ভোমার বিরে হ'রে না। কোঁদ না লক্ষীট।"

দে তথন ভয়ত্তা হরিণীর মত তার আয়ত চক্ষু আনার মুথের দিকে ফিরিয়ে ব্যাকুলভাবে শুধু বলে, "তোমার পায়ে পড়ি, তোমার দাদাকে কিছু ব'লো না।" ব'লে কেবলি কাঁদতে লাগলো।

আমি বড় বিপদে প'ড়লাম। নানা রকম ভাবনা আমাকে বিব্রত ক'রে তুল্লো। দাদাকে যে তা'র ভালবাসার কথা আ্র তার কাল্লার কথা ব'লতে বারণ ক'রলে সেটা ভালই তা' আমি' বুঝলাম, কিন্তু তা' যদি না করি তবে বিরেখামে কিসে ?

ভাবতে ভাবতে বাড়ী ফিরে গেলাম। কিছুই স্থির ক'রতে পারলাম না। দিন হই পরে কথাটা বলবো ব'লে স্থির ক'রে আমি দাদার কাছে গেলাম। গিয়ে এক্রা-ওকথা ব'লে আমতা-আমতা ক'রে বলে ফেলাম, "দেখ দাদা, বিয়ে তো ক'রছো, কিন্তু —এই—কমলা—বড় মেয়ে—এই,—তা'র মতটা—একবার জিজ্ঞাসা—"

দাণাকে দেখিলাম একেবারে বিষের আনন্দে মশগুল, আমার এ কণাটার তাঁর মূখে যেন একটা কিদের ছারা প'ড্লো। তাতেই আমি আরও পতমত খেরে গেলাম। দাদা আমাকে বাধা দিয়ে বল্লেন, "কেন রে ? তার কি বিষেতে অমত আছে ?" ব'লে একটু হাদলেন।

আমি বল্লাম, "নাতানয়, তবে, এই বৃড় মেয়ে কি না, তাই

ব'ণছিলাম।" তথন আমি পালাতে পারলে বাঁচি। নানা কথার
মধ্যে আমার একটা সন্দেহ মনে হ'য়ে আমার মূব একেবারে
বন্ধ ক'রে দিলে। ভাবলাম যে আমার মত দাদাও তো কমলাকে
ভালবেসে থাকতে পারে! সেও হয় তো আমারই মত মূবটি
চেপে ব'সে ছিল এত দিন। তার মূবে আনন্দের ফোয়ারা
দেবে আমার কেবলি মনে হ'ছিলে যে আমার সন্দেহ ঠিক ৄ তাই
নার বেনী বাক্যবায় না ক'রে আমি একটা অছিলা ক'রে উঠে
গোলাম।

আমি দেখনাম, আমি কিছুই ক'রতে পারি না। কমলা আমাকে ভালবাদে, দাদাকে ভালবাদে না; কিন্তু আমি যদি স'রে পড়ি তবে দে হর তে? দাদাকেই ভালবাদেবে আর স্থবী হ'বে। স্থতরাং স'রে পড়াই কওঁবা স্থির ক'রে সেই দিনই গিয়ে বিদেত যাবার passage engage ক'রে এলাম। বিরের পর দিনই যাব স্থির ক'রলাম, কিন্তু হঠাৎ বিয়ের দিনটা তিন দিন পেছিয়ে গেল ব'লে বিয়ের ছ'দিন আগেই আমি বিলাভ যাত্রা ক'রলাম। ক্রেছ্হাত, দিভিল সার্ভিদ এবং ব্যারিপ্রারি পড়া, কিন্তু মনে মনে আনার সংকল্প ছিল যে ভারতবর্ষে আর ফিরবো না।

বিলেত গিয়ে বছর থানেক পরেই আমাদের Solicitorএর কাছে টেলিগ্রাম পেলাম, দাদা আমার নামে সর্বস্থ দান ক'রে নিকদেশ হ'য়েছেন। আমি কিছুই বুঝতে পারলাম না। ছুটে

ফিরে এলাম। এসে শুন্ধলুম যে দাদা নাকি কমলাকে এক দিন রাত্রে বাড়ী থেকে রাস্তায়—literally রাস্তায় বের—ক'রে দিয়ে পরের দিন সম্পত্তির দানপত্র ক'রে নিরুদ্দেশ হ'রেছেন। দাদা ও কমলার অনেক খোঁজ ক'রলাম, কোনও সন্ধান পেলাম না। তা'র পর আর দেশে থাকতে মন সরলো না। বিলেতে ফিরে গেলাম। তু'বছর পরে পাশ ক'রে আবার ফিরে এলাম।

অতুল চুপ করিল। কিছুক্ষণ বাদে বলিয়া উঠিল, "The brute! তা'র কমলাকে বিয়ে ক'রবার কোনও দরকার ছিল না! বানরের গলায় সে মুক্তাহার হ'য়েছিল। আমান ঠিক বিখাদ ষে লাদা বেমন ঝোঁকী মানুষ তা'তে যেমন ঝোঁকের মাথায় বিয়ে ক'রেছিলেন, তেমনি বিয়ের পর যথন দেখলেন যে কমলা তাঁকে ভালবাসে না, তথন ঝোঁকের মাথায় রাভারাতি তাকে পথে বের ক'রে দিলেন। কমলার যে কোনও দোষ নাই তা' আমি শপথ ক'রে ব'লতে পারি।"

অত্লের সঙ্গে তার পর অনেক কথাবার্ত্তা হইল। স্থির হইল বি অত্লের বাসায়ই ধাইবে, অবশু সে যদি ইচ্ছা করে। থানিক বাদে অতুল হঠাৎ জিজ্ঞাসা করিল, "দেখ ভাই, বৌদিদির সন্দেহের কোনও ভিত্তি নাই তো ? ঠিক বুঝে বল।"

আমি বলিলাম, "আমার দিক্ থেকে নিশ্চয়ই নয়, তবে"—
 "তবে কি" অতুল ঘ্রিয়া দাঁড়াইল।

"আমার এখন একটু দলেহ হচ্ছে যে ঝিটা যেন মজেছে; আর এখন মনে হ'চ্ছে যে আমার স্ত্রী হয় তো ওই মাগীর রকম-সকমে কথায়-বার্ত্তায় কোনও ইন্ধিত পেয়েই বোধ হয় আমাকে আরও বেশী ক'রে সলেহ ক'রছেন।"

"Here's a pretty kettle of fish. আ'লটা তবে বেশ রীতিমতভাবেই বেঁধেছে। আমি 'বলি তুমি অবিলম্বে এর প্রতিবিধান কর, আজই বৌদিদির সঙ্গে কণাটা সাফ ক'রে ফেল, কুলা সকালে ও ছুঁড়ীকে আমার কাছে পাঠিয়ে দেও।"

আমি বলিলাম, "আমি তো এখনি তা'কে বিদায় ক'রতে পারলে বাঁচি।"

অতুল চলিয়া গেল রাত্তি ন'টার পর। তথন উপরে যাইরা গৃহিণীর সামনা-সামনি দাঁড়াইবার কলনার আমার হুংকম্প

উপস্থিত হইল, তার সামনে গিয়া কথাটা পাড়ার তো কখাই নাই। কি করি, তাই ভাবিতে লাগিলাম, ভাবনার আর কোনও সীমা পাইলাম না।

বাহুজগতের সঙ্গে আমার তথন কোনও সম্পর্কই ছিল না।
টোবিলের ওপর একটা দোয়াত লইয়া আমি সম্পূর্ণ অস্তমনস্কভাবে
নাড়িতেছিলাম। একটা বেড়াল ঘরের ভিতর আসিয়া, বমি
করিবার মত করিতেছিল আমি অস্তমনস্কভাবেই দোয়াতটা ছুঁড়িয়া
ভাহাকে মারিতে গেলাম, সমস্ত কালিটা আমার ধপ্ধপে সাদা
পাঞ্জাবী ও ধৃতির উপর পড়িয়া গেল। তথন আমার চমক ভাঙ্গিল।

তথন রাত্রি ১০টা বাজিয়া গিয়াছে। আমি উপরে গেলাম। শেখানে অহান্ত ঔষধ পত্রের সঙ্গে একটা আলমারীতে থানিকটা ()xalic acid ছিল, তাই দিয়া জামা কাপড় ধুইব ইচ্ছা ছিল। দেখিলাম গৃহিণী শুইয়া আছেন, তাঁহার হাতে "কৃষ্ণকান্তের উইল।" এই বইখানার উপর আমি হাড়ে চটিয়া গিয়াছিলাম। কারণ খূইানের যেমন বাইবেল, ম্সলমানের যেমন কোরাণ, আর হিল্র যেমন—যে কোনগু সংস্কৃত বই—তেমনি হইয়া উঠিয়াছি: আজকাল আমার স্ত্রীর কাছে এই "কৃষ্ণবাস্তের উইল।" জামি এ কথা কিছুতেই মন হইতে দ্ব করিতে পারিতাম না যে গৃহিণী গোবিন্দলালের ব্যবহারের সঙ্গে আমার ব্যবহার মিলাইয়া লইবার জন্মই সদাসর্বাদা এই বইখানা পড়িতেন।

আমি কোনও কথা না বলিয়া ওষুধের আলমারীর কাছে গিয়া

অক্সালিক আাদিড খুঁজিতে লাগিলাম। শিশিটা বেখানে থাকিবার

কথা সেথানে ছিল না। তাই, পাইতে একটু দেরী হইল।

পাইয়া দেখি শিশি শৃতা। আমি নিশ্চর জানিতাম-এ শিশি প্রার

ভরা ছিল, তাই বিরক্ত হইয়া জিজ্ঞাসা করিলাম, "ওগো এ শিশির

ওষ্ধটা কি হ'ল ?"

েকোনও জবাব পাইলাম না। আমি স্ত্রীর কাছে গিয়া দেখিলাম ভাহার চক্ষু প্রাকৃতিস্থ নয়, নেশার ঝিমুনির মত তার যেন ঝিমুনি লাগিরাছে। আমি শক্ষিত হইয়া তাহাকে খুব জোরে নাড়া দিতেই সে একবার চকু মেলিয়া ঘুমভাঙ্গার মত করিয়া চাহিল। তার পর হাত জোড় করিয়া প্রশাম করিয়া বলিল "চল্লাম ভূমি স্থুখী হও।"

আমার মাধার বজাঘাত হইল। আমার স্ত্রী যে Oxalic acidটা থাইরা বদিরাছেন তাহাতে সন্দেহ রহিল না। ঔষধের মধ্যে কেবল এইটাতেই "বিষ" বলিয়া লেবেল মারা ছিল, তাই এইটাই সে থাইরা বদিবাছে। Oxalic acid তেমন তীর বিষ নর. এই যা ভরদা।

মামি চীৎকার কার্য়য়া ঝিকে ডাকিলাম, দে ব্যস্ত হইরা আসিতে, তাহাকে অবস্থা বলিলাম।

সে ভয়ানক বাত হইয়া জিজ্ঞাসা করিল, "কি ওযুধ থেরেছেন ইনি ?"

আমি বিলিগাম, "Oxalic acid." দেখিয়া আশ্চর্যা হইবাম ঝি বৃঝিল। আরও আশ্চর্যা ইইলাম দেখিয়া যে, সে তৎক্ষণাৎ খুব শিক্ষিতা শুশ্রাবাকারিণীর মত আমার স্ত্রীর শুশ্রাবা ও আশু চিকিৎসা করিতে লাগিল। আমি চাকর ও ঠাকুরকে হইজন ডাক্তারের কাছে পাঠাইলাম, এবং আর একজনকে পাঠাইলাম অত্লের কাছে।

ভাক্তার যথন আসিল তথন ঝির চিকিৎসা ও শুশ্রুষার আমার স্ত্রীর বেশ জ্ঞান হইয়াছে এবং আমরা ছ'জন তাহাকে ধরিয়া জ্যোর করিয়া পারচারি করাইতেছি। তাক্তার দেখিয়া বলিলেন, শনা, কোনও ভয়ের কারণ আর বেধে হয় নাই। আপনার Pirst aid অতি চমৎকার হইয়াছে।"

আমি বলিলাম, "এ বিষয়ে আমি একেবারে আনাড়ি, ষা' কিছু বাহাছরী আমাদের ঝির !"

্ৰির ? বলেন কি ম'শায় ? সে নিশ্চয় পাশকরা নার্শ ! লেথা-পড়া জানে ?"

"জানি না। কিন্তু ওব্ধপত্ত বেশ চেনে তা' আজ দেখ্লাম।"
"Your maid is a jewel." বলিয়া ডাক্তার ঔষধ জিথিয়া
দিয়া, গুশ্রুষার ব্যবস্থা দিয়া চলিয়া গেলেন। তথন অতুল আসিয়া
উপস্থিত হইল।

আমি অতুলকে সব কথা জানাইলাম এবং ঝির নৃতন কীর্ত্তির ১১৪ কথা বলিলাম। সে বলিল, "তুমি ধ'রেছ ঠিক হে। এ স্ত্রীলোকটির ভিতর যে থুব জটিল রহস্ত লুকান আছে, তা'তে আর সন্দেহ নাই।"

আমার ত্রী ভাল হইয়া উঠিলেন। তাঁহার রোগশ্যায়৽
আমাদের বোঝাপড়া হইয়া গেল। আমি দেখিলাম যে এখন
তিনি আমার কথা বলিবার আগেই আমাকে বিখাসু করিয়া
• বিসিয়াছেন। মৃত্যুর দ্বার হইতে তিনি যেন দিব্য জ্ঞান লইয়া
আসিয়াছেন।

আমি তাঁইাকে অতুলের সঙ্গে যে পরামর্শ হইয়াছিল সে কথা বলিলাম। তিনি তাহা কানেই তুলিলেন না। বলিলেন, "আমি পাগল হ'য়েছিল্ম অলে একটা নিরপরাধ স্ত্রীলোক শাস্তি পাবে কেন ? আমাকে কি তুমি বিখাস কর না ? বিখাসের যোগ্য আমি নিজেকে দেথাইনি স্বীকার করি, কিন্তু এইবারটি আমান্ন ক্ষমা ক'রে বিখাস ক'বে দেথ।"

আমি তাহার চিবুক ধরিয়া বলিলাম, "পাগল হ'য়েছ। তোমার দোধ কি যে ক্ষমা করবো পাগল।" তার পর বলিলাম, "শুধু তোমাকে বিখাস,করার কথা নয়, এই ঝিটকে আমার আর বিখাস হয় না। ওর এখানে না থাকাই মঙ্গল"।"

আমার স্ত্রী তিরস্তারপূর্ণদৃষ্টিতে আমার দিকে চাহিলেন, বলিলেন, "ও ছিল ব'লে আমি বাঁচলুম! ওকে এমন কথা কেমন

ক'রে বল্লে • কোনও দিন বেচারা ভাল বই মন্দ কিছু করেনি।"

আমি তথন স্পষ্ট করিয়াই বলিলাম, আমার সন্দেহের কথা।
স্ত্রী হাসিয়া উঠিলেন, বলিলেন, "এই যদি তা'র অপরাধ হয় তবে
তো সে আমার মাথার মাণিক। তোমাকে বে ভালবাসে সে
তো আমার বোনের বাড়া।"

মোটের উপর কিছুত্তেই আমার স্ত্রীকে আমি এ প্রস্তাবে রাজী করিতে পারিলাম না। নিজের অপরাধের অন্থশোচনার তাঁর মনটি এমন একটা অতিরিক্ত মোলারেম ঋবস্থার ছিল যে সংসারে কাহারও উপর তাঁহার তথন ওরপ বিরাগ হওরা একেবারে অসম্ভব হইরা দাঁডাইরাছিল। ছই দিন পর সকালবেলার নীচের কাজ সারিয়া সবে উপরে আসিয়াছি, তথন চাকর আসিয়া থবর দিল, "একটি গেরুয়াপর। বাবু এসেছেন।"

মহাবিরক্ত হইয়া নামিয়া আসিলাম, দেখিলাম সেঁকরাপর।

"বাব্"ই বটে। তাঁহার গেরুয়া বসন সত্ত্বেও তাঁহার কমনীয় কাঙি
ও পরিছের আকৃতি তাঁহাকে খুব স্পষ্ট করিয়াই বাবু প্রমাণিত
করিতেছিল। লাকটিকে যেন চিনি-চিনি বোধ হইল। নাম
জিজ্ঞাসা করিয়া জানিলাম, "অমরচক্র দত্ত।"

আমি বিশ্বিত ইইয়া বলিলাম, "অতুলের দাদা ?" তিনি একটু হাসিয়া উত্তর করিলেম, "হা"। আমি হাসিব কি কাঁদিব ভাবিয়া পাইলাম না। জিজ্ঞাসা করিলাম, "ভাই নাকি ? আপনি কবে এলেন ? এই ভো অতুল সেদিন আপনার কণা কত বলে গেল।"

"আমি ক'লকাতায় এসেছি ছ'দিন হ'ল কিন্তু এথনো অত্লের সঙ্গে দেখা হয় নি। এ ক'দিন আমি কেবল আমার স্ত্রীর সন্ধান ক'বে বেড়িয়েছি। তা'কে আনি বাড়ী থেকে বের ক'বে দিয়েছিলাম জানেন বোধ হয়, ঠিক এক সপ্তাহ আগে আমি জানতে পারলান যে, হয়তো 'আমি বিনাদোয়ে তা'কে শান্তি দিয়েছি। তাই ক'লকাতার চুটে এয়েছি তা'কে খুঁজে বের ক'রতে। তারী যে অবস্থাট হ'রে থাকুক, দে সতী হ'ক অসতী হ'ক তা'কে গ্রহণ ক'রবো, তার সেবার জীবন দিয়ে আমার অপরাধের প্রায়শ্চিত্ত ক'রবো। সে খুব সম্ভবতঃ এখন পতিতা, কিন্তু যদি দে তা' হয় তা'র জত্যে আমিই দায়ী।" বলিয়া তিনি চোথ মৃছিলেন।

আমি উৎসাহের সহিত বলিলাম, "এই তো মান্ন্যের মত কথা! তা আপনার স্ত্রীর সন্ধান পেলেন ?"

"পেয়েছি, দে শুনলাম আপনার বাড়ীতেই আছে, আরু"— আমার চক্ষের উপর পুর ভীক্ষ দৃষ্টি রাণিয়া তিনি বলিলেন, "শুনলাম তারই জন্ত নাকি আপনার স্ত্রী বিষণান ক'রেছিলেন।"

আমি চমকিয়া উঠিলাম, "আমাদের ঝি কমলা! অতুলের বৌদিদি! আমি প্রায় লাকাইয়া উঠিলাম। তথনি মনে হইল যে এই আগন্তকের তীত্র দৃষ্টি যেন আমার অপ্তর ভেদ করিবার চেষ্টা করিতেছে। কিন্তু প্রাণে এত আনন্দ হইল যে তাহাতে আমি সন্তুচিত হইলাম না। চাকরটা বাড়ী হইতে বাহির হইতেছিল, তাহাকে ডাকিয়া বলিলাম, "ওরে শীগ্ণীর অতুলবার্কে—আরে ঐ যে ব্যারিষ্ঠার সাহেব—ভাকে ডেকে নিয়ে আয়, বল যে তা'র দাদা আর বৌদিদি আমার বাড়ীতে এসেছেন।" অমরবার্কে বলিলাম, "মাপনি যেটুকু গুনেছেন বল্লেন তা' ঠিক।

আরু এও ঠিক যে আমা হ'তে আপনার স্ত্রীর কোমও অনিষ্ঠ হয় নি। আমার স্ত্রী যে ভূল ক'রেছিলেন, তা' তা'র মূধ থেকেই শুনবেন। আপনি একটু মাপ ক'রবেন, আমার স্ত্রীকে থবরটা দিয়ে আসি।" বলিয়া আমি ছুটয়া ভিভরে পেলাম। আমার স্ত্রী আনন্দের আতিশব্যে সেই ভর দিনের বেলায় বারান্দায় দাঁড়াইয়া আমার পলা ধরিয়া আমাকে চ্ছন •করিয়া কৈলিলেন।

তা'র পর শেঁজি পড়িল ঝির—কমলার। আমার স্নী তাহার নাম ধরিয়া মহাওাকাডাকি আরস্ত করিলেন, কিন্তু তাহার সাড়া পাওরা গেল না। ক্রমে জানা গেল বে, সকাল হইতে তাহাকে কেহ দেখে নাই। তাহাল ঘরের কাছে গিয়া আমরা দেখিলাম বার ভিতর হইতে বন্ধ। আমার স্ত্রীর ডাকাডাকিতে যথন কোনও সাড়া পাওয়া গেল না, তথন আমার একটা দারুণ সন্দেহে সমস্ত শরীর কাঁপিয়া উঠিল। আমি হুই তিনটি সবল পদাঘতে দ্বারের অর্গল ভাঙ্গিয়া ফেলিলাম। যাহা দেখিলাম, তাহাতে আমার বুকের রক্ত হিম হইয়া গেল।

দৈখিলান কমলা তাহার দীনশ্যার শুইয়া মৃত্যু যন্ত্রার ছট্ফট্ করিতেছে। প্রচণ্ড চেষ্টার সে তথনো নিঃখাস গ্রহণ করিতেছে, কিন্তু আর যেন পারে না। তাহার অর্ণকান্তি মলিন হইরা গিয়াছে, আরত চকু বিফোরিত ও বুর্ণিত হইতেছে—গণ্ড সন্তুচিত

হইয়া পড়িরাছে এবং সমস্ত মুখমগুলে একটা দারুণ বেদনার ছাপ পড়িয়া গিয়াছে।

আমি ছুটিরা অমরবাবুকে ডাকিরা আনিলাম। ততক্ষণে অতুলও আদিনা পৌছিল। অমরবাবু ডাকারী পাশ, তথাপি আমি ডাকার ডাকিতে পাঠাইলাম। অতুল নিবেধ করিরা বলিল, "তা'র ১চেরে, আমি গাড়ী নিরে এসেছি, তা'তে ক'রে হাঁদপাতালে নিরে যাই।" বলিতে-বলিতে আমরা রোগিণীর ঘরে আসিরা পৌছিলাম।

একটা তক্তপোষের উপর কমলা শুইয় ছিল। তার নীচে কতকটা জমি পড়িয়া রহিয়াছে, তাহাতে নীলরঙের দাগ রহিয়াছে। অমরবাবু সেটা পরীক্ষা করিলেন, রোগিণীকে পরীক্ষা করিলেন। শয়ার উপর একটা নীল রঙ্গের ছোট শিশি পড়িয়া ছিল, সেটা তুলিয়া দেখিলেন; হাহাকার করিয়া কাঁদিয়া বলিলেন, "সব চেষ্টা মিথ্যে অতুল, রাক্ষমী বিষ থেয়েছে—একেবারে Corrosive sublimate. আর এর শেক অবস্থাও হ'য়ে এয়েছে।" এজকণ কমলা স্বামীর মুথের দিকে দৃষ্টি-নিবদ্ধ করিয়াছিল। দে কি বেন বলিতে চাহিতেছিল, কথা আসিতেছিল না। দেখিতে দেখিতে তাহার ষত্রণা বেন কতকটা শাস্ত হইয়া আসিল, সেধপ্ করিয়া বলিয়া ফেলিল, "তুমি এসেছ্ক্?—আমি অসতী নই—আশীকাঁদি কর—" আর কথা কহিল না।

দেখিতে দেখিতে তাহার প্রাণবায় বাহির হইয়া গেল, অমর ও অতুল ভূল্ঞিত হইয়া কাঁদিতে লাগিল। আমি ও আমার স্ত্রী সাজনা দিতে চেষ্টা করিলাম—কিন্তু আমরা নিজেরাই কাঁদিয়া সারা, তাহাদের ব্যাইব কি ?"

ক্ষলার বিছানায় তুইখানা পত্র দেখিলাম। একখানায় আমার

স্ত্রীকে লিধিয়াছে, "মা, জন্ম-জন্ম তপস্থার ফলে তেটুমার মন্ত্রীমার দিছে আদৃষ্টের দোষে আমি তোমার কটের কারণ হ'রেছি, অবশেষে তোমাকে মেরে ফেলতে ব'দেছিলাম। তাই আমি আমার এ তুচ্ছ ছঃধের জাবন নাশ করাই দ্বির ক'রলাম। আমিও তোমারই মত সৌভাগাবতী ছিলাম, কর্মদোষে আজ আমি ছঃধিনী। শ্বামীকে ছঃধ দিয়েছি, দেওরকে ছঃধ দিয়েছি, যে আমার সংস্পর্শে এসেছে তাকেই ছঃধ দিয়েছি। এমন ২'রেও কি বাঁচতে আছে ?

একটা কথা, মা, ব'লে যাই, বিশ্বাস করো। আমি অসভী নই, আর বাবুর দেবছ্রভি চরিত্রে তোমার সন্দেহ ক'রবার বিন্দুমাত্রও হেতুনাই। ইভি—

> দাসী— কমলা।"

অতুলের কাছে কমলা যে পত্র লিখিয়াছিল তাহা এই— "কল্যাণীয়েযু—

ঠাকুরপো, কি ধুমকেতু হ'য়েই আমি সংসারে এনেছিলাম, যেধানে গেলাম সব পুড়িয়েই গেলাম। তাই আজ চ'লাম, আমাকে ক্ষমা করো ভাই। আর, যদি কথনও ভোমার দাদার সঙ্গে দেখা হয়, তবে তাঁথকেও আমায় ক্ষমা ক'রডে বলো।

যে আশার আমি এতদিন এ তঃখনর কলজিত জীবন ধারণ ক'রেছিলাম, সে আশা আমার পূর্ণ হ'ল না। এই বড় তঃখ রইল। মরবার আগে তোমার দাদাকে ব'লে মর্তে পেলুম না যে, আমি অসতী নই, অদৃষ্টদোষে যে কলঙ্ক আমার ঘাড়ে চেপেছে, তা'তে আমার কোনও দোস নাই। এ জগতে কেউ পাছে সে কণা না জানে তাই জগতের কাছ থেকে বিদায় নেবার সময় সব কণা তোমাকে ব'লে বাছিছ। তুমি সেদিন আমাদের বাবুকে ব'লছিলে, তুমি এথনা আমায় ভালবাস। সেই ভরসায় আমি তোমাকে ভার দিয়ে গেলুম জগতের কাছে আমার কলফ কালন কর্বার।

এ পৃথিবীতে কেউ আমায় ঠিক বুঝলে না, আমি যেন কেবল ভূলের জয় করবার জ্ঞাই জগতে এনেছিলুম। তোমার দাদা ১২২ আমাকৈ কুলটা ব'লে জানলেন, তুমি জানলে আমি তোমায় ভালবাসি, আর সেদিন আড়াল থেকে শুনলাম, আমাদের বাবুও মনে করেন যে বুঝি আমি তাঁ'কে ভালবাসিয়া মরিয়াছি। কিন্তু সত্য কথা ভাই, আমি তোমার প্রেমে পড়ি নাই, এ জীবনে সত্য করিয়া তোমার দাদাকে ছাড়িয়া কাউকেই ভালবাসি নাই।

কিন্তু বিষেষ্ক আগে, যখন ভালবাসা কাকে বলে ঠিক ভানতুমই না, তখন আমার মনটা বেশ একটু চঞ্চল হ'রেছিল চঞ্চলের জন্ত। শুন্লে তুমি আশ্চর্যা হ'বে, আমিও এখন আশ্চর্যা হই, যে তা'র সঙ্গে যথন আমার বিষে ভেঙ্গে গেল তখন আমি গোপনে গোপনে অনেক কেঁদেছিলাম। চঞ্চলও তা'র পর একদিন আমাকে ব'লে গিয়েছিল দে, সে আমার জন্ত সর্বস্ব ত্যাগ ক'রবে, তবু সে আমার বিষে ক'রবেই।

ঠিক তারই আগে তোমার দাদা এসেছিলেন আমাদের বাড়ীতে। তথন তোমার দাদার সঙ্গে আমার বিষে ঠিক হ'য়ে গেছে, তিনি পূব গোপনে আমার সঙ্গে দেখা ক'য়তে এসেছিলেন। তাঁর উপর বরাবরই আমার পূব শ্রহা ভক্তি ছিল, তার পর বখন তি।ম এই সকলের লাঞ্চিত পরিতাক্ত বিধবার মেয়েটিকে নিজের পায় ঠাঁই দিতে রাজী হ'লেন, তথন আমার প্রাণমন তাঁর প্রতি ক্তক্তভায় ভরে উঠ্লো। তবু বিয়েতে ততটা মন ছিল না। চঞ্চলের সঙ্গে কথাবার্তা অনেক দিন চ'লেছিল ব'লেই আমি

এক রকম তা'কেই শ্বামী সাব্যস্ত করে, এত কল্পনা ক'রেছিলাম যে, যথন তার সঙ্গে বিল্লে হ'ল না তথন আর কারু সঙ্গে বিল্লের কথা আমার ভাল লাগুতো না।

তোমার দাদা পা টিপে-টিপে আমার কাছে এলেন। মা তথন তোমাদের বাড়ীতে, আমি তথন ঘরে একা। তিনি আমার বল্লেন, "কমলা, তুমি কি আমায় ভালবাদ?"

আমি পোড়ারমুখী তথনও ভালবাদার মর্মজানি না, ডাই বলিতে পারিলান না, "হাঁ।" আমি লজ্জায় মুখ নীচু করিয়া রহিলান।

তোমার দাদা আমার মূখ তুলিয়া ধরিলেন, আমি দেখিলামূ তাঁর সমস্ত মূখ ভালবাসার ভরপুর হইয়া রহিয়াছে, তিনি তাঁর সমস্ত হলরের ভালবাসা লইয়া আমার কাছে ভালবাসা ভিক্ষা করিতে আসিয়াছেন।

তিনি বলিলেন, "আমার মুথের দিকে চেয়ে বল কমল, আমার সঙ্গে বিয়েতে তোমার সম্পূর্ণ মত আছে তে। ?"

আমার মনে যাহাই থাকুক আমি বলিলাম, "হা।"

"না" বলিতে পারিলাম না। এত আশাকে বিমুখ করিতে পারিলাম না। মনে করিলাম, তোমার দাদা দেবতা, আমার মত নগণ্য কীটকে দয়া করে পায় স্থান দিছেন, তাঁর মনে আনি কেমন ক'রে কট্ট দিব ? তাই বলিগাস, "হাঁ।" তুমি ভ্ল ১২৪

বুঝিও না। আমি গরীবের মেয়ে, আমার বিদ্নে হয় না তাই হাবাতের মত তোমার দাদার ঐখর্যা হাত করবার জন্ম আমি সম্মতি দিয়েছিলাম, একথা মনে করিও না।

ওঃ! এ কথার তাঁর যে পরিত্প্তির আনন্দ, তা কেবল আমিই দেখিলাম। মনে বড় ব্যথা পাইলাম। এমন দেবতাকে কি আমি ঠকাইয়া যাইব ? কথনই না, সকল্প করিলাম, তাঁহাকে তালবাসিবই। সমস্ত জীবন মন দিয়া ভালবাসিয়া সেবা করিয়া তাঁর এ অভাগিনীর প্রতি ভালবাসার সামান্ত প্রতিদান দিব। দেপ্রতিক্তা আমি রাখিয়াছিলাম।

ঠিক তা'র কিছুক্ষণ পর চঞ্চল আদিল। এখন বুঝি বে, নভেল পড়িয়া তা'র মাথা বিগ্ডাইয়া গিয়াছিল, সে কেবল নভেলের হ'টো বাঁধিগৎ মুখস্থ বলিয়া গেল। কিন্তু তখন সে কাঁদিয়া গেল, আমাকে কাঁদাইয়া গেল। কাচের বদলে মুক্তা পাইয়াও আমার তখন মনে হইল আমি ঠিকয়া গেলাম। বড় কাঁদিলাম। তার পরেও অনেক দিন একলা-একলা তা'র কথাগুলি শ্বরণ করিয়া আমি কাঁদিয়াছিলাম, এখন ভাবিতে হাসি পায়।

ুবে দিন তুমি আমার কাছে গিয়াছিলে সেদিনও আমি চঞ্চলর কথা ভাবিয়াই কাঁদিতেছিলাম, আমি দেখিতে পাইলাম ভূমি ভূল বুঝিয়া গেলে, কিন্তু মুখ ফুটিয়া কি সত্য কথা এ অবস্থায় মেয়েছেলে বলিতে পারে ?

বিবাহের পর তোমাকে দেখিতে পাইলাম না, আমি বুরিলাম, কেন তোমার এত তাড়াতাড়ি বিলাত যাওয়ার দরকার হইরাছিল। কিন্তু তোমার অভাব আমার অহুতব হয় নাই। তোমার দাদা তাঁর ভালবাসা দিরা আমাকে একেবারে ডুবাইয়া রাখিয়াছিলেন—কত যে আদর, কত যদ্ধ তিনি করিতেন, সময় নাই অসময় নাই, কত ভাবে যে তিনি আমার কাছে তাঁর ভালবাসার অনস্ত প্রস্তবণ ছাড়িয়া দিতেন তাহা স্মরণ করিতে আমার এ ছংথের দশায়ঞ্চ শরীর প্রল্কিত হয়।

>

আমি দেখিলাম যে আমার প্রতিজ্ঞাপালন মোটেই কঠিন হইল না। চঞ্চলের মোহ একটা দূর স্বপ্লের মত হইয়া উঠিল, তোমার দাদা আমার সমস্ক হৃদ্য ভরিয়া রহিলেন।

এ বিষয়ে সাহায্য করিল চঞ্চল। কিন্তু তাতেই যত হঃথ
আসিল। আমার বিবাহের পর চঞ্চলের প্রেম একেবারে উদাম
হইরা উঠিল, সে আমাকে প্রেম-পত্র লিখিতে আরম্ভ করিল।
প্রথম পত্র পাইলাম বিবাহের ছই মাস পরে। তথন তোমার
দাদা আমার মন দখল করিয়া লইয়াছেন কিন্তু চঞ্চলের কথা মন
হইতে একেবারে সরিয়া যায় নাই। আমি তথন রায়া কলিতেছিলাম। আমী নিজে চিঠিখানা দিয়া গেলেন। আমি পড়িয়া
পত্রথানা আগুনে ফেলিয়া দিলাম। বড় ভয় হইল, চঞ্চলের
উপর বড় রাগ ও ঘুণা হইল।

• তা'র পর প্রারই তা'র চিঠি আসিতে লাগিল। আমি সব চিঠি গোপনে অগ্নিসাং করিতাম। প্রত্যেকটি চিঠি পাইলে আমার হৃদর কাঁপিয়া উঠিত, চঞ্চলের উপর ঘুণার মন ভরিয়া বাইত, তার কথা মনে হইলে সমস্ত অঙ্গ ভরে শিহরিয়া উঠিত।

কিন্ত, আমি তোমার দাদাকে কিছু বলি নাই। বুঝিয়াছিলাম, যে তাঁর কাছে এ কথা আমার বলা উচিত, কিন্তু বলি-বলি করিয় কিছুতেই মুথ ফুটয়া বলিতে পারি নাই। একদিন দেখিলাম তোমার দাদা চঞ্চলের একখানা চিঠি আনিয়া দিলেন। তাঁছার সাম্নে আমি তাহা খুলিলাম না, ভয়ে। তিনি চলিয়া গেলে খুলিলাম—কি ছয়তি আমার হইল আমি চিঠিখানা পড়িলাম, পড়য়া আগুনে ফেলিয়া দিলাম। ফেলিয়াই শক্ষিতভাবে মুথ ফিরাইলাম, দেখিলাম যে, ভোমার দাদা তাঁর ঘরের জানলায় দাঁডাইয়া আমার কার্য্য দেখিতেছেন।

সে চিঠি ভাল করিয়া পড়ি নাই, কিন্তু এটুকু দেখিয়াছিলাম বে, চঞ্চল আমাকে কখন খেন কোথায় যাইয়া তাহার সঙ্গে গোপনে দেখা করিতে লিখিয়াছে। পরে বুঝিয়াছি বে, সে দ্রেইদিন বৈকালেই ,থিড়কীর পুকুরে আমাকে যাইতে লিখিয়াছিল এবং তোমার দাদা সে চিঠি পড়িয়াছিলেন। এই প্রস্তাবটার উলাপনেই আমার এমন ঘুণা হইয়াছিল যে সমস্তটা কথা আমি পড়িলেও সে কথা আমার মনের ভিতর প্রবেশ করে নাই।

সেইদিন বৈকালে আমি যথাসময়ে থিড়কী পুকুরে গা ধুইতে গেলাম। পা ধুইয়া ভিজাকাপড়ে ফিরিভেছি, হঠাৎ একটা ঝোপের আড়াল হইতে চঞ্চল বাহির হইল। "এই যে এসেছ।" বলিয়া দে মুহূর্ত্তমধ্যে আমাকে ছই বাছ দিয়া বেষ্টন করিয়া-এখনো লিখিতে গা শিহরিয়া ওঠে —চুম্বনের উপর চুম্বন করিতে লাগিল। আমি এত ভ্যাবাচাকা খাইয়া গিয়াছিলাম যে, আমার মুখে কথাটিও ফুটিল না. আর এত দ্রুত এই সব কাণ্ড হইয়া. গেল যে, আমি সংজ্ঞা পাইবার অবসরও পাইলাম না। নিমেষ মধ্যে দে কি দেখিয়া ছুটিয়া পলাইল। আমি তাহার দৃষ্টির অমুসরণ করিয়া দেখিলাম, দুরে জানালায়, আমার স্বামী ৷ তথন আমার হাত পা অবশ হইয়া আদিল, আমি ভিজা কাপড়ে দেইখানে বিদিয়া পড়িলাম ৷ সমস্ত ব্যাপারটা আমার চক্ষের সম্মুথে স্পষ্ট হুটুরা গেল। চঞ্চল চিঠিতে ঠিক এই সময় আমাকে আসিতে লিখিয়াছিল এবং এই ঝোপের আডালে সে অপেকা করিতেছিল। তোমার দাদা সে পত্র পড়িয়াছিলেন এবং আমার গতিবিধি লক্ষ্য করিতেছিলেন। আমি বতকণ নি:শঙ্কচিত্তে গা ধুইতেছিলাম,-কি লজ্জা-ততক্ষণ চঞ্চল নিভতে বসিয়া আমাকে দেখিতেছিল। আর - नमखडे जामी तिथियां छन । आमि म्लेडेरे वृविराज शांत्रिमाम रय, এই সমস্ত ব্যাপারে আমি স্বামীর চক্ষে যে অপরাধিনী হইয়া গেলাম, হাজার কথার সে মনোভাব দুর করা আমার সাধ্য হইবে না।

আমি অনেকক্ষণ স্তব্ধ হইরা থাকিয়া শেষে কাঁদিতে লাগিলাম। কাঁদিয়া কাঁদিয়া মন স্থির করিলাম। আমার স্বামী এ অবস্থার ধদি আমাকে চাবুক মারিয়া বাড়ী হইতে দ্র করিয়া দেন, ভবে আমার কিছু বলিবার নাই, স্থির করিয়া আমি বাড়ীতে ঢুকিলাম।

সে দিন সামীর সঙ্গে দেখা হইল না। তিনি রাত্রে কখন যে আদিলেন এবং ভোরের বেলায় কখন যে চলিয়া গেলেন জানিলাম না। প্রদিন স্কাল্বেলায় তিনি আমার কাছে আসিলেন। আমি লজ্জায় তুংখে মরিয়া গিয়া আমার এ কলক্ষিত দেহ যথাসম্ভব সম্কৃতিত করিয়া শান্তির প্রতীক্ষা করিতে লাগিলাম। তথন আমার নিজের জন্ম আমার কোনও ছ:খ ছিল না। এত বড় মন যার, যথাসর্বস্থ বে আমাকে দিয়া স্থুখী, তার মনে এত বড তঃখ হইয়াছে, এই কথা ভাবিয়া আনার কারা পাইতে লাগিল। তাঁর চোথের ভিতর তাঁর মনের বেদনা দেখিতে পাইলাম, আমার বক ফাটিয়া যাইতে লাগিল। আমি এমন অবস্থায় পড়িয়াছিলাম যে কথা বলিয়া তাঁর ছঃথ নিবারণ অসম্ভব। যদি আমাকে শান্তি দিয়া তাঁর মনের হুংথ কিছু কমে তবে সে শান্তি আমান্ত মাথার মাণিক হইবে, এই ভাবিয়া আমি শান্তির প্রতীক্ষা করিতে माशिनाम। किंदु जिनि माखि मिलन ना, क्वन विलिन, "ওগো. আজ আমায় দাৰ্জিলিং যেতে হ'বে। ৫।৬ দিন বাদে ফিব্লবো। জিনিষ-পত্তর অছিয়ে দিও।"

স্বামী চলিয়া গেলেন। তথন আনি কাদিতে লাগিলাম।
বুকের ছঃথ বুকে চাপিয়া তিনি আমার মত হতভাগিনীর জন্ত কি বাতনা পাইতেছেন তাই ভাবিয়া কাদিলান। কি করিলে এ ছঃথ বায় কিছুই ভাবিয়া পাইলাম নাঃ শেষে আমাদের যা' সম্বল তাই স্থির করিলাম—ভাবিলাম মরিবঃ এই আমার স্থ্যোগ,
স্বামী বাড়ী থাকিবেন না, এই সময় মরিব।

স্বামীকে বিদায় দিয়া ঘর ছয়ার গোছাইলাম। তথন আর্ব আমার মনে কোনও গ্লানি ছিল না। সন্ধাবেলায় কর্ত্ত্ব্য স্থির করিয়া ঘরে ঢুকিলাম, দাগীকে বলিয়া দিলাম, আমি আজ আর থাইব না, আর আমার ঘরেও ভার শুইয়া কাজ নাই।

তথন দারূপ গ্রীম, দক্ষিণের জানালটো খোলা ছিল, ঝির-ঝির করিয়া বাতাস আসিতেছিল, তাহার পাশে আমাদের বিছানা। একবার জীবনের শোধ সেই বিছানায় পড়িয়া স্বামীর গায়ের আঘাণ অন্তত্তব ক্লবিলাম, উপুড় হইখা গুইয়া কাঁদিলাম। কাঁদিতে কাঁদিতে কথন যে গুমাইয়া পড়িয়াম তাহা জানি না।

ঘুমের ঘোরে স্থপ্ন দেখিতে লাগিণান আমার স্থামী ফিরিরা আসিরাছেন। আমার পাশে শুইরা আমাকে আদর করিরা ডাকিয়া বলিতেছেন, "ছি মরিবে কেন? তোমার কি দোষ? আমি তো তোমার উপর রাগ করি নাই।" বলিতে বলিতে কতবার আমার মুখচুখন করিলেন। আমি আদরে গলিয়া গিয়া গভার আলেঞ্জনে তাহাকে আবদ্ধ কার্য়া তাঁহার বুকে 'ুমুধ লুকাইলাম।

হঠাৎ একটা চাবুকের ঘায়ে ঘুম ভাঙ্গিয়া দেখিতে পাইলাম আমার স্বামী শ্যার পার্শ্বে দাঁড়াইরা পাগলের মত চাবুক চালাইতে ু ছেন আর আমার আলিঙ্গন পাশ হইতে নিজেকে মুক্ত করিয়া আহত চঞ্চল তডাক করিয়া জানালা ডিঙ্গাইয়া পলাইলেন। ক্যামার ঘুনৈর ঘোর কাটিবার পূর্ব্বেই এত দব কাগু ঘটিয়া গেল. তথন আমি ভাল করিয়া সব ব্যাপার ব্ঝিতেই পারিলাম না। কিন্তু কলের পুতৃশের মত উঠিয়া দাঁড়াইলাম, আমার স্বামী আমার দিকে আগুনের মত চোথ করিয়া চাহিয়া কেবল আপাদমন্তক নিরীক্ষণ করিতে লাগিলেন। চমক ভান্ধিয়া সমস্ত অবস্থা বুঝিলাম। আমার স্বামীর দাজ্জিলিং যাওয়াটা একটা ছল, আমরা তিনি না থাকিলে এমনি একটা কিছু করিব জানিয়াই তিনি ্এ ছল করিয়াছিলেন। চঞ্চল, তিনি নাই জানিয়া, রাত্রে জানালা দিয়া সিঁড়ি ফেলিয়া ঘরে আসিয়া আমার পাশে শুইয়াছিল-তাহাকেই আমি তোমার দাদা মনে করিয়াছিলাম আর খুমের বোরে আলিগন করিয়াছিলাম; আমার তথন জ্ঞান ছিল না। কি করিতেছি না জানিয়া স্বামীর পায়ের উপর পড়িতে গেলাম। সাপ পেৰিলে মানুষ যেমন লাফাইয়া যায় তিনি তেমনি লাফাইয়া আমাকে ছাড়িয়া গেলেন। আমি ্দ্বিভীয় পক

উঠিলা বসিলাম। হৃদর একেবারে জড় চইলা গিরাছিল, খালা পাইল না।

তিনি কঠোরভাবে বলিলেন, "আমার দঙ্গে এসো।" আমি
নীরবে অনুসরণ করিলাম। তিনি স্থুপ্ত নীরব অট্টালিকার ভিতর
দিয়া গিয়া ফটকের কাছে দাঁড়াইয়া বলিলেন—"ওই রাস্তা, ওইখানে
তোমাব স্থান। আর তুমি আমার কাছে দেখা দিও না।"

আমি কলের পুতুলের মত বাহির ইর্রা গেলাম। তথ্য তিনি কি ভাবিরা পকেট ইইতে একখনো ৫০ টাকার নোট বাহির করিয়া আমার দিকে ছুঁড়িয়া ফটক বন্ধ করিলেন। আমার অর্গের হুয়ার চিরদিনের জন্ম কন্ধ ইইল।

তথন আমার তঁদ হইল। আমি থানিককল দেই রুদ্ধ হয়ারের চৌকাটে মাথা ঠুকিরা কাঁদিলাম। আমি মরিতে চলিলাম, আমার তাহাতে হুঃথ নাই, কিন্তু আমার স্বামীর আমি কি দর্মনাশ করিয়া গোলাম, আমার দেবতাকে আমি কি কটনা দিলাম, তাই ভাবিয়া কাঁদিলাম। থানিক বাদে, আমার হঠাও ভর হইল। চঞল যদি কাছে কোথাও লুকাইয়া থাকে তবে তো সর্মনাশ! এই প্রকাণ্ড বিশ্বের মধ্যে আমার একমাত্র ভরের জিনিস-ছিল দেই। তাই আমি উঠিলাম, কোথাও পালাইব বলিয়া পথে চলিতে লাগিলাম।

মরিব তো কিন্তু কেমন করিয়া মরিব ঃ জলে ডুবিয়া মরিতে ১৩২ হইলে দড়ি কলসীর আবশুক জানিতাম, তাহা এখন কোণায় পাইব ? না বিষ থাইব ? বিষই বা পাইব কোণায় ? আমি ফিরিলাম। তোমার দাদা যে নোটখানা দিয়াছিলেন তাহা কুড়াইয়া লইলাম; তার পর থানিক রুদ্ধাসে ছুটলাম, চঞ্চলের ক্ষান্ত হইতে দ্বে যাইবার জন্ম। তার পর সেক্ষা রাস্তা দিয়া কেবলি চলিতে লাগিলাম। আমার সৌভাগ্য! কাহার ও সম্পে দেখা হইল না।

অনেক দ্র ছলিয়া সামনে দেখিলাম টামের লাইন। মনে হইল এই তো বেশ স্থযোগ। টাম আসিলে তার সামনে লাফাইয়া পড়িব, ভবেই সব ষদ্রগার অবসান হইবে। তথন কত রাজি জানি না, অনেকক্ষণ সেইখানে অপেক্ষা করিয়া রহিলাম, টাম আসিল না। বিরক্ত হইয়া আমি আবার চলিতে লাগিলাম। সামনে একটা পুকুর দেখিয়া সেখানে গিয়া গলার সঙ্গে তুইখানা ইট কাপড় দিয়া বাধিয়া জলে ডুবিলাম। ইট তুইটা বড় হাছা বোধ হইল, তাও আবার কেমন করিয়া গলিয়া বাহির হইল, ভিজা কাপড় দিয়া আর তাহাকে ভাল করিয়া গলিয়া বাহির হইল, ভিজা কাপড় দিয়া আর তাহাকে ভাল করিয়া গলিয়া বাহির হইল, শরীয়টা ভাসিয়া উঠিল, নিঃখাদ লইবার জন্ম মুধ তুলিলাম, আবার ডুবিলাম। ভাসিয়া থাকিবার জন্ম কোনও চেষ্টা করিলাম মা বিলিয়াই আমি কেবলি ভাসিয়া উঠিতে লাগিলাম।

অনেকক্ষণ পর বিরক্ত হইরা মনে করিলাম উঠিরা যাই।
আমি একটু একটু ডুব দাঁতার দিতে পারিতাম, তাই সহজেই
তীরে উঠিলাম। সন্মুখে দেখিলাম ময়দান। আমি চলিতে
লাগিলাম। খানিক চলিতেই শীত বোধ হইল, আরু পাও চলে
না, তাই এক জারগার শুইরা ঘুমাইরা পড়িলাম।

ইতিমধ্যে আকাশ মেঘাছের হইয়া ভয়ানক বৃষ্টি আসিলু।
আমি তাড়াতাড়ি উঠিয়া পড়িলাম। তথন জঃথে হাসি পাইল।
কিসের জন্ম পালাইব, বৃষ্টিতে আমার কি ভয়, থ আমি আবার
ভইয়া পড়িলাম। ক্রমে শীতে কাঁপিতে লাগিলাম, কথন যে
মুমাইয়া বা অজ্ঞান হইয়া পড়িলাম তাহা জানি না।

যথন জ্ঞান হইণ, তথন আমি মেডিক্যাল কলেজ ইাসপাতালে। তনিলাম এক ভদ্ৰলোক সকালে বেড়াইতে গিয়া আমাকে দেখিতে পাইয়া এখানে পৌছাইয়া দিয়া গিয়াছেন। আমি বিষম জরে জ্ঞান, আমার গোটা ফুসকুস জুড়িয়া নিউমোনিয়া হইয়াছে। আমি বলিলাম, "এই ভাল, মরিবার আগে তাঁকে খবর দিয়া আনিয়া বলিতে পাইব আমি অসতী নই।"

কিন্তু মরণ হইল না। মাদ থানেক ভোগের পর ডার্কারের ছকুমে আমাকে হাঁদপাতাল হইতে বিদায় করা হইল। বিদায় তো হইলাম, এখন যাই কোথায়। 'একটি বর্ষীয়দী ইংরাজ নার্দ আমাদের ভার প্রাপ্ত ছিলেন। তিনি আমাকে বড় দয়া করিতেন, তাঁর নাম মিলড্রেড। আমি তাঁকে মা বলিতান। তাঁহাকে বলিলাম, "মা, আমার কোথাও হান নাই, আমি কোণায় যাই।"

থানিকক্ষণ জিজ্ঞাসাবাদের পর তিনি শেবে অন্ত্রাহ করিরা আমাকে আশ্রে দিলেন। নার্সদের থাকিবার বাড়ীতে একতালার একথানা ঘরে আমি থাকিতাম আর নার্স নিলড়েডের অধীনে বৈগী শুশ্রমার কাজ করিতাম। নার্স নিলড়েড্ড আমাকে রোগী চর্যা অনেক শিথাইরাছিলেন।

মরিবার আংশা তথনও তাগি করি নাই, কিন্তু তথন মরিতে ইচ্ছা হইতেছিল না। আবার বে আমার দৌভাগ্য ফিরিবে এমন আশা আমার এক দিনের তরেও হর নাই, আমার এ কলঙ্কিত দেহ দিয়া স্থামীকে কলুষিত করিবার ইচ্ছাও আমার ছিল না। কিন্তু তাঁর মনে জন্মের মত এমন একটা দাগা রাখিয়া মরিতে মন ছিল না। বড় সাধ ছিল মরিবার সময় তাঁহার পায় মাথা রাখিয়া একবার বলিব, "আমি অসতী নই"—তথন তিনি আমাকে বিশাস করিবেন এ ভরসা আমার ছিল। সেই আশায় এত দিনী এত কটে বাঁচিয়ী ছিলাম। কিন্তু সে সাধ আমার মিটিল না।

সেধানে বেঁশ ছিলাম। কিন্তু বছর থানেক বাদে আমার পে স্থান ছাড়িতে হইল এ আমাদের ওথানে জারটুড নামে একটি

বুবতী নার্স ছিল তাহার খভাব চরিত্র বড় ভাল ছিল না। সন্ধানবেলায় তিনি বাছির হইতেন এবং পুব বেনী রাত্রে প্রায় একটা না একটা সাহেবের সঙ্গে ফিরিয়া আসিতেন। একদিন তাঁর সঙ্গে আসিল একটা ট্যা'য়ক্যাবে একটি স্বক, যা'কে দেখিয়াই আমার সমস্ত শরীর কণ্টকিত হইয়া উঠিল। তার সাহেবী পোষাক এবং কামান গোঁফ সব্বেও আমার চিনিতে বাকী রহিল না। সে চঞ্জা।

চঞ্চল তার প্রীর রোজ আসিতে লাগিল এবং অনেক রাত্রি
পর্য্যস্ক জারটুডের সঙ্গে মদ টদ থাইয়া হাত্রণাপ করিয়া যাইতে
লাগিল। আমার ঘরের পাশ দিয়া তার যাতায়াত করিত,
আমার সর্ব্বশরীর কাঁটা দিয়া উঠিত। কি বে এক স্পটিছাড়া ভয়
আমাকে পাইয়া বসিয়াছিল জানি না, তাহাকে দেখিলে আমার
অস্ত্র হিম হইয়া যাইত।

অবশেষে আমি স্থির করিলাম এ স্থান ছাড়িব। একদিন রাত্রে হুইখানা মাত্র কাপড় এবং তোমার দাদার দেওয়া সেই নোট ও আমার মাইনার কিছু টাকা লইয়া বাহির হুইয়া পড়িলাম। মোড়ে এক পানওয়ালীর সঙ্গে আলাপ করিয়া তার বাড়ীতে আয়য় লইলাম। দেখিতে পাইলাম সে স্থানটি নরক, কিন্তু পানওয়ালী লোক ভাল। চঞ্চল ছাড়া ছনিয়ায় আর কাউকেই তখন আমার ভয় ছিল না, কেন না আমি হাঁসপাতাল হুইতে চুরি করিয়া এক ব্রকীন্ত্র সংগ্রহ করিয়া আনিয়াছিলাম—এক শিশি করোসিড সারিমেটের ট্যারয়েড।

আমি দেই থানেই পান ওয়ালীর আশ্রমে থাকিতাম। আমি তাহার পান বাড়ী বদিয়া তৈয়ার করিয়া দিতাম দে বেচিত। আমাকে কেউ বড় বিরক্ত করিতে আদিত না, বরং ছই একটি বারনারী বেশ একটু সহদয়তা দেখাইত।

বুড়ী পানগুলালী মরিয়া গেল, আমি তা'র গরে গাকিডে লাগিলাম। পান বেচিতে আমার সাহদ হইল না, কিন্তু আব একজন পানগুলীর সঙ্গে বন্দোবন্ত করিলাম, কিছু দিন তা'তেই চলিল। একদিন দেখি চঞ্চলবাবু একথানা মোটরকারে কারম্ন ছই তিনটি ইয়ার সংস্কে করিয়া আমাদের বাদাতেই উঠিলেন! তথন দেখান হইতে কাজে কাজেই বাদ উঠাইতে ইইল।

এইবার স্থির করিলাম মরিব। যে বাসার গেলাম সেথানে কতকগুলি ঝি থাকিত, তাহাদের একজনকে ভোনাদের বাসার থবর আনিতে পাঠাইলাম। সে আসিয়া সংবাদ দিল, ভোমার দাদা নিরুদ্দেশ। আমার মরা হইল না। কিন্তু বাচিবারও আর উপীয় ছিল না, কার্ন্থ হাতে ভোমার দাদার দেওয়া নোটথানা ছাড়া কিছুই ছিল না। আর ভা' ছাড়া চঞ্চলের আলায় সব জারগা হইতে তাড়িত হইয়া আমার মনে হইল, একজন ভদ্র-লোকের আশ্রেষ থাকিতে পারিলে অনেকটা নিরাপদে থাকিতে

পারিব। স্মামি বাড়ীওয়ালীকে বলিলাম আরও স্বাইকে বাল-লাম আমি কাজ করিব। তা'র পর প্রেশ্ব বাড়ীর দ্যাময়ী বি আমাকে এখানে জুটাইয়া দিল।

সেদিন আড়াল হইতে আমি আমাদের বাবুর আর তোমার কথা-বার্ত্তা শুনিয়াছি তাহা বুঝিতে পারিয়ছে। স্বস্তরাং জানি যে আমি এখানে কি অবস্থায় আছি তা' ূমি জান। রাক্ষ্মী আমি, এমন দয়াময়ী আশ্রয়দাত্রীকে ধাইতে ব্রিয়াছিলাম।

আর পারি না। এখানে আমার আর থাকা অসন্তব।
আমার অমঙ্গল দিয়া আর কত লোকের সর্বনাশ দরিব ? অথচ
আর কোগাও বাইতেও প্রবৃত্তি নাই, এ কয় বছর যে নরকের
ভিতর দিয়া চলিয়া আদিয়াছি আর তাড়িত কুকুরের মত যে
কপ্ত পাইয়াছি, তা'র ভিতর ফিরিবার আর ইছো নাই। একবার
ভাবিয়াছিলাম, তোমারই আশ্রম লইব। কিন্তু তথনই সে কথা
মন হইতে দ্র করিয়াছি। তোমার দাদার ত্রুম না পাইলে
আমি ও বাড়ীর চৌকাট ডিঙ্গাইয়া যাইতে পারি না। তা'
ছাড়া তুমি আমায় ভালবাস শুনিলাম, তোমাকে আবার পরীক্ষার
ভিতর ফেলা আমায় উচিত হইবে না। মবার উপর, আমি এ
কয় বছরে যে সব স্থানে থাকিয়াছি সেথান হইতে যে আমি পাঁপের
বোঝা মাথায় লইয়া আসি নাই, স্থ্, ম্থের কথায় কি কেউ
কথনো তাহা বিখাস করিত ?

তাই তোমার দাদাকে দেখিবার আশা, তাঁর প্রাণে একট্ শাস্তি দিবার আশা ছাড়িয়াই মরিতে হইল। এই মস্ত অমঙ্গলের আকরটাকে আর পৃথিবীতে থাকিতে দেওয়া চলে না।

চলিলাম ভাই। সব কথা তো গুনিলে, এখন তুমি বিয়ে ক'রে ইুথী হও এই আশীর্মাদ করি। যদি তাঁর কথনো দেখা পাও, তবে তাঁকেও একটা যোগ্য পাত্রীর সঙ্গে কিরে দিয়ে সংসারী ক'রতে চেষ্টা করো। তাঁর হৃদয়ে কত ভালবাসার আকাজ্জা দে কেবল আমিই জানি, সে আকাজ্জা আমি তুপ্ত ক'রতে পারলীম না, যদি কোনও ভাগ্যবতী এসে তা' পারে তবে আমি প্রলোকে সুথী হব। ইতি—

আশীর্কাদিকা

কম্লা।

কমলার Post mortem পরীক্ষার পর তাহার অস্ত্যেষ্টি নারিয়া যথন ছই:ভাই গৃহে ফিরিল তথন কিছুক্ষণ তাহারা কেউ কাহারও সঙ্গে কথা কহিল না। আমি বুঝিলাম যে 'অতুলের মন দাদার উপর একেবারে বিযাক্ত হইরা রহিয়াছে। তথনও তাহারা কেহ কমলার পত্র দেখিতে পায় নাই।

এ পত্র আবিষার করেন আমার স্ত্রী। আমরা যথন কমলার দেহ লইয়া চলিয়া গেলাম, তথন তিনি বাড়ীতে একাঁ বসিয়া পত্র হ'থানি পড়িয়াছিলেন। আমি বাড়ী ফিরিয়া দেখিলাম তিনি পত্র হ'থানা হাতে লইয়া কাঁদিয়া ভাসাইতেছেন। আমি তাঁকে কোনও নতে সাস্ত্রনা দিয়া চিঠি লইয়া অভুলের বাড়ী গেলাম।

আমি গিয়া দেখিলাম ছই ভাই বৈঠকখানার ছই ধারে গোঁজ হইয়া বসিয়া রহিয়াছে। থানিক বাদে অতুল বলিল, "দাদা তোমার বিষয়-আশয় ভূমি বুঝে নেও।"——

"আর তো দরকার নেই ভাই!" বলিয়া অমর কাঁদিয়া ফেলিল, বলিল, "আমি আজ রাত্রের ট্রেণেই যেথানে ছিলাম সেথানে ফিরের যা'ব।"

অভূল বলিল, "সে কেমন ক'রে হ'বে এথনো যে অনেক হাঙ্গামা র'রে গেছে। Coronerএর inquest শেষ হ'বার ১৪০ আপাগে যাবার কোনই উপায় নাই।— আর তোমার বিষয় আমি ্রাথতে পারবো না। তুমি না নেও তোমার যা'কে খুসী বিলিয়ে দাও, আমি ওর একটি পয়সাও ছোঁব না।

অত্লের মনে কি অভিযোগ খোঁচা দিতেছিল, আমি ব্রিত্তে, পারিলাম। আমি বলিলাম, "আপনার স্ত্রীর বালের ভিতর এই চিঠি ' হ'খানা পাওয়া গেছে।" বলিয়া পত্র হ'টি অমরবাবুকে দিলাম। ' তাঁহার অন্তরোধে পত্র আমি তাঁহাদিগকে পড়িয়া শুনাইলাম। পত্র শেষ হইলে দেখিলাম, অত্লের হ'চকু গড়াইয়া জল পড়িতেছে। অমরবাবু দাঁও দিয়া জোরে তাঁর অধর চাপিয়াছেন, তাঁর চণ্ণুলাল হইয়া উঠিয়াছে. মাধার সব কটা শিরা ফুলিয়া উঠিয়াছে।

অতৃল অমরের•গলা জুড়াইরা ধরিয়া বলিল, "দাদা",—বলিয়াই কাঁদিয়া ফেলিল। ছ'ভাইরে তথন খুব থানিকটা কাঁদিল, আমি নীরবে চোথ মুছিলাম।

অবশেষে অমররাবু বলিলেন, "কি দারুণ পরিহাস অদৃটের, আমি—যার কমলা ছাড়া প্রাণ ছিল না মন ছিল না সেই আমি কিনা তা'কে বাস্তার বের ক'রে দিলাম, শেষে তা'কে বিষ খাইরে অরলাম।"

থানিক পরে অতুল বলিল, "এতদিন তুমি ছিলে কোথায় দাদা। তোমার থোঁজ যে কত ক'রেছি তা' কি ব'লবো। যদি গ্র'দিন আগে আসতে তবে তো বোদি' আজ যেত না।"

বিভীয় পক

অমর বলিলেন, "আমি বেখানে ছিলাম সেখানে তোমার কোনও খোঁজ সন্ধানই পৌছার না। আমি নাগা-সল্লাগীদের সঙ্গে নানা বেশে গুরে বেড়িয়েছি। সাধনার চেষ্টা ক'রেছি পারি নি। গুরুর, কাছে দীক্ষা চেয়েছি তিনি আমার মন শান্ত না হ'লে দীক্ষা দেবেন ব'লে এতদিন দীক্ষা পাই নি। তবে দয়া ক'রে তিনি আমায় না সঙ্গে রেথেছেন।"

আমি একটু সংস্থাচের সহিত বলিলাম, "আপনি ফিরলেন ' কেন ?"

"প্রয়াগে কুন্তমেলার এসেছিলাম গুরুজীর সঙ্গে। সেথানে এই চঞ্চলটা গিয়েছিল দুগুটা দেখতে। সেথানে গিয়ে তা'র ওলাউঠা হয়—সে আমাদের আথড়াতেই সেনিন ছিল। আমার গুনে একটা পৈশাচিক আমল হ'ল, তা'কে গিয়ে ব'ললাম, 'ভোমার ওলাউঠা হ'য়েছে, তুমি বাঁচবে না, ভোমার পাপের প্রায়শ্চিত্র কর।' সে চমকে উঠলো। আমার গলার আওয়াজ গুনে আমাকে চিনতে পারলো, ফীণকঠে বয়ে, 'কোন পাপের কথা ব'লছেন।'

'কমলাকে যে পাপে ডুবিয়েছ তার।'

সে নীরব রইল, পরে বলে, 'কি প্রায়ন্চিত্ত বলুন।' আমি বলিলাম, 'বলছি, তা'র আগে তুমি বল কমলাকে কোথায় রেথেছ ?' আমার মনে সন্দেহও ছিল না যে কমলাকে আমি যথন বের ১৪২ পুক'রে দিলাম তথন সে নিশ্চয় চঞ্চলের কাছে গিয়েছিল। চঞ্চ বলে, 'আমি তো তা'র কথা জানি না; সেই আমার তা'র সঙ্গেশেয সাকাং।'

আমি অবাক্ হ'য়ে গেলাম, বল্লাম, 'কমলা তেনার কাছে যায় নি দেবাত্তে ?'

চঞ্চল বলিল, 'না'। তারপর সে নিজেই বল্লে, 'আ্রি এখন শিষ্ট দেখতে পাচ্ছি যে কমলা সাধ্বী, আমি তাকে নট ক'রতে চেষ্টা ক'রেছিলুম, কিন্তু তার কোনও দোষ নাই।'

আমি বল্লান, 'গুঁড়ির সাক্ষী মাতাল। মরতে বংসছো এখন তাঁড়াবার চেষ্টা করে। না।' তোমার চিঠি পেরে যে থিড়কীর পুকুরে সে গিয়েছিল, ফ্রার সেধানে যা' হ'য়েছিল তা' তো আমি নিজ চক্ষে দেখেছি, আর তা'র পর, সেদিন রাত্রে—ব'লতে লক্ষা করে না এখনো মিখ্যা কথা ?'

'সেদিন রাত্রে তার কোনই দোষ ছিল না। দে ঘুনিয়ে ছিল, আমি দারোয়ানকে ঘুদু দিয়ে জানালায় সিঁড়ি ফেলে উঠে তার পাশে গিয়ে ভয়েছিলাম। আপনি আদবার আগে পর্যান্ত তার ঘুম মেটেই ভাঙ্গে নি, সে টেরও পায় নি য়ে আমি সেধানে আছি। আর সেদিন বাগানে সে য়ে রকম চমকে গিয়ৈছিল তা'তে আমার তথনি মনে ই'য়েছিল বে বুঝি বা আমি ভুল বুয়েছি। আমি তা'কে অনেক চিঠি লিখেছি, কোনও চিঠির সে কোনও রকম

উত্তর কথনো দের নি। সেদিন সে ফে আমার চিঠি পেরে এসেছিল আমার তো মনে হয় না।'

আমার মাথা ঘুরিতে লাগিল, মনে হইল চঞ্চলের কথা তো সত্য হওয়া একেবারেই অসম্ভব নয়! আমি ছুটিয়া গুরুজীর কাছে গেলাম। যেতেই তিনি বল্লেন, 'তু'ন ঘরে ফিরে যাও, এতদিন একটা অন্ধ বিশ্বাদে কষ্ট পেয়েছ, অ'ল দেখছি তুমি সত্য কথা জানতে পেরেছ,—ঘরে যাও; কিন্তু আবার তোঃ ' আসতে হ'বে।'

আনি সেই দিনই রওনা হ'লাম। এাস প্রথমে ইম্পিরিয়াল লাইরেরীতে গিয়ে সেই সময়কার ক'থানা থবরের কাগজ বের ক'রে দেখতে লাগ'লাম যে কোথায় কোনও নেয়েছেলের অপমৃত্যুঃ হওয়ার হুর্ঘটনার কথা আছে কিনা। দেখলাম, একটা ভদ্রমরের যুবতী মেয়েকে গড়ের মাঠে মৃতবৎ অবস্থায় পাওয়া গিয়েছিল। রোগিণী হাঁসপাতালে আছে। হাঁসপাতালে অনেক খোঁজ ক'রে গেলাম নার্স মিলভ্রেজের কাছে। সেধানকার একজন উড়ে বেয়ারার কাছে থবর পেরে সেই পানওয়ালীর বাড়ী গেলাম। তার পর ঘুরতে ঘুরতে এলাম আপনার থাড়ী। এসে দেখলাম সন্ধান না পেলেই ছিল ভাল।"

সমাপ্ত

আট-আনা-সংস্করণ-গ্রন্থমালা

মূল্যবান্ **সংস্করণের মত্তই কাগজ,** ° ছাপা, বাঁধাই প্রভূতি স্বৰ্কাক্ষত্বন্দর। ' আধুনিক শ্রেষ্ঠ লেখকের পুস্তকই প্রকাশিত হয়।—

বঙ্গদেশে যাহা কেছ ভাবেন নাই, ভবেন নাই, আশাও করেন নাই।
বিসাতকেও °হার মানিতে হইরাছে—সমগ্র ভারতবর্বে ইহা নুতন স্বস্টি!
বঙ্গদাহিত্যের অধিক প্রচাবের আশার ও বাহাতে দকল প্রেশীর ব্যক্তিই

* কৃষ্ট পুস্তক-পাঠে দমর্থ হন, দেই মহা উদ্দেশ্যে আমরা এই অভিনব
ই-আনা-সংস্করণ প্রকাশ করিয়াছি। প্রতি বাঙ্গালা মাদে একথানি নুতন
্তেক প্রকাশিত হয়;—

নক্ষলবাসীদের স্থাবিধর্গ, নাম রেজেট্টি করা ছব: গ্রাহকদিগের নিকট নবপ্রকাশিত পুত্তক, ভি: পি: ডাকে ॥/০ মূল্যে প্রেরিত হুইবে: প্রকাশিত-' নি একতা বা পত্তা লিখিয়া স্থাবিধানুষায়ী পুথক পুথকও কাইতে পারেন।

গ্রাহকদিপের কোন বিষয় জানিতে হইলে, "প্রা†ছকে ন্*ফ্র*ে সহ পজ বিতে হটবে।

এই গ্রন্থমালার প্রকাশিত হইয়াছে---

- ১। অভাগী (৪র্থ সংকরণ)--জ্রিজলধর সেন।
- २। शर्मानील (२व प्रः ऋत्र)-श्रीताथानवाम वत्नाभाषात धन, धा
- ু। প্রসীক্ষমাক্ত (এম সংস্করণ)—গ্রীশরৎচন্দ্র চট্টোপাধ্যার।
- 8। কাঞ্জনমান্তা (২র সং)-মহামহোপাধার গ্রীহরপ্রসাদ শাস্ত্রী এম, এ।
- ে। বিবাহবিপ্লব (२য় সংশ্বরণ)— জীকেশবচন্দ্র গুপ্ত এম, এ, বি, এল্।
- । চিত্রালী-শ্রীস্থীক্ররাথ ঠাকুর।
- ^{'৮।} শাশ্রক্ত-ভিখানী (২র সং)—শীরাধাক্ষল মুখোপাধ্যার এম, এ।

- »। বড বাড়ী (তর সংকরণ)— এজলধর সেন।
- ১০। অরক্ষ**নীয়া** (৩র সংস্করণ)-শ্রীশরৎচর চট্টোপাধ্যার।
- >>। प्रश्रक्ष (२व मः ऋदन)--- श्रीताशानमाम वत्माशाशात अम. अ।
- ১২। জাতা 😘 ছিপেরা (২র সংস্করণ)---গ্রীবিপিনচন্দ্র পাল।
- २७। **इतरश्रेट शास्ताके** (२४ मःऋत्र)—श्रीश्रितमाधन मर्थाशांधांत्र ।
- 28। क्योभादा श्रेष्ट्रा (२**॥** प्रः)—श्रीमद्रांकत्रश्चन वत्नांभीधारेत्र अम्, अ।
- ১৫। লাইকা (२র সংসরণ)—খীমতী হেমন্লিনী দেবী।
- ১৬। আস্ক্রেছা (২র সংকরণ)—শ্রীমতী নিজ্পমা দেবী।
- ১৭। द्वारा क्रास्ट (महिता)—बीउक्कमनाप वत्मार्गाधांत्र ।
- ১৮। মকল পাঞ্জাবী (২য় সংস্করণ)— শীর্ণেরানাথ দত্ত।
- ১৯। जिल्लाहरू शिवडी न माइन मन खरा।
- २ । शासकात वाफी-श्रेम्नी अथगान म सिविकाती ।
- ২১। মধ্পক -- এতে মেকুকুমার রার।
- २२। सीलाव स्वथ-- श्रीमानामाइन प्राप्त वि-अन ।
- ২০। অু⊂খর হার (২র সংক্ষরণ)—শীকালীপ্রসর দাশগুর এম, এ।
- ২৪। মধ্মক্লী-এমতী অনুরূপা দেবী।
- २८। जांबाज फाट्यजी-श्रीमठी काक्ष्ममाना (परी)।
- ২৬। ফুলের ভোড়া-এমতী ইন্দিরা দেবা।
- ২৭। ফরাদী বিপ্লবের ইতিহাদ—শীপ্রেল্ডনাণ ঘোষ।
- २४। श्रीप्रस्किनी-शिलावसनाथ वद्र।
- २२। मदा-विद्धान-वधानक बिहाकहन छहे।हार्या अम. अ।
- ৩ । নববর্ষের স্থাপ্--শ্রীদরলা দেবী।
- ৩)। নীলমাশিক-রার দাহেব শ্রীদীনেশচন্ত্র দেন বি, এ।
- ৩২। হিসাব নিকাশ-শ্রীকেশবচন্ত্র গুরু এম, এ, বি, এল।

্র ১৩০ ।• মায়ের প্রজাদ—শ্রীণীরেক্তনাথ ঘোর্ব।

- ৩৪। ইংরাজী কাব্যকথা- খ্রীমাণ্ডোর চটোপাগ্যায় এম. এ
- ংং। জ্বলাচ্ছি এমণিলাল গ্লোপাধ্যায়।
- ে। ব্রাহ্মণ পরিবার—গ্রীরামকক ভটাচার্য।
- ৩৮। প্রথেশ্বপথে— শী অবনী ক্রনাথ ঠাকুর, সি. আই, ই ।
- ৩৯। ক্রবিশ জ্ঞান্তোবী—গ্রীজনধর সেন।
- 80। ट्यांस अरथ-शैकानी अमन मामल ख वम, व।
- । পরিশাম এওরদাস সরকার এম, এ।
- १२। अझीजानी-शिखालस्वनाथ ७४।
- ে। জ্ঞানী—নিতাক্ষ বন্ধ।
- es। তাত্মিয়া উৎদ--- শ্রীবোগেন্দ্রকুমার চটোপাধ্যার।
- ১৫। অপতিভিতা—শ্রীপার্মালাল বন্দ্যোপাধার বি. এ।
- ৪৬। এত্যাবর্ত্ম- এরেমেপ্রপ্রসাদ ঘোষ।
- । क्रिडीयश्रक-छाः श्रीनदान्त प्रमुख्य, अप-अ, फि-अनः
- ় চাবে এণরৎচন্দ্র চটোপাধার। (ধর্ম)

૧૦૧ કન્યુ કંમાલને ફ્રીવ્ર' ક**્યુલનાત** જ્રિક્તમાં અરહી તાલુકાન સહેત

=প্রিস্নজনকে উপহার দিবার— ক'্য়েকখানি শ্রেষ্ঠ গ্রন্থ

3 - 14 - PO

>শব্যা —জীম্বরেন্দ্রনাথ রায় · · ·		211
বিন্দুর ছেলে—শ্রীশরংচন্দ্র চট্টোপাধ্যায়	•	>110
নিলন-মন্দির—এত্তরেল্নোচন ভট্টাচার্য্য		? ~
শ্বিষ্ঠা—এফুরেন্দ্রনাথ রায় ···		>/
व्याची —⊌व्यवस्थान स्थापन स्यापन स्थापन स्यापन स्थापन स्	•••	>,
वाना-एउजनाकाउ तम		511
বিরাজ-খৌ–ঐশরৎচক্র চট্টের	•••	
ৰ্মিতা—এমতা শৈলবালা ঘোষত		2
অফল-স্মপ্র—ভীহারসাধন মুখোপানা	•••	311
সাবিত্রী-সতাবান্—এখনের 🚧 রায়	•••	<u></u>
সীতাদেবী-শুজনধর সেন …	•••	
क्टिं — बीमंबर्टन हरिंग्रेशियां ···	•••	2 3
ক্রতেপর মূল্য-শ্রীহবিসাধন মুখোপালায়	•••	21/0
কল্যাপী—ধর্ডনীকাস্ত সেন	•••	31
নারীলিপি-জীহরেন্দ্রনাথ রায়	•••	210
মেজ বউ—শিবনাথ শাস্ত্রী · · ` `	•••	2:
ভ্ৰমৱ—ধীরেজনাথ পাল	•••	>1
ভনা—এপাচকছি বন্যোপাধ্যায়	•••	20/
গুরুদাস চট্টোপাধ্যায় এ গু	্নন .	
खुक्षान beginal के व		٠٠
२०५, केनल्याणार व	41V)	